ইউনিট ১

# CBI

## ক্রিশ্চিয়ান ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট



## শিক্ষকদের বই
## সব বয়সের জন্য

# সিআইডি:
# ক্রিশ্চিয়ান ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট

সানডে স্কুল

ইউনিট ১

## শিক্ষকদের বই

সব বয়সের জন্য (৪-১৫ বছর পর্যন্ত)

শিশুরা গুরুত্বপূর্ণ

পুরো “শিশুরা গুরুত্বপূর্ণ” টিমের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি!

Chief Editor: Kristina Krauss

Creative Team: Angie Kangas, Dwight Krauss, Flor Boldo, Jennifer Sánchez Nieto, Jon Kangas, Julio Sánchez Nieto, Mike Kangas, Monserrat Duran Díaz, Rubén Darío, Suki Kangas, Verónica Toj, and Vickie Kangas.

Translation Team: Ali Atuha, Aline Xavier, Annupama Wankhede, Aroma Publications, Benjamin Gaxiola, Blessie Jetender, Blessy Jacob, Carla Mayumi, David Raju, Diana de León, Ephraim Njuguna Mirobi, Finny Jacob, Jacob Kuruvilla, Jetender Singh, Marcos Rocha, Mary Amelia Hernández, Mathew Das, Nassim Bougtaia, Paul Mwangi, Paul Septan, Rubina Rai, Sabrina Benny John, and SubtitleMe.

# সিআইডিতে আপনাদের স্বাগতম... "ক্রিশ্চিয়ান ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট"!!!

'চিলড্রেন আর ইম্পর্টেন্টের' পক্ষ থেকে আপনাদের চার্চ, এলাকা বা কমিউনিটিতে সানডে স্কুল ক্লাস বা সাপ্তাহিক বাইবেল প্রশিক্ষণের জন্য আরো এক বছরের সুযোগ দিতে পারছি বলে আমরা আনন্দিত। এই প্রকল্পে আপনার শিক্ষার্থীরা নিজেকে স্পেশাল এজেন্ট বা গোয়েন্দা হিসেবে কল্পনা করবে এবং প্রতি সপ্তাহেই তাদের একটি করে কেস সমাধানের সুযোগ পাবে। জনপ্রিয় টিভি শো "সিএসআই" বা "ক্রাইম সিন ইনভেস্টিগেশন" এর মতোই আপনার শিক্ষার্থীরা গোয়েন্দা পুলিশ এবং বিজ্ঞান-প্রযুক্তি নিয়ে কাজ করবে, যেখানে তারা প্রতি কেস নিয়ে পরীক্ষা চালাবে এবং ছবি তুলবে। আপনার সৃজনশীলতা দিয়ে আপনাদের চার্চ ক্লাসরুমকে রূপান্তর করুন সায়েন্স ল্যাবে, আপনার শিক্ষকদের বিজ্ঞানী-প্রযুক্তিবিদ বা গোয়েন্দা পুলিশের পোশাক পরিধান করতে বলুন। সানডে স্কুলে আমি যখন শিক্ষকতা করেছি, যাজকদের সন্তানরা অথবা নিয়মিত চার্চে আসা শিশুরা বাইবেলের কমন সবগুলো গল্প সম্পর্কেই পরিচিত ছিল। আমি তাদের নোয়া'র নৌকা বা জোনাহ এবং তিমির গল্প বলা শুরু করলেই তারা গোঙানি শুরু করতো, কারণ এসব গল্প তাদের আগে থেকেই জানা ছিল। আমি যতবারই নতুনভাবে ক্লাসে গল্পগুলো বলার চেষ্টা করতাম, ততই বুঝতে পারলাম আমার পদক্ষেপগুলো ঠিক একই রকম থেকে যাচ্ছে, আর আমার শিক্ষার্থীরাও তাতে একঘেঁয়ে হয়ে যাচ্ছিল।

এই সমস্যার কথা চিন্তা করেই 'চিলড্রেন আর ইম্পর্টেন্টের' স্টাফরা নিয়ে এসেছে সম্পূর্ণ নতুন একটি ধারণা, যেখানে শিক্ষক-শিক্ষিকারা অর্থাৎ আমরা শিক্ষার্থীদের কোনো গল্প শোনাবো না! এর পরিবর্তে আপনার শিক্ষার্থীরা প্রতি সপ্তাহে কেস সমাধান করার কাজে নেমে পরবে এবং তা থেকে তারা কি শিখেছে তা আপনাকে শোনাবে! তবে আপনি শিক্ষকদের বইটি আপনার শিক্ষার্থীদের দেখাতে পারবেন না বা উত্তর সূত্রগুলোও আপনি দেখতে পারবেন না, যতক্ষণ পর্যন্ত না শিক্ষার্থীরা নিজেরা নিজেদের গল্প তৈরি করতে না পারছে। এটা খুবই গুরুত্বপূর্ণ। প্রতি সপ্তাহে আপনার শিক্ষার্থীদের দেয়ার জন্য আপনি পাচ্ছেন পাঁচটি সূত্র, যা তাদের কল্পনাশক্তি বাড়াতে অনুপ্রাণিত করবে। শিক্ষার্থীরা যখন সূত্রগুলো নিয়ে ভাববে, আপনি কখনোই তাদের ধারণাগুলো স্বীকার বা অস্বীকার করবেন না, এতে করে ক্লাসের প্রথমদিকে সবাই বাইবেলের গল্পগুলো উপভোগ করার সুযোগ পাবে।

কেস সমাধান করা হলে, আপনি সানডে স্কুল ক্লাসের নিয়মিত অংশ শুরু করবেন: বাইবেলের গল্প, শ্লোক স্মৃতিচারণ এবং ব্যবহারিক প্রয়োগ। এই প্রকল্পের আরো গভীরে ঢোকার জন্য, আমরা শিক্ষার্থীদের জন্য সাপ্তাহিক হোমওয়ার্ক অ্যাসাইনমেন্ট সংযুক্ত করেছি। উদাহরণসরূপ, প্রথম সপ্তাহে তারা জানবে, ঈশ্বরের জন্য তারা ছোট হয়েও অনেক বড় কিছু করতে পারে। হোমওয়ার্ক অ্যাসাইনমেন্টের ক্ষেত্রে তাদের প্রতি সপ্তাহে বাড়িতে কিছু বিশেষ কাজে অংশ নিতে হবে, যেমন- বাসন ধোয়া, বা এমন কিছু যা বাড়িতে তাদের নিয়মিত কোনো কাজ নয় এবং তাদের অনুধাবন করানো যে, তাদের নিয়মিত কাজের বাইরে বড় কিছু করার মাধ্যমে তারা ঈশ্বরের আশীর্বাদপুষ্ট হতে পারে।

সানডে স্কুল ক্লাসের নিয়মিত অংশের শেষে, আরো থাকছে অতিরিক্ত মজার ফান টাইম। প্রতি সপ্তাহে থাকছে একটি খেলা, আলোচনার জন্য প্রশ্ন, ধাঁধাঁ-সম্বলিত শিক্ষার্থীদের জন্য পাতা এবং রং করা ও মজার বিজ্ঞানিক অভিজ্ঞতা নিয়ে তৈরি করা পাগলাটে বিজ্ঞানী চরিত্র "ড. লুকাস"। আপনি চাইলে সেসব পরীক্ষা ক্লাসে বা বাইরে ভিডিও তৈরি করেও করতে পারেন।

আমাদের যাজকদের জন্য সব সময়ের মতো এই বছরের প্রকল্পের সব কন্টেন্টও বিনামূল্যে প্রদাণ করা হচ্ছে। আপনি যদি কোনো গ্রামীণ এলাকাও বসবাস করে থাকেন, তাহলে শিক্ষকরা ইন্টারনেট থেকে এটি ডাউনলোড করে নিতে পারবেন, এক্ষেত্রে আপনি শিক্ষার্থীদের জন্য কপি করবেন কিনা সে সিদ্ধান্তও গ্রহণ করতে পারবেন। "ক্রিশ্চিয়ান ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টে" আপনি প্রচুর ক্লাসের কাজ পাবেন, ফলে আপনি যদি শিক্ষার্থীদের কপি না-ও তৈরি করতে চান, তাহলেও আপনি কাজ চালাতে পারবেন। আর এই প্রকল্প চালাতে আপনার চার্চে ইন্টারনেট সংযোগেরও কোনো প্রয়োজন হচ্ছে না! একজনকে শুধু এটি আগে থেকে ডাউনলোড করে নিতে হবে আর চার্চে এসে তা দেখানো যাবে!

আসুন সানডে স্কুলের নতুন এবং আকর্ষণীয় এই প্রকল্পে আমরা অংশগ্রহণ করি! আপনার শিক্ষার্থীরা এখান থেকে ডেভিড, গোলিয়াথ, এসথার, সৃষ্টি, যিশুর পুনরুত্থান, সেনাপতির বিশ্বাস এবং আরো ৩৯টি শিক্ষামূলক গল্প শিখবে। সিআইডি'র তিনটি ইউনিটের মধ্যেই এসব অন্তর্ভুক্ত।

আপনার ক্লাসকে আরো বিনোদনমূলক এবং আকর্ষণীয় করার এই চ্যালেঞ্জ গ্রহণ করুন! ল্যাব কোট পরিধান, বৈজ্ঞানীক পরীক্ষা, "অপরাধ স্থলে" হলুদ টেপ ব্যবহার করে, যাকে এখানে বলা হচ্ছে "বাইবেল স্থল" আপনিও এবার হয়ে উঠুন আরো বেশি সৃজনশীল। আপনার শিক্ষার্থীদের মতোই আপনি এ বছরের সেরা বিনোদনের অংশীদার হতে যাচ্ছেন!

আপনার শিশুদের সামনে নতুন ও আকর্ষণীয় এই শিক্ষাক্রম উপস্থাপনে ঈশ্বর আপনার সহায় হোন!



ঈশ্বরের স্মরণে,
Kristina Krauss

# --[ যেভাবে ব্যবহার করবেন ]—



প্রিয় শিক্ষক-শিক্ষিকাবৃন্দ, ইনভেস্টিগেশন বাইবেল প্রোগ্রামে আপনাদের স্বাগতম! আমরা আশা করছি, আপনারা শিক্ষার্থীদের, এবং একই সঙ্গে, নিজেদের শিক্ষার মাধ্যমে বিনোদনে দিতে সফল হবেন! এই কর্মসূচী সানডে স্কুল, শিশুদের চার্চ, বা সাপ্তাহিক ক্লাব মিনিস্ট্রিতে আয়োজন করা যেতে পারে। এতে ব্যবহৃত দৃশ্যাবলী আপনাদের জন্য আমাদের ওয়েবসাইটে দেয়া হয়েছে, যাতে করে আপনারা বড় স্ক্রিন কিংবা মোবাইলে সেগুলো শিক্ষার্থীদের দেখাতে পারেন। আমরা আরো আশা করি, আপনারা এই কারিকুলামের ৩টি ইউনিট উপভোগ করবেন, যা আপনাদের ৯ মাস সময় নেবে। প্রথম ইউনিটে ১৩টি লেসন আছে, এবং বাকি দুটি ইউনিটে আপনারা মোট ৩৯টি লেসন পাবেন।




**প্রস্তাবিত শিডিউল: (২- ২১/২ ঘন্টা)**

- ৫টি সূত্রের সঙ্গে পরিচয় করিয়ে দিন (২৫ মিনিট)
  - শিরোনাম (৩ মিনিট)
  - নাটক (১০ মিনিট)
  - সামগ্রী (৩ মিনিট)
  - প্রত্নতত্ত্ব (২ মিনিট)
  - বাইবেল স্থল (৭ মিনিট)
- মূল লেসনে সময় (৩৫ মিনিট)
  - বাইবেলের গল্প / কেস সমাধান! (১৩ মিনিট)
  - ব্যবহারিক প্রয়োগ (২ মিনিট)
  - শ্লোক স্মৃতিচারণ (১৫ মিনিট)
  - অ্যাসাইনমেন্ট (৩ মিনিট)
  - ঈশ্বরের ডিএনএ (২ মিনিট)
- ফান টাইম! (১ ঘন্টা)
  - গেইম (১৫ মিনিট)
  - আলোচনা (১৫ মিনিট)
  - শিক্ষার্থীদের পৃষ্ঠা (১৫ মিনিট)
  - লুকাসের পরীক্ষণ (১৫ মিনিট)
- ঐচ্ছিক “বলোতো কে” গেইম (৩০ মিনিট)



# সূত্র!

আপনার “গোয়েন্দাদের” সাথে সূত্র নিয়ে ক্লাস শুরু করুন এবং কেস সমাধান করতে থাকুন। এতে তাদের ৫-১৫ মিনিট পর্যন্ত সময় লাগতে পারে এবং এটি উপভোগ করার বিষয়টি নির্ভর করছে আপনারই উপর! প্রতিটি লেসনে আপনি পাচ্ছেন ৫টি করে সূত্র। সূত্রগুলো আপনি মোবাইল ফোন বা ক্লাসে তৈরি করে শিক্ষার্থীদের অনুসন্ধানে উদ্ব◌ূদ্ধ করতে পারেন।

## সূত্র #১ শিরোনাম

**প্রথম সূত্রটি হচ্ছে লেসনের প্রকৃত শিরোনাম। শিক্ষার্থীদের শিরোনামটি পড়ে শোনান বা সেটি প্রিন্ট করে এনে তাদের দেখান। উদাহরণস্বরূপ, ডেভিড ও গোলিয়াথের গল্পটি** “ভোঁতা বস্তুর আঘাতে ব্যাথার কেস” হিসেবে উল্লেখ করা হয়েছে। ভোঁতা বস্তুর আঘাত বলতে বোঝানো হয়েছে, ডেভিড যেই পাথড় দিয়ে গোলিয়াথকে আঘাত করেছিল। গোয়েন্দা এবং ময়নাতদন্তকারীর আদলে এভাবে শিরোনাম উল্লেখ করা হয়েছে যেন আপনার বাইবেল ক্লাসটি আরো বেশি উপভোগ্য ও মজার হয়। মনে রাখবেন, শিক্ষক-শিক্ষার্থীদের উদ্দেশ্যে তৈরি করা বইটি কখনোই শিক্ষার্থীদের দেখানো যাবে না। আগেই গল্প জেনে ফেলা বা নকল করা ঠেকাতেই সেটি দেখাতে নিষেধ করা হচ্ছে।



## সূত্র #২ নাটক

প্রতি সপ্তাহের জন্য প্রদত্ত দ্বিতীয় সূত্রটি হচ্ছে নাটক। শিক্ষকদের বা শিক্ষার্থীদের ডেকে এনে অভিনয় করে নাটকটি সবাইকে দেখাতে বলুন। এর উদ্দেশ্য বাইবেলের মূল গল্পটি না বলে শিক্ষার্থীদের সামনে আরেকটি সূত্র উপস্থাপন করা। ডেভিড ও গোলিয়াথের গল্পে একজন সৈনিক বাড়ি ফিরে আসে এবং তার স্ত্রীর সঙ্গে কথা বলে। ওই সৈন্য একজন ফিলিস্তিনি এবং সে তার স্ত্রীকে জানায় কিভাবে তারা যুদ্ধে পরাজিত হয়েছে। তারা “অতিকায়” একজন ব্যক্তির কথা উল্লেখ করে এবং যার ভাইও অনেক লম্বা। (গোলিয়াথের নাম উল্লেখ না করে)।. বাইবেলে অবশ্য অতিকায় নামের কোনো ভাইয়ের অস্তিত্ব নেই, নাটকটিকে আরো উপভোগ্য করে তোলার জন্যই এটি আনা হয়েছে।



## সূত্র #৩ সামগ্রী

প্রতিটি লেসনে কিছু না কিছু বস্তু ক্লাসে নিয়ে আসতে বলা হয়েছে। বস্তুগত এই উপাদানগুলো আপনার শিক্ষার্থীরা স্পর্শ ও অনুভব করতে পারে। এগুলো তাদের বাইবেলের গল্প বুঝতে সাহায্য করবে। উদাহরণ দেয়া লেসনে, সামগ্রী হিসেবে ক্লাসে ৫টি পাথর নিয়ে আসতে বলা হয়েছে। শিক্ষার্থীরা যদি এই সূত্র থেকে ডেভিডের নদীর পাড় থেকে পাথর কুড়িয়ে আনার সম্পর্ক স্থাপনে সক্ষম হয়, তবে তাদের হ্যাবোধক বা নাবোধক কোনো উত্তর দেবেন না। কারণ, আপনার

উচিত হবে শিক্ষার্থীদের যতক্ষণ সম্ভব এই সূত্রগুলো নিয়ে চিন্তা করানো যায় তা নিশ্চিত করা।

## সূত্র #৪ প্রত্নতত্ত্ব




প্রতি লেসনের ৪র্থ সূত্রটি হচ্ছে সত্যিকারের কিছু প্রত্মতাত্ত্বিক নিদর্শণ। এখানে গথ শহরের সত্যিকারের ধ্বংসাবশেষ দেখানো হয়েছে। বর্তামানে এটি তেল জাফিতের ন্যাশনাল পার্কে অবস্থিত। (গোপন ইঙ্গিত: গোলিয়াথের বাড়ি ছিল ফিলিস্তিনি শহর) আপনি ছবিটি দেখিয়ে উল্লেখ করতে পারেন এটি প্রাচীণ গথ শহর, তবে গোপনীয় তথ্যগুলো প্রকাশ করা যাবে না। কারণ বেশিরভাগ শিক্ষার্থীই জানবে না যে, গথ হচ্ছে গোলিয়াথের শহর। ফলে আপনার লেসনের গোপনীয়তা রক্ষা পাবে!

## সূত্র #৫ বাইবেল স্থল



প্রতি সপ্তাহের বাইবেলে স্থলের শেষ সূত্রটি হচ্ছে, এমন একটি দৃশ্য যা আপনারা গোয়েন্দাদের ক্রাইম সিন হিসেবে যেমন দৃশ্য দেখে থাকেন ঠিক তেমন।



উদাহরণস্বরূপ, এই বাইবেল স্থলটি অ্যানানিয়াস ও সাফিরার লেসন থেকে নেয়া যেখানে তারা পরে ছিল। আপনি চাইলের আমাদের দেয়া ড্রয়িং ব্যবহার করতে পারেন অথবা আপনি চাইলে কোনো দৃশ্য তৈরিও করতে পারেন, সেখানে শরীরের চারপাশে আউটলাইন তৈরি করে শিক্ষার্থীদের সেটি নিয়ে অনুসন্ধান চালানোর নির্দেশ দিতে পারেন। ছবিতে দেখতে পাচ্ছেন, এই চার্চে পুলিশ টেপ দিয়ে এলাকাটি ঘিরে ফেলা হয়েছে। এতে শিক্ষার্থীদের অনুসন্ধানের অংশটি হয় আরো উপভোগ্য। মেঝেতে তারা চক দিয়ে শরীরের আবয়ব এঁকে দিয়েছে।

# কেস সমাধান কেস সমাধান

## কেস সমাধান!

আপনার শিক্ষার্থীরা যখন সূত্রগুলো নিয়ে অনুসন্ধান শেষ করবে, তাদেরকে কেসটি সমাধান করতে বলুন অথবা এর পেছনের বাইবেলের গল্পটি তাদের শোনাতে বলুন। আপনার যদি এমন কোনো শিক্ষার্থী থেকে থাকে যারা কয়েক বছর ধরে চার্চের ক্লাসে অংশ নেয়নি, তারা হয়তো এই নিয়মে কিছুটা বিব্রত হবে বা কেস সমাধান করতে সক্ষম নাও হতে পারে। সেক্ষেত্রে তাদের কাছে বাইবেলের গল্পটি বলে দিলে তাতে কোনো সমস্যা নেই। তারা যদি সঠিক ঘটনাটি উদ্ঘাটন করতে নাও পারে তবুও এই প্রক্রিয়াটি তারা উপভোগ করবে!

### বাইবেলের গল্প



সব সূত্র নিয়ে অনুসন্ধান শেষ করার পর এবং চলতি সপ্তাহের জন্য শিক্ষার্থীদের বাইবেলের গল্পটি বলার পর সাধারণ সানডে স্কুলের মতো করে গল্প শোনাবেন। উদ্ধৃতি থেকে আপনি বাইবেলের আসল গল্পটি খুঁজে বের করুন অথবা শিক্ষক-শিক্ষিকার বই থেকে আপনি তাদের তা পড়ে শোনান। শিক্ষক-শিক্ষিকার বই থেকে পড়ে শোনালে বাইবেলও আপনার কাছে রাখুন এবং তা খুলে দেখান। প্রতি সপ্তাহে সেখানে গল্প থেকে নেয়া নায়ক বা খলনায়কের ড্রয়িং বা কার্টুন থাকবে। ডেভিড ও গোলিয়াথের লেসনে গোলিয়াথের ছবি এঁকে দেয়া হয়েছে।

বাইবেল জনগণ কার্ড সঙ্গে জুড়ে দেয়া হয়েছে। এগুলো এটেন্ডেন্টস কার্ড হিসেবে ব্যবহার করা যায়, অথবা "বলোতো দেখি" খেলায়ও এগুলো ব্যবহার হতে পারে। কিভাবে খেলত হবে তার নির্দেশনা "কিভাবে" সেকশনে দেয়া হয়েছে।

### ব্যবহারিক

লেসনের শেষে, বাস্তব জীবনে এর ব্যবহার নিয়ে আলোকপাত করুন। ডেভিড ও গোলিয়াথের লেসনের ক্ষেত্রে, এর প্রয়োগ হচ্ছে, "আমি ছোট হলেও বড় কিছু করতে পারি।" আপনার শিক্ষার্থীদের সঙ্গে কথা বলুন, ঈশ্বর কিভাবে ডেভিডকে ব্যবহার করে বড় কিছু সাধন করেছিলেন, যদিও সে কম বয়সী ছিল। ঈশ্বর কিভাবে শিক্ষার্থীদের ব্যবহার করতে পারেন তা নিয়েও আলাপ করুন।

### শ্লোক স্মৃতিচারণ

প্রতি সপ্তাহে বাইবেল থেকে উদ্ধৃতি বাস্তব জীবনের সঙ্গে মানানসই করে নির্ধারণ করা হয়েছে। কিছু সময় নিয়ে আপনার শিক্ষার্থীদের বাইবেলের লাইন মুখস্ত করতে সাহায্য করুন।

### অ্যাসাইনমেন্ট

প্রতি সপ্তাহে আপনার শিক্ষার্থীদের জন্য থাকছে অ্যাসাইনমেন্ট যেন তারা সপ্তাহজুড়ে কোনো কিছু নিয়ে ব্যস্ত থাকতে পারে। আর এটাই কারিকুলামের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ! ঈশ্বর চান, আমরা পৃথিবীতে শুধু শুনেই যাবো না, বরং কোনো কিছু করে দেখাবো! শিক্ষার্থীরা চার্চে যা শিখবে তা তাদের জীবনে করবেও এবং সেটা খুবই গুরুত্বপূর্ণ। যে সপ্তাহে কোনো লেসন থাকবে না, সে সপ্তাহে বাইবেল লাইন মুখস্ত করতে বলে আপনার শিক্ষার্থীদের কপট বানাবেন না। আমরা কপট বানানোর ভুল করতে চাই না! তাই সাপ্তাহিক লেসনের সঙ্গেই থাকুন।

## ঈশ্বরের ডিএনএ




এই সেকশনের মাধ্যমে আমরা ঈশ্বরের সম্পর্কে জানতে পারি, যা বাইবেলের লেসনের ওপর ভিত্তি করে লেখা। উদাহরণস্বরূপ, ডেভিড ও গোলিয়াথের লেসনে আমরা জানতে পারি, ঈশ্বর তার পরিকল্টনা বাস্তবায়নে মানুষকে ব্যবহার করেন।



# ফান টাইম!

## গেমস

আপনার ক্লাসের খুবই জরুরি একটি অংশ হচ্ছে গেমস। এর জন্যই শিক্ষার্থীরা বারবার ক্লাসে ফিরে আসবে! কারণ বাচ্চারা গেইম খেলতে খুব পছন্দ করে, আর আপনি যদি প্রতি ক্লাসে খেলার আয়োজন করতে পারেন, আপনি দেখতে পারবেন প্রতি সপ্তাহে কিভাবে আপনার শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পায়। আপনার ক্লাসে যত শিক্ষার্থী থাকবে, আপনি ততগুলো জীবনকে বদলে দিতে পারবেন!

## আলোচনা



প্রতি সপ্তাহের জন্য আমরা আপনাকে দিচ্ছি তিনটি করে চ্যালেঞ্জিং প্রশ্ন, যাতে করে আপনার শিক্ষার্থীরা আরো বেশি আলোচনায় অংশ নিতে ইচ্ছুক হয়। আর আলোচনা চালিয়ে যাওয়ার সর্বত্তোম উপায় হচ্ছে, কোনো উত্তর না দেয়া, কিন্তু তাদেরকে প্রতিটি প্রশ্নে আলোচনায় অংশগ্রহণ করানো। তারা যত বেশি যুক্তিতর্ক স্থাপন করবেন, আপনার কাজ তত সফল! তাই, বিতর্ক চলতে দিন এবং শিক্ষার্থীদের আসল মনোভাব বোঝার চেষ্টা করুন। আমরা শিক্ষক-শিক্ষিকার বইয়ে উত্তর বলে দিয়েছি, ফলে আলোচনা সমাপ্ত হলে আপনি নিজের মতামত শেয়ার করা সুযোগ পাবেন।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর

এই কর্মসূচীতে আরো আছে শিক্ষার্থীদের পৃষ্ঠা যা আপনি ক্লাসের কার্যক্রম হিসেবে ব্যবহার করতে পারবেন। শিশুরা রং করতে, শব্দ খুঁজতে ভালোবাসে, আর আমরা আশা করি শিক্ষার্থীদের পৃষ্ঠা ব্যবহার করে আপনি ক্লাসকে আরো উপভোগ্য বানাতে পারবেন। এই সেকশনে, শিক্ষার্থীদের পৃষ্ঠার ৪ স্তরে আপনি ধাধার উত্তর খুঁজবেন।

## লুকাসের পরীক্ষণ

আপনার ক্লাসের চূড়ান্ত কার্যক্রম হচ্ছে একটি বৈজ্ঞানিক পরীক্ষণ, যেখানে আপনি সঙ্গী হিসেবে পাবেন পাগলাটে বিজ্ঞানী লুকাসকে! প্রতি সপ্তাহে সে আপনাদের দেবে নতুন বৈজ্ঞানিক পরীক্ষা যা আপনি ক্লাসের একটি কার্যক্রম হিসেবে চালাতে পারবেন। আপনি চাই, ভিডিওগুলো শিক্ষার্থীদের সঙ্গে একসঙ্গে দেখতে পারেন, অথবা নিজেই আগে দেখে নিতে পারেন, ছবিতে এই শিক্ষিকা ল্যাবরেটরি কোট পরে পরীক্ষা চালাচ্ছেন।





## বলোতো দেখি গেইম




আপনার ক্লাসের একটি ঐচ্ছিক কার্যক্রম হচ্ছে বাইবেলে বর্ণিত চরিত্রদের নিয়ে তৈরি করা গেইম- "বলোতো দেখি" এটি একটি ঐতিহ্যবাহী খেলা যা সঙ্গীদের সঙ্গে অথবা দুইজন শিক্ষার্থী একে অন্যের বিরুদ্ধে খেলতে পারে।
১৩টি কার্ড প্রতি শিক্ষার্থীদের জন্য একটি করে প্রিন্ট করুন। শিক্ষক বা শিক্ষিকার কাছেও সব কার্ড একসঙ্গে থাকতে হবে। এই গেইমটি খেললে আপনার শিক্ষার্থীরা বাইবেলে বর্ণিত চরিত্রগুলোর সঙ্গে আরো বেশি পরিচিত হয়ে উঠবে।
একটি কার্ড বা শক্ত কাগজ ভাঁজ করে কার্ডগুলোকে সেখানে স্থাপন করুন। খেলাটি হচ্ছে, শিক্ষক বা শিক্ষার্থীদের কাছে কোন বাইবেল ব্যক্তিত্বটি রয়েছে তা অনুমান করা। প্রত্যেকেই একটি করে বাইবেল ব্যক্তিত্ব নির্ধারণ করুন এবং তা নিজের সঙ্গীর কাছে জানিয়ে গোপন রাখতে বলুন।
বাইবেলের চরিত্রগুলোর চারিত্রিক ভিন্নতাগুলো লক্ষ্য করুন, তাদের চোখে রং, চুলের রং, দাড়ি আছে কি নেই, টুপি পরতো কিনা, তাদের নাক ও কানের আকৃতি, এবং তারা কি নারী না পুরুষ, তা সবই এর অন্তর্ভুক্ত। প্রথম খেলোয়ার একটি প্রশ্ন দিয়ে শুরু করবে, এবং দ্বিতীয় খেলোয়ার শুধুমাত্র "হ্যা" বা "না" দিয়ে তার উত্তর দেবে। প্রতিবার মাত্র একটি প্রশ্ন করা যাবে। আপনি যখন একটি উত্তর পাবেন, তখন



আপনার কাছে কার্ডটি না থাকলে সেটি নিচু করে রাখতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি যদি আপনার সঙ্গীকে জিজ্ঞাসা করেন, এটি কি নারী? আর আপনার সঙ্গী যদি উত্তর দেয় "না", তাহলে আপনি সব নারী চরিত্রগুলোকে নিচু করে রাখতে পারেন। এভাবে প্রশ্ন চলতে থাকবে, যতক্ষণ না পর্যন্ত আপনি সঠিক চরিত্রটি উদঘাটন করতে না পারছেন!
এই কর্মসূচীতে ৩টি উনিট অন্তর্ভুক্ত, যা দিয়ে ৯ মাস ক্লাস চালানো যাবে। এতে থাকবে তিন সেট বাইবেল ব্যক্তিত্ব, বছর শেষে আপনি পাবেন ৩৯ জন বাইবেল চরিত্র।

# --[ কেস ১ ]--

## সূত্র! (লেসন ১)

### সূত্র #১ শিরোনাম (লেসন ১)

ভোঁতা বস্তুর আঘাতে ব্যাথার কেস

### সূত্র #২ নাটক (লেসন ১)

বর্ণনাকারী: এই গল্পটি কাল্পনিক। কিন্তু নির্দোষদের রক্ষা করতে কিছু নাম ও স্থান গোপন করা হয়েছে।
সেনা: ওগো, তুমি বিশ্বাস করবে না, কেমন দিন আমি কাটিয়ে এসেছি। আজ কোনো মতে আমি বেঁচে এসেছি!
স্ত্রী: আমি তো তোমাকে আগেই যেতে নিষেধ করেছি। কিন্তু তুমি তো আমার কথা শুনতেই চাও না।
সেনা: হ্যা, তুমি ঠিকই বলেছিলে। কিন্তু আমার প্রিয়তমা, সেখানে না থাকলে তো সেখানে কি ঘটছে তা তো জানা যেত না।
স্ত্রী: আমার বাবার তলোয়ার কোথায়?
সেনা: [ফিসফিসি করে] এফেসে ডামিমের তাঁবুতে আমি ওটা ফেলে এসেছি।
স্ত্রী: না সৈনিক, তুমি এখনই সারাইম সড়কে ফিরে যাও এবং ওটা নিয়ে আসো।
সেনা: আমি পারবো না। ওরা আমাকে মেরে ফেলবে।
স্ত্রী: তুমি যদি না যাও, তবে এখানে থাকারও তোমার তেমন কোনো সুযোগ নেই।
সেনা: আমি জানি তুমি রেগে যাচ্ছ। কিন্তু তোমার বাবার তলোয়ার আনতে আমি ফেরত যাচ্ছি না।
স্ত্রী: [দীর্ঘশ্বাস ফেলে] তুমি যদি খুব বেশি ভয় পেয়ে থাকো, তবে আরো ভালো কাউকে, তার বড় ভাইকে নিয়ে যাও।
সেনা: আমি পারবো না। তার ভাই মারা গেছে। আমরা পরাজিত হয়েছি।
স্ত্রী: [হাতে থাকা রুটির আটা পরে গিয়ে সারা মেঝেতে ছড়িয়ে যায়] ওহ, প্রিয়, কি হয়েছে?
সেনা: আমি তোমাকে বলেছি, এটা খুব অদ্ভূত একটা ব্যাপার ছিল। আমরা সোকোহ'র কাছে এফিসে অভিযান চালাচ্ছিলাম। আমরা তাদের গত এক মাস ধরে কোণঠাসা করে রেখেছিলাম। বিফের বড় ভাই প্রতিদিনই সেখানে যেত এবং তার সঙ্গে লড়াই করার চ্যালেঞ্জ জানাতেন। তিনি তাদের খুব উপহাস করতেন। এটা এতই মজার একটা ব্যাপার ছিল যে, আমরা দেহবর্ম ছাড়াই সেখানে যাওয়া শুরু করে দিয়েছিলাম। আমরা শুধু সেখানে যেতাম আর দাঁড়িয়ে দাঁড়িয়ে তাদের নিয়ে উপহাস করতাম। আমি তোমার বাবার তলোয়ারটা তাঁবুতে রেখে এসেছিলাম, যেন সেটি না হারায়।
স্ত্রী: তাঁবুতে? তুমি কি তাঁবুটি ফেরত আননি?
সেনা: না।
স্ত্রী: ঢোঁগ গিলে, এ বছর তুমি অভিযান চালাবে কি করে?
সেনা: প্রিয়তমা, কারো কাছেই এখন আর কোনো তাঁবু নেই, নেই তলোয়ারও, আমি ভাগ্যবান ছিলাম যে আমি দ্রুত পালিয়ে আসতে পেরেছি। শুধু এটা ভেবেই খুশি থাকো যে, আমি ঘরে ফিরে আসতে পেরেছি। অনেকেই তাও পারেনি।
স্ত্রী: আচ্ছা ঠিক আছে। ঘরে তোমাকে স্বাগতম। আমরা কোনোভাবে চালিয়ে নেব। আমি তোমাকে খুব মিস করেছি।
সেনা: আমিও তোমাকে খুব মিস করেছি।

## সূত্র #৩ সামগ্রী (লেসন ১)


সূত্র হিসেবে এই সামগ্রীগুলো ক্লাসে আনতে হবে: পাঁচটি পাথর।

## সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ১)




গথ শহরের ধ্বংসস্তুপের বর্তমান চিত্র। এখন এটি তেল জাফিত ন্যাশনাল পার্কের মধ্যে অবস্থিত। (গোপনীয়: গোলিয়াথের বাড়ি ফিলিস্তিন শহর।)

## সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ১)



গোপনীয়: গোলিয়াথের বড় পায়ের ছাপ এবং সেনাদের ছোট পায়ের ছাপ।

কেস সমাধান কেস সমাধান

# কেস সমাধান: (লেসন ১)

## বাইবেলের গল্প (লেসন ১)

**ডেভিড ও গোলিয়াথ**

**বাইবেল থেকে: ১ স্যামুয়েল ১৭:১-৫৩**



ইসরাইলী ও ফিলিস্তিনিদের মধ্যে যুদ্ধক্ষেত্রে দাঁড়িয়ে ডেভিড জানতেন যে তিনি এই লড়াইয়ে জিততে পারবেন। ঈশ্বর তার পক্ষে আছেন বিধায় তিনি হারবেন না, কিন্তু তিনি আশেপাশের সেনাদের ভয় অনুভব করতে পারছিলেন। কারণ, তার দিকেই ধেয়ে আসছিল ৯ ফুট উচ্চতার দানবাকৃতির যোদ্ধা। গোলিয়াথ ছিল প্রকাণ্ড দেহের অধিকারী এবং সে ইসরাইলীদের খুব বিদ্রুপ-উপহাস করতো। ফিলিস্তিনি হত্যাকারীর সঙ্গে কেউ লড়াই করার সাহস পেত না।

ডেভিডের তখনও সেনা হওয়ার বয়স হয়নি। সে ছিল এক রাখাল বালক-মাত্র। কিন্তু সে ছিল খুব সাহসী। তার ছোট বয়সেই সে একটি সিংহ ও ভালুককে হাতের কাছে পাওয়া জিনিস দিয়েই হত্যা করেছিল। তবে এই যুদ্ধে ঈশ্বর ডেভিডের পক্ষে ছিল। সে জানতো ঈশ্বরের নাম নিয়ে শুরু করলে এই লড়াইয়ে সে পরাজিত হবে না।

৫টি মসৃন পাথর তুলে নিয়ে সে তার গুলতিতে একটি ভরে নিলো। গোলিয়াথের প্রকাণ্ড দেহটি ক্রমশ তার কাছে এগিয়ে আসছিলো। কিন্তু সে উপযুক্ত সময়ের অপেক্ষা করছিল এবং সঠিক সময়ে সে তার গুলতি ঘোরাতে শুরু করলো। সেটি তার মাথার চারপাশে ঘোরাতে লাগলো। এক সময় সে পাথরটি ছুঁড়ে মারলো এবং পাথরটি লক্ষ্যবস্তু, গোলিয়াথের দুই চোখের মাঝখানের ছোট জায়গায় আঘাত হানলো। গোলিয়াথ মাটিতে পরে গেল এবং মরে গেল। নিজেদের সবচেয়ে শক্তিশালী যোদ্ধার মৃত্যু দেখে ফিলিস্তিনি সেনাবাহিনী পালিয়ে গেল।

### ব্যবহারিক (লেসন ১)
তুমি ছোট হলেও বড় কিছু করে দেখাতে পারো।

### শ্লোক স্মৃতিচারণ (লেসন ১)
"আমি আমার পরিকল্পনাগুলো কি তা জানি। তাই এগুলো তোমাদের বললাম।" এই হল প্রভুর বার্তা। "আমি তোমাদের সুনিশ্চিত নিরাপদ ভবিষ্যৎ দিতে চাই। তোমাদের জন্য আমার ভাল ভাল পরিকল্পনা আছে। তোমাদের আঘাত করবার কোন পরিকল্পনা আমার নেই। আমি তোমাদের আশা এবং সু-ভবিষ্যত দিতে চাই। যেরেমিয়া ২৯:১১

### অ্যাসাইনমেন্ট (লেসন ১)
এই সপ্তাহে এমন একটা কাজ নাও যেটা তোমার সাধারণত করতে হয় না, যেমন- প্রতিদিন থালা-বাসন ধোয়া, বা তোমার বাবা-মাকে সাহায্য করার মতো অন্য কোনো কাজ, যা তুমি নিয়মিত করো না। আর অনুভব করার চেষ্টা করো কিভাবে ঈশ্বর বড় কাজে তোমাকে সাহায্য করেন।

### ঈশ্বরের ডিএনএ (লেসন ১)


আমরা এই লেসন থেকে কি শিখলাম? ঈশ্বর তার পরিকল্পনা বাস্তবায়নে মানুষকে ব্যবহার করেন।



## ফান টাইম! (লেসন ১)

### গেইম (লেসন ১)
শ্যাডো ট্যাগ

এটি সাধারণ ছোঁয়াছুঁয়ি খেলার মতোই, যেখানে শিক্ষক কিছু শিক্ষার্থীদের "it" হিসেবে নির্ধারিত করেন এবং তারা অন্য শিক্ষার্থীদের ধাওয়া করে ছুঁতে যায়। এই সংস্করণে, 'it' নির্ধারিত শিক্ষার্থীরা অন্য খেলোয়ারদের না ছুঁয়ে তাদের ছায়াতে পা দিয়ে ছুঁতে চাইবে।

### আলোচনা (লেসন ১)
(তুলনামূলক বড় শিক্ষার্থীদের ক্ষেত্রে)

১. কোনো কিছু ঘটতে যাচ্ছে তা যদি তুমি আগে থেকে জানতে পারো, তবে কি করবে?
লটারির টিকেট কেনা, স্টাইলিশ জামা-কাপড় কেনা, কিংবা কোনো প্রাকৃতিক দুর্যোগ এড়িয়ে যাওয়া নিয়ে কয়েক মিনিট আলাপ করুন। এরপর ঈশ্বর কিভাবে কাজ করেন তা নিয়ে তাদের ধারণা দিন। আর ঈশ্বরের অতীতের পৃথিবীতে হস্তক্ষেপ সম্পর্কে জেনে আমরা কিভাবে ভবিষ্যত সম্পর্কে অবহিত হতে পারি, তা বুঝিয়ে বলুন। বিশ্বাসের একটা অংশ হচ্ছে, ঈশ্বর ভবিষ্যতে কি করতে যাচ্ছেন অনুধাবন করা এবং তাতে অংশ নেয়া। "প্রভু আমাকে সিংহ আর ভাল্লুকের হাত থেকে বাঁচিয়েছেন| এই পলেষ্টীয়দের হাত থেকে তিনি আমার রক্ষা করবেন|"শৌল দায়ূদকে বললেন, "তবে যাও| প্রভু তোমার সহায় হোন।" ১ সামুয়েল ১৭:৩৭



২. গোলিয়াথকে হত্যা করার আগে ডেভিড তাকে উপহাস করেছিল, ডেভিডের জন্য গোলিয়াথকে উপহাস করা কেন সঠিক ছিল? কোন কোন ক্ষেত্রে তুমি অপরকে উপহাস করতে পারো?


এটা খানিকটা চাতুরিপূর্ণ প্রশ্ন, ডেভিডের গোলিয়াথকে উপহাস করার ঘটনা অগ্রহণযোগ্য হতে পারে, কিন্তু এটি গল্পেরই অংশ। এতে তার বিশ্বাস প্রকাশ পাচ্ছে।


৩. ডেভিড ঐ দানবকে হত্যার সুযোগ পেয়েছিল কেননা সে তার ভাইদের সাহায্য করতে এসেছিল। কিভাবে একে অপরকে নেতৃত্ব ও আনুগত্য করা যায়?

যদিও নেতৃত্ব ও আনুগত্য দুই একে অপরের বিপরিতার্থক; কিন্তু এই দুটি কাজ একসঙ্গেও করা সম্ভব। যখন তুমি কারো প্রতি আনুগত্য প্রকাশ করবে, তখন তুমি কিছু সুযোগও পাবে; আর তুমি সেই সুযোগগুলো কাজে লাগালে তুমি নেতৃত্ব দান করতে পারবে।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ১)



## লুকাসের পরীক্ষণ (লেসন ১)

একটি জারে এক কাপের এক-চতুর্থাংশ পানি, এক কাপের এক চতুর্থাংশ ভিনেগার এবং এক কাপের এক চতুর্থাংশ বেকিং সোডা নাও। এই মিশ্রন থেকে বুদবুদ সৃষ্টি হবে, ফলে জারটি কার্বন ডাই অক্সাইডে ভরে যাবে, যার ওজন বাতাস অপেক্ষা ভারি। তরল অংশটুকু বাদ রেখে কার্বন ডাই অক্সাইড টুকু একটি প্রজ্জ্বলিত মোমবাতির ওপর ঢেলে দাও, মোমবাতির আগুন নিভে যাবে। (ইউটিউবে বিস্তারিত দেখো)

https://www.facebook.com/childrenareimportant/videos/1291835197519527/

# --[ কেস ২ ]--



## সূত্র! (লেসন ২)

### সূত্র #১ শিরোনাম (লেসন ২)

**নিখোঁজ মৃতদেহের কেস**

### সূত্র #২ নাটক (লেসন ২)

বর্ণনাকারী: এই গল্পটি কাল্পনিক। কিন্তু নির্দোষদের রক্ষা করতে কিছু নাম ও স্থান গোপন করা হয়েছে।
গোয়েন্দা: পায়ের ছাপের ছবি নিয়ে এসো, এটি সেট নং ৫।
প্রযুক্তিবিদ: ঠিক আছে, আমার কাছে এখানে দুই সেট পুরুষের পায়ের ছাপ রয়েছে। এটা দেখে মনে হচ্ছে তারা দৌড়াচ্ছিল।
গোয়েন্দা: আমাদের কাছে বুট জুতার ছাপও রয়েছে। এগুলো দেখে মনে হচ্ছে তারা সেখানে প্রহরার কাজে নিযুক্ত ছিল, দেখো, কত ধুলো তারা পরিষ্কার করেছে।
প্রযুক্তিবিদ: এগুলো খুবই ছোট দেখাচ্ছে। সেখানে অবশ্যয়ই দুইজন নারী ছিলেন, ৩ জনও হতে পারেন, মাঝারি গড়নের।



গোয়েন্দা: [ভালো করে তাকিয়ে দেখ আরো কোনো ছাপ পাওয়া যায় কিনা] এটার কথা বলছো, এই ছাপটি সত্যিই খুব বড় দেখাচ্ছে [চারপাশে তাকিয়ে] এখান থেকে [চারপাশে তাকিয়ে] প্রযুক্তিবিদ???
প্রযুক্তিবিদ: হ্যা? [ক্যামেরা থেকে মাথা উঠিয়ে]
গোয়েন্দা: অপরাধস্থল নষ্ট হলে আমি তোমাকে কি বলেছিলাম?
প্রযুক্তিবিদ: [ঢোক গিলে] তুমি বলেছিলে, এই স্থান নষ্ট হলে আমার চাকরি চলে যাবে?
গোয়েন্দা: তুমি কি এখানে এখনো কাজ শুরু করেছো?
প্রযুক্তিবিদ: না ।
গোয়েন্দা: ভালো করে মনে করার চেষ্টা করো, তুমি কি এখানে হেটেছো? এখানে ভালো করে দেখো, অথবা এখানকার ধুলো দেখে মনে করার চেষ্টা করো।
প্রযুক্তিবিদ: না, আমি শপথ করে বলছি!
গোয়েন্দা: তুমি যদি এখানে না এসে থাকো এবং আমিও যদি এখানে না এসে থাকি, তাহলে এতো বড় পায়ের ছাপ এখানে এলো কি করে [বড় পায়ের ছাপের দিকে ইশারা করে] শুধুমাত্র এই জায়গায়ই ওই পায়ের ছোয়া লাগলো, আর কোথাও নয়?
প্রযুক্তিবিদ: ওই নারীরা মনে হচ্ছে কিছু বহন করছিলেন।
গোয়েন্দা: হ্যা, কিন্তু সেটা অত বড় কিছু নয়, তারা ছোট বোতল বা কাপড় বহন করছিলেন।
প্রযুক্তিবিদ: আচ্ছা, তাহলে দৌড়ানো পুরুষের পক্ষেও তো এতো বড় কিছু বহন করা সম্ভব নয়।
গোয়েন্দা: আমি কিছুই বুঝতে পারছি না। আমার কাছে বড় একজোড়া পায়ের পাতার ছাপ রয়েছে। যা গুহা থেকে বেড়িয়ে এসেছে, কিন্তু আর ভেতরে যায়নি। দৌড়ানো পুরুষদের পায়ের ছাপ, বুট জুতো পরা পায়ের ছাপ এবং বড় ছাপ যেটা হঠাৎ করেই আবির্ভুত হয়েছে সেগুলো বড় একটি পাহাড়ের পেছনে চলে গেছে।
প্রযুক্তিবিদ: আমি নিশ্চিত এখানে গত রাতে বড় কোনো ভূমিকম্পের ঘটনা ঘটেছে। কিন্তু তারপরেও বাগানটি বেশ সুন্দর অবস্থায় ছিল।

গোয়েন্দা: তুমি এই মাত্র কি বললে?
প্রযুক্তিবিদ: বাগানটি বেশ ভালো অবস্থায় রয়েছে না?
গোয়েন্দা: না, তার আগে...


## 3 সূত্র #৩ সামগ্রী (লেসন ২)

সূত্র হিসেবে এই সামগ্রীগুলো ক্লাসে আনতে হবে: এলার্ম ঘড়ি।




## 4 সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ২)

“চি রোহ ধ্বংসাবশেষ” ভুগর্ভস্থ সমাধিক্ষেত্রে পাওয়া যায়। সেখান থেকে অনেক গোপনীয় ইঙ্গিতবাহী প্রতীক উদ্ধার করা হয়। (সারসা ৩৫০) (গোপনীয় ইঙ্গিতবাহী: এটা পুনরুত্থানের বিজয়ের চিহ্নসরূপ, এবং রোমান সৈনিকরা এটি ব্যবহার করতেন।)



## 5 সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ২)

গোপনীয় ইঙ্গিত: ম্যারি ম্যাগডালিন মসলা, প্রহরীরা অর্থ, বাগানের মালির টুপি ঢেলে দিচ্ছিলেন। কারণ ম্যারি মনে করেছিলেন তিনিই বাগানের মালি।

কেস সমাধান কেস সমাধান

# কেস সমাধান! (লেসন ২)

## বাইবেলের গল্প (লেসন ২)

যিশু খ্রিস্টের পুনরুত্থান
**বাইবেল থেকে: মথি ২৮; জন ২০:৬-৯**



শিষ্যদের বিস্মিত করে, যিশু তাদেরকে যেসব বিষয় সম্পর্কে ভবিষ্যদ্বানী করেছিলেন তা ঘটা শুরু হলো! যিশু বিশ্বাসঘাতকতার স্বীকার হলেন, অত্যাচারিত হলেন এবং ক্রুশবিদ্ধ হলেন। তিনদিন পর, খুব সকালে ইহুদি ধর্মযাজক প্রহরীদের সঙ্গে এক গোপন বৈঠকে মিলিত হলেন। প্রহরীরা তখন জানালেন, সেখানে ভয়ংকর একটি ভূমিকম্প সংঘটিত হয়েছে। প্রভুর পক্ষ থেকে একজন ফেরেশতা নিচে নেমে এলেন এবং পাথরটি সড়িয়ে দিলেন এবং তারপর থেকে তিনি সেটির উপর বসে আছেন। বরফের মতো সাদা কাপড়ে তার শরীর থেকে যেন আলো ঠিকরে পড়ছিল। তাছাড়াও তারা কেমন ভয় পেয়েছিলেন, ভূমি কিভাবে কেঁপে উঠেছিল, তারা কিভাবে জ্ঞান

হারিয়ে মাটিতে লুটিয়ে পরেছিলেন তাও তারা বলতে লাগলেন। ইহুদি ধর্মযাজক একটি পরিকল্পনা গ্রহণ করলেন, তারা প্রহরীদের বড় অংকের অর্থ ঘুষ হিসেবে প্রদাণ করলেন এবং তাদের মিথ্যা কথা ছড়াতে বললেন। তাদের বলতে বলা হলো, "তার অনুসারীরা রাতে সেখানে এসেছিলেন এবং আমরা যখন ঘুমিয়ে ছিলাম, তখন তাকে তারা চুরি করে নিয়ে গেছে। এরপর ঐ ধর্মযাজক তাদের আশ্বাস্ত করেন, গভর্নর এ সম্পর্কে জানতে পারলে বা তারা কোনো বিপদে পড়লে তিনি তাদের রক্ষা করবেন।
যখন মেরি ও মেরি কবরে গেলেন, ফেরেশতা ঐ নারীদের বললেন, "ভয় পেয় না, কারণ আমি জানি তুমি যিশুর খোঁজ করছো, যাকে ক্রুশবিদ্ধ করা হয়েছে। তিনি এখানে নেই। তাকে তুলে নেয়া হয়েছে, তিনি যেভাবে তোমাদের বলেছিলেন। এসো, দেখে তিনি কোথায় শুয়ে আছেন। তারপর তাড়াতাড়ি তার অনুসারীদের গিয়ে বলো: 'তাকে মৃত অবস্থা থেকে জীবিত করা হয়েছে এবং এখন তিনি গ্যালিলির পথে। যেখানে তোমরা তাকে দেখতে পাবে। নারীরা কবরস্থান থেকে দৌড়ে বেড়িয়ে গেলেন অন্যদের সব জানাতে, তখন যিশু তাদের সামনে উপস্থিত হলেণ এবং বললেন, "শুভেচ্ছা, ভয় পেয় না। যাও আর আমার ভাইদের বলো গ্যালিলিতে যেতে; সেখানে তারা আমার দেখা পাবে।" পিটার ও জন নিজেরাই দেখতে চাইলো এবং তারা দৌড়ে কবরস্থানে চলে গেলো। ভেতরে উঁকি দিয়ে তারা মাথার কাপড় এবং পট্টবস্ত্র সুন্দরভাবে ভাঁজ করা অবস্থায় দেখতে পেলো। তারা যখন প্রমাণ দেখলো, তারা বিশ্বাস করলো এবং জানতে পারলো যে, যিশু মৃত্যু থেকে জেগে উঠেছেন!

## ব্যবহারিক (লেসন ২)

আমি যখন মনে করবো সবকিছু শেষ হয়ে যাচ্ছে ইশ্বর তখনও আমাদের সঙ্গেই আছেন।

## শ্লোক স্মৃতিচারণ (লেসন ২)

"ঈশ্বর বিশ্বস্ত; তিনিই সেইজন যাঁর দ্বারা তোমরা তাঁর পুত্র আমাদের প্রভু যীশু খ্রীষ্টের সহভাগীতা লাভের জন্য আহ্বত হয়েছ।" করিন্থীয় ১:৯

## অ্যাসাইনমেন্ট (লেসন ২)

এমন একটা সময়ের কথা বলো, যখন মনে হচ্ছিল সব কিছু তোমার বিপক্ষে চলে যাচ্ছিল, কিন্তু শেষ পর্যন্ত তা ভালো কিছুতে রূপান্তরিত হলো। এ জন্যই ঈশ্বর তোমাদের গুরুত্বপূর্ণ অনেক কিছু শিখিয়েছেন।

## ঈশ্বরের ডিএনএ (লেসন ২)

আমরা এই লেসনে ঈশ্বর সম্পর্কে কি শিখলাম? ঈশ্বর চান, আমরা যেন যিশুর সম্পর্কে এবং কেন আমরা পৃথিবীতে এসেছি তা জানি।






# ফান টাইম! (লেসন ২)

## গেম (লেসন ২)

ক্লাসরুমে বেলুনের সকার

শিক্ষার্থীদের দুই ভাগে ভাগ করুন, যারা দুই সারিতে চেয়ারে বা মেঝেতে বসবে, তাদের মধ্যে দূরত্ব থাকবে প্রায় ১ মিটার, উভয় দল থেকে খেলোয়ার পরিবর্তন করুন। উভয় দলের পেছনে গোল পোস্ট এঁকে বা নির্ধারিত করে দিন। মধ্যবর্তী স্থানে টস করে বেলুন ছেড়ে দিন। পুরোটা সময় খেলোয়ারদের বসে থাকতে হবে। এই খেলার উদ্দেশ্য হলো- বেলুনটিকে মেঝেতে ফেলা এবং গোল করা। সকারের মতোই, বেলুনটি সীমানায় লাগলে দলনেতা বেলুনটি নিয়ে পুনরায় খেলা শুরু করার জন্য অপর দলকে প্রদাণ করবেন।

## আলোচনা (লেসন ২)

(তুলনামূলক বড় শিক্ষার্থীদের ক্ষেত্রে)

1. অনুসারীরা লুকিয়ে ছিল, কারণ তারা যীশু খ্রিস্টের মৃত্যু সম্পর্কে ভুল বুঝেছিল। তোমাদের কি মনে হয়, মানুষ কিভাগে ঈশ্বরের কথা ভুলভাবে বুঝতে পারে? তুমি কিভাবে জানতে পারো, বাইবেল তুমি সঠিকভাবে বুঝতে পেরেছো কিনা?

বাইবেল ভালোভাবে বুঝতে কর্তৃপক্ষের সাহায্য নাও। নিশ্চিত হয়ে নাও, বাইবেলের কোনো একটি নির্দিষ্ট অংশের অর্থ অন্য কোনো অংশের সঙ্গে সাংঘর্ষিক হয়ে যাচ্ছে কিনা

2. ঐ প্রহরীদের ঈশ্বরের কথা প্রকাশ করা থেকে বিরত রাখার জন্য চাপ দেয়া হয়েছিল। মানুষকে ঈশ্বরের কথা বলতে গিয়ে তুমি কেমন চাপ অনুভব করে থাকো?



বাচ্চাদের সেই সব ইস্যু নিয়ে কথা বলতে দিন, যখন তাদের বন্ধুরা তাদের খুব বেশি ভালো হওয়া বা খুব বেশি ধার্মিক আচরণ করা নিয়ে বিদ্রুপ করে বা চাপ দেয়ার মতো আচরণ করে, যতক্ষণ পর্যন্ত তারা একই কথা পুনরাবৃত্তি করা শুরু করে তার আগ পর্যন্ত এই আলোচনা চলতে দিন। স্বার্থপরতা ও নিজেদের খুশি করার জন্য আমরা কিভাবে ভেতর থেকে চাপ অনুভব করি, তা নিয়েও আলোচনা করুন। অপ্রয়োজনীয় কার্যকলাপে অংশ নেয়া খুব সহজ কিন্তু অতিরিক্তভাবে সেগুলোতে ঝুঁকে পড়া বিপদ ডেকে আনতে পারে। পরিবারের চাপ নিয়েও আলোচনা করুন। অনেক আত্মীয়-স্বজন যীশুকে নিয়ে কথা বলাকে পছন্দ করে না, অথবা অনেক সময় তারা ধর্মীয় কোনো অনুষ্ঠানে যোগ দেয়ার জন্য পীড়াপীড়ি করে। এই সব চাপের ক্ষেত্রে ভারসাম্য আনা, আমাদের চারপাশের মানুষদের ভালোবাসা, অন্যদের প্রতি সম্মান দেখানো এবং একই সময়ে ঈশ্বরের প্রতি বিশ্বস্ত থাকা খুব গুরুত্বপূর্ণ।

3. অনুসারীদের বার্তা দেয়ার জন্য ঈশ্বর নারীদের বেছে নিয়েছিলেন। অনুসারীরা তাদের কথা না শুনলে কি হতে পারতো? আমরা কিভাবে নিশ্চিত হতে পারি, অন্যদের কাছে আসা কোনো বার্তা যেন আমরা পেতে কোনোভাবে মিস না করি?


চার্চে নারীদের উপস্থিতির মতো বিতর্কিত ইস্যু নিয়ে বাচ্চাদের কথা বলতে দিন। চার্চে নারীদের অবস্থান সম্পর্কে তাদের কিছু সময় আলোচনা করতে দিন। তারপর Ephesians 4 এবং I Corinthians 12 'র উদ্ধৃতি টানুন যেখানে ঈশ্বর ভিন্নভিন্ন মানুষকে ভিন্নভিন্ন উপহার দিয়েছেন এবং আমরা যদি সব মানুষের কথা না শুনি, তবে ঈশ্বরের অনেক বার্তা থেকে আমরা বঞ্চিত হতে পারি।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ২)









## লুকাসের পরীক্ষণ (লেসন ২)

শিক্ষার্থীদের সামনে তিনটি লুকানো জিনিস উপস্থান করুন: সেগুলোর মধ্যে একটি জিনিস লুকানো কিন্তু খুঁজে পাওয়া সম্ভব, একটি জিনিস লুকানো কিন্তু খুঁজে পাওয়া সম্ভব নয়। আর আরেকটি জিনিস লুকানো এবং সেটি নিজে নিজেই স্থানান্তরিত হতে পারে। একে আরো মজার হিসেবে উপস্থাপন করতে ক্লাসরুমের আনাচে কানাচে কিছু জিনিস লুকিয়ে রাখতে পারেন। (ইউটিউবে বিস্তারিত দেখুন)

https://www.facebook.com/childrenareimportant/videos/1291864664183247/

# --[ কেস ৩ ]--

## সূত্র! (লেসন ৩)

### সূত্র #১ শিরোনাম (লেসন ৩)

**জাহাজ থেকে মানুষকে ফেলে দেয়ার কেস**

### সূত্র #২ নাটক (লেসন ৩)

বর্ণনাকারী: গল্পটি কাল্পনিক কিন্তু নির্দোষীদের রক্ষা করার জন্য কিছু নাম ও স্থান পরিবর্তন করা হয়েছে।
ক্যাপ্টেন: আমি একটি রিপোর্ট করতে চাই।
কোস্ট গার্ড: ঠিক আছে। অস্বাভাবিক কোনো কিছুর জন্য রিপোর্ট করার জন্য সুনির্দিষ্ট কিছু ফর্ম রয়েছে। আপনার কোনটি প্রয়োজন?
ক্যাপ্টেন: ব্যক্তির পানিতে পরে যাওয়া।
কোস্ট গার্ড: ঠিক আছে, আপনারা কি তাকে উদ্ধার করতে পেরেছিলেন?
ক্যাপ্টেন: না জনাব, আমরা তাকে উদ্ধার করতে পারিনি।
কোস্ট গার্ড: ঐ সময় আবহাওয়া কেমন ছিল? আপনারা কি দূর্যোগের মধ্যে পরেছিলেন?
ক্যাপ্টেন: জ্বি জনাব, এটা আমাদের সবাইকে প্রায় গ্রাস করে নিয়েছিল।
কোস্ট গার্ড: ঠিক আছে। আপনারা কি জাহাজ হারিয়েছেন? আপনি যদি জাহাজ ও কর্মীদের হারিয়ে থাকেন তবে এই ফর্মটি পূরণ করতে পারেন।
ক্যাপ্টেন: তিনি একজন যাত্রী ছিলেন।
কোস্ট গার্ড: ওহ, আচ্ছা। তাহলে আপনাকে আরো একটি অতিরিক্ত ফর্ম পূরণ করতে হবে, যেন নিহত ব্যক্তির সম্পর্কে আপনি তার পরিবারকে অবহিত করতে পারেন, তার ব্যক্তিগত কিছু ছিল?
ক্যাপ্টেন: কিন্তু তিনি সত্যি সত্যি মারা গেছেন কিনা আমি তা নিশ্চিত নই।
কোস্ট গার্ড: তার মানে, ভয়ংকর ঝড়ে আপনারা তাকে হারিয়ে ফেলেছেন, তাই নয় কি?
ক্যাপ্টেন: হ্যা, কিন্তু এটা ছিল ঝড়ের ঠিক শেষ মুহূর্ত।
কোস্ট গার্ড: আপনারা কি তাকে খুঁজে পাওয়ার চেষ্টা করেছিলেন?
ক্যাপ্টেন: তার কাছে যাওয়ার আগে তিনি যেন হঠাৎ করে অদৃশ্য হয়ে গেছেন...

### সূত্র #৩ সামগ্রী (লেসন ৩)

সূত্র হিসেবে এই সামগ্রীগুলো ক্লাসে আনতে হবে: মাছ ধরার বরশি।

### সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ৩)




নিনেভেহ' র শহরটি দেড় লাখেরও বেশি জনসংখ্যা ছিল, আরো ছিল অসাধারণ রাজপ্রসাদ এবং প্রার্থনার জায়গা। ছিল বিশালাকার দেয়াল

ও টাওয়ার। আধুনিক এই ছবি গুলোতে প্রাচীণ নিনেভেহ'   র দেয়াল দেখা যাচ্ছে। কিছু স্থান পুনরায় তৈরি করা হয়েছে। (গোপন রহস্য উন্মোচন: নিনেভেহ হচ্ছে সেই জায়গা যেখানে ঈশ্বর জোনাহকে পাঠিয়েছিলেন।)



## 5 সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ৩)

গোপন রহস্য উন্মোচন: নৌকার ওপর একটি পাশা খেলার ছক্কা, যেখানে নাবিকরা তাদের 'ভাগ্য যাচাই' করেছে, ঝড়ের মেঘ সরে যাচ্ছে, কারণ ঝড়ো আবহাওয়া শান্ত হয়ে এসেছে।

## কেস সমাধান        কেস সমাধান

# কেস সমাধান! (লেসন ৩)

## বাইবেলের গল্প (লেসন ৩)



**জোনাহ**

**বাইবেল থেকে: যোনা ১**

নিনেভেহ শহরের ঈশ্বরের ভূমি মানুষ ছিল পাপাচারে লিপ্ত এবং ঈশ্বর জোনাহকে নির্দেশ দিলেন তাদের সতর্ক করতে। ঈশ্বর চেয়েছিলেন তাদের পাপাচার বন্ধ করতে। কিন্তু ঈশ্বরকে অনুসরণ না করে, জোনাহ পালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিলেন এবং একটি জাহাজে করে দূরে চলে গেলেন। জোনাহ শুয়ে পরলে জাহাজের ক্রুরা দেখলেন তুমুল ঝড় ঘনিয়ে আসছে। কয়েক ঘন্টা পর ক্যাপ্টেন জোনাহকে পেল এবং তার কাছে জানতে চাইলো, এতো ঝড়ের মধ্যেও সে কিভাবে ঘুমাচ্ছিল। জাহাজের কর্মীরা বুঝতে পারছিল, যে জাহাজটা ডুবতে বসেছে, তাই তারা জানতে চাইলে, কেন ঈশ্বর এমন ঝড় পাঠিয়েছেন। কে এই দুর্যোগ বয়ে এনেছে তা জানতে তারা নিজেদের ভাগ্য পরীক্ষা করলো, এবং জানতে পারলো এর দায়ভার জোনাহ'র। তারা পরিস্থিতি আরো ভালোভাবে বুঝতে চাইলো, জোনাহ তার দোষ স্বীকার করলো এবং নিজেকে পানিতে ফেলে দেয়ার জন্য তিনি তাদের অনুরোধ করলেন। জাহাজের কর্মীরা এমন নিষ্ঠুর আচরণ করতে চাইলো না, তাই তারা জাহাজটি কূলে নিয়ে ভিড়াতে চাইলেন। কিন্তু তারা এমন ভয়ংকর ঝড়ের প্রকোপে পরলেন যে, সিদ্ধান্ত নিতে বাধ্য হলেন জোনাহকে পানিতে ফেলে দেয়ার। জোনাহ পানিতে পরে যাওয়ার সঙ্গেসঙ্গে ঝড় থেমে গেলো... এবং জাহাজটি শেষ পর্যন্ত বেঁচে যায়! কিন্তু জোনাহ যখন তীরের দিকে সাতার কাটছিলেন একটি বড় মাছ এসে তাকে গিলে ফেললো। তিনদিন-তিনরাত জোনাহ ঐ মাছের পেটে কাটালেন, এ সময় তিনি শুধু প্রার্থণা করে কাটালেন। তিনি ঈশ্বরের ক্ষমা প্রার্থণা করলেন, তিনি ভুল স্বীকার করে এরপর থেকে ঈশ্বরের কথা মেনে চলার প্রতিশ্রুতি দিলেন। ঈশ্বর জোনাহ'র প্রার্থণা গ্রহণ করলেন, বিশাল ঐ মাছটি শুকনা ভূমিতে এসে চিঁড়ে দুইভাগ হয়ে গেলো।

## ব্যবহারিক (লেসন ৩)

যখন আমি আমার কৃত পাপাচার সম্পর্কে বুঝতে পারবো, তখনই আমি ঈশ্বরের কাছে ক্ষমা প্রার্থণা করবো  এবং এটি বন্ধ করুন।

## শ্লোক স্মৃতিচারণ (লেসন ৩)

"তাই আপনারা মন-ফিরান এবং ঈশ্বরের কাছে ফিরে আসুন, যেন আপনাদের পাপ মুছে দেওয়া হয়।," শিষ্যচরিত ৩:১৯

## অ্যাসাইনমেন্ট (লেসন ৩)

এই সপ্তাহে তোমার কোনো ভুল যা তুমি অন্যকে জানাতে চাওনা তা নিয়ে খুব বেশি সংবেদনশীলতা দেখাও। ঈশ্বরের কাছে সেই ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করো। এবং ঈশ্বরের কাছে সাহায্য চাও, তিনি যেন তোমাকে কোনো কিছু করে ফেলার আগে তা নিয়ে ভাববার সুযোগ দেন।

## ঈশ্বরের ডিএনএ (লেসন ৩)




এই লেসন থেকে আমরা ঈশ্বর সম্পর্কে কি জানলাম? ঈশ্বর চান, তার দেখানো পথে চলা লোকরা সহজ জীবন নয়, বরং তার দেখানো পথে অটুট থাকুক।



# ফান টাইম! (লেসন ৩)

## গেইম (লেসন ৩)

মাছের লেজ

প্রতিটি শিক্ষার্থীকে একটি মোজা দিন (সুতা, দড়ি, কাগজ বা কাপড় হলেও চলবে) এবং সেগুলো তার পেছনের পকেট বা কোমরে ঢুকিয়ে রাখতে বলুন। এই গেইমের উদ্দেশ্য হলো নিজেরটা রক্ষা করে অন্য খেলোয়ারদের 'লেজ' ধরা। যে খেলোয়ার নিজের লেজ হারাবে তাকে তখনই বসে পরতে হবে, কিন্তু অন্য কোনো খেলোয়ার তার খুব কাছে চলে আসলে, লেজহীন খেলোয়ার তার লেজটি ছিনিয়ে নিতে পারবে এবং নতুন লেজ নিয়ে খেলায় পুনরায় অংশ নিতে পারবে।

## আলোচনা (লেসন ৩)

(তুলনামূলক বাড়ন্ত শিক্ষার্থীদের জন্য)

1. লিউক ১১:৩০ আমাদের জোনাহর সঙ্গে যিশুর তুলনা করতে বলে, জোনাহ ও যীশুর সঙ্গে তুমি কতটি মিল খুঁজে পাও?

শিক্ষার্থীদের নিজের চিন্তা প্রকাশ করতে দিন। তাদের জোনাহর গল্প পড়তে দিন এবং তাদের উত্তর গ্রহণ করুন। সেক্ষেত্রে কিছু হালকা সূত্রও তাদের ধরিয়ে দিতে পারেন। কিছু মিলের উদাহরণ নিচে দেয়া হলো:



- কবর বা মাছের পেটে তিন দিন
- ঈশ্বরের বার্তা প্রচার করা
- দীর্ঘ যাত্রা
- ঝড়ের রাতে নৌকায় অবস্থান
- ঝড় থামা
- ক্ষমা প্রার্থনা করতে শেখানো
- নিরপরাধ ব্যক্তিকে হত্যার পর আসল খুনির হাত ধোয়ার চেষ্টা
- ঈশ্বরের দৃষ্টি থেকে নির্বাসিত হওয়া
- শহরে গাছ কাটা

2. ঈশ্বরের আদেশ অনুসরণ বা অবহেলার ক্ষেত্রে তুমি কোন কোন পার্থক্য দেখতে পেয়েছো?


একদিকে, তারা একই রকম, কারণ তারা একই উদ্দেশ্যের জন্য কাজ করে গেছেন। তাই কোনোভাবেই আমি কোনো পার্থক্য দেখিনি। এটা অবশ্যম্ভাবী, বাইবেল থেকে আমরা জেনেছি ঈশ্বর আমাদের হৃদয় ও উদ্দেশ্য সম্পর্কে ভালোভাবেই অবগত আছেন। কিন্তু, কিছু কিছু সময় আমরা আমাদের আচরণের জন্য বিভিন্ন অজুহাত তৈরি করি, আমরা প্রায়ই বলি, অমুক কাজের জন্য আমরা দায়ী নই, কারণ আমরা তা করতে চাইনি। আর শিক্ষার্থীদের এই বিষয়ে আরো আলোচনার সুযোগ দিন।


3. কোন কাজগুলো ক্ষমার অযোগ্য অপরাধ?

বিভিন্ন অপরাধমূলক কার্যক্রম সম্পর্কে আপনার শিক্ষার্থীদের সঙ্গে কথা বলুন। যেমন- সিরিয়াল কিলার, কাউকে অপমান বা অপদস্ত করা, উপহাস করা, বা অন্য কোনো পাপকাজ, যেখানে ব্যক্তি ভালো কোনো উদ্দেশ্য নিয়ে তা করে না। যারা শিশুদের কাছে মাদকদ্রব্য বিক্রি করে তাদের ব্যাপারে? (জোনাহ তার লোকদের জন্য ঈশ্বরের কাছে ক্ষমা চাননি। কিন্তু ঈশ্বর পরম ক্ষমাশীল, তিনি তাদের সবাইকে ক্ষমা করে দিয়েছিলেন।)

## শিক্ষার্থী পৃষ্ঠার উত্তর (লেসন ৩)





## লুকাসের পরীক্ষণ (লেসন ৩)

শিক্ষার্থীদের একটি মার্শমেলো আইল্যান্ড বানাতে বলুন। মার্শমেলো কেটে তার সঙ্গে টুথপিক জুড়ে দিয়ে সেটি বেসিনে পানিতে রাখুন। পানিকে সমুদ্রের সঙ্গে তুলনা করুন। মার্শমেলোটি একটি স্বচ্ছ কাঁচ দিয়ে ঢেকে দিন। আরো মজার কিছু করার জন্য, মাছ ও অন্যান্য জিনিসও এঁকে দিতে পারেন। (বিস্তারিত ইউটিউবে দেখুন)
https://www.facebook.com/childrenareimportant/videos/1291904010845979/

# --[ কেস ৪ ]--



## সূত্র! (লেসন ৪)

### সূত্র #১ শিরোনাম (লেসন ৪)

**পরিচয়হীন সাহায্যকারীর কেস**

### সূত্র #২ নাটক (লেসন ৪)

বর্ণনাকারী: এই গল্পটি কাল্পনিক কিন্তু নির্দোষদের রক্ষা করার জন্য কিছু নাম ও স্থান গোপন রাখা হয়েছে।
পুলিশ: ক্ষমা করবেন, আমি এবং আমার সহযোগী আপনাকে কিছু প্রশ্ন করতে চাই।
পথচারী: অবশ্যয়ই অফিসার, আপনি কি জানতে চান?
পুলিশ: গতরাতে আমরা হাইওয়েতে একটি দুর্ঘটনার রিপোর্ট পেয়েছি। সেখানে একটি গাড়ি একজন ব্যক্তিকে চাপা দিয়ে পালিয়ে গেছে।



পথচারী: ওহ, এই জন্যেই আমি হাইওয়েতে একাকী ভ্রমণ করি না। আপনারা অফিসাররা সেখানে সংখ্যায় খুবই কম আর ওই সহ দুবৃত্ত সেখানে প্রচুর।
পুলিশ: [সহযোগীর দিকে তাকিয়ে] আমি তো দুবৃত্তের ব্যাপারে কিছু বলিনি, তুমি বলেছো?
২য় পুলিশ: না, অবশ্যয়ই আমি এ ব্যাপারে কিছু বলিনি।
পুলিশ: আপনি কিভাবে জানলেন যে তারা দুবৃত্ত ছিল? আপনি গত রাতে কোথায় ছিলেন আমাদের বলবেন?
পথচারী: দীর্ঘশ্বাস ফেলে, আমি গত রাতে আমার আত্মীয়দের দেখতে গিয়েছিলাম এবং গত রাতে আমি হেটে ঘরে ফিরছিলাম, যেন খুব ভোরে উঠে আমি কাজে যেতে পারি।
পুলিশ: আহ, তো তুমি কাল রাতে হাইওয়েতে ছিলে?
পথচারী: জ্বি জনাব।
পুলিশ: আপনি কি ১৮০ সেন্টিমিটার লম্বা, মাঝারি গড়নের কোনো লোককে দেখেছিলেন, যে মানুষ মারার জন্য রাস্তার পাশে ঘুরছিল?
পথচারী: না, হয়তো বা, আমি কিছু একটা দেখেছিলাম, তবে আমি তাকে খুব ভালোভাবে দেখতে পারিনি।
২য় পুলিশ: [নোটবুক খুলে একটি নোট নিলেন]
পুলিশ: আপনি তাকে দেখেননি, নাকি দেখতে চাননি?
পথচারী: দেখুন, আমার তাড়া ছিল, আমাকে কাজের জন্য চাপ ছিল এবং তিনি কি করছেন তা দেখার মতো আমার হাতে পর্যাপ্ত সময়ও ছিল না। তিনি যদি আমাকে ডেকে বসতেন, তবে কি হতো? আর একবার যদি ডেকেই বসতেন, তবে আমার কতক্ষণ সময় নষ্ট হতো তা কে জানে।
২য় পুলিশ: হা হা হা হা, তিনি সাহায্য করতে চাননি, কারণ তার সময় নষ্ট হবে, হা হা, খুব মজার তো, তো আপনাকে কি ডাকা হয়েছিল?
পথচারী: কিছু মনে করবেন না, কিন্তু সেটা গুরুত্বপূর্ণ ছিল না।
পুলিশ: আচ্ছা, আপনাকে আর কোনো প্রশ্ন করার নেই। আমরা কি প্রয়োজন হলে আপনার সঙ্গে আবার যোগাযোগ করতে পারি?
পথচারী: অবশ্যয়ই, আমি আপনাদের সহযোগিতা করার জন্য প্রস্তুত।
২য় পুলিশ: [অবিশ্বাসের সঙ্গে পথচারীর দিকে তাকালেন]

## সূত্র #৩ সামগ্রী (লেসন ৪)

সূত্র হিসেবে ক্লাসে এইসব বস্তুগত সামগ্রী আনতে হবে: ব্যান্ড-এইড।





## সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ৪)

একটি হাসপাতালের গেটে যাওয়া, এখনকার যেকোনো সাধারণ হাসপাতালে গেলেই চলবে। (গোপন ইঙ্গিত: ভালো সামারিটানরা আক্রান্ত ব্যক্তিকে সাহায্যের জন্য কোথায় পাঠাতে পারতো)

## সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ৪)

গোপন ইঙ্গিত: খালি ব্যাগ ও কিছু কয়েন রাস্তায় পড়ে আছে, কারণ এক ব্যক্তি ডাকাতির কবলে পরেছিলেন, রাস্তার অপর পাশে যাজক ও ফারিসির ২ জোড়া পায়ের ছাপ, আহত ব্যক্তির শরীরের ছাপ, যিনি তখন সেখানে ছিলেন না।






# কেস সমাধান! (লেসন ৪)

## বাইবেলের গল্প (লেসন ৪)

**ভালো সামারিটান**

**বাইবেল থেকে: লিউক ১০:২৫-৩৭**



একজন আইন বিশেষজ্ঞ যীশুকে পরীক্ষা করতে একটি ধাঁধার মধ্যে ফেললো "চিরন্তন জীবনের জন্য আমার কি করা উচিত?" যীশু উত্তর দিলেন: 'তোমার হৃদয়ের পূর্ণ ভালোবাসা, আত্মা ও সব শক্তি, মনোযোগ দিয়ে ঈশ্বরের প্রার্থনা করো,'; এবং, 'তোমর প্রতিবেশীকে নিজের মনে করেই সাহায্য করো।' ঐ বিশেষজ্ঞ তখন নিজেকে সঠিক প্রমাণ করার জন্য বললেন, “প্রতিবেশী কারা?” প্রতিবেশীদের তালিকা তৈরি না করে যীশু একটি গল্প শোনালেন।

জেরুজালেম থেকে জেরিচোতে যাওয়ার পথে একজন মানুষ একদল ডাকাতের কবলে পড়েছিল, তাকে আধ-মরা রেখে তার কাপড়চোপড় সহ সব সামগ্রী নিয়ে ডাকাতরা পালিয়ে যায়। উলঙ্গ অবস্থায় ধুলার মধ্যে রক্তাক্ত ও দুর্বল অবস্থায় পড়ে থাকা অবস্থায় আহত ঐ ব্যক্তি রাস্তার অপর পাশ দিয়ে একজন ধর্মযাজককে আসতে দেখলেন। কিছুক্ষণ পরেই অভিজাত পরিবারের (লেভিটিস) আরেকজন ব্যক্তিকে হেটে আসতে দেখলেন তিনি। কিন্তু আহত ব্যক্তির চোখে চোখ পড়তেই দূর থেকেই তারা চলে গেলেন। তখন একজন বিদেশী, যার শরীরের জামাকাপড় নোংরা, যাকে প্রার্থনার জন্য চার্চে ঢুকতে দেয়া হয়নি (একজন সামারিটান) আহত ব্যক্তিটিকে দেখলেন

এবং তখন তার প্রতি খুব মায়া হলো। ঐ বিদেশী থমকে দাঁড়ালেন, তার শুশ্রুষা করলেন, তাকে নিকটবর্তী একটি সরাইখানায় (হোটেল) নিয়ে গেলেন, এবং তার সম্পূর্ণ খরচ বহন করলেন: সরাইখানার খরচ এবং তাকে যত্ন করার জন্য আরেকজন ব্যক্তির খরচ।
"ডাকাতদের কবলে পড়া ব্যক্তির কাছে তাদের তিন জনের মধ্যে কে বেশি প্রতিবেশী ছিল বলে তুমি মনে করো?" আইন বিশেষজ্ঞ উত্তর দিলেন, "যার তার প্রতি দয়া হলো। " যীশু বললেন, "যাও তাই করো। "

## ব্যবহারিক (লেসন ৪)

**ভালো সামারিটানের মতো হতে হলে আমাকে সবার প্রতি দয়াশীল হতে হবে।**

## শ্লোক স্মৃতিচারণ (লেসন ৪)

“আমি একথা বলছি, কারণ যাঁরা তোমাদের ভালবাসে তোমরা যদি কেবল তাদেরই ভালবাস, তবে তোমরা কি পুরস্কার পাবে? কর আদায়কারীরাও কি তাই করে না?” মথি ৫:৪৬

## অ্যাসাইনমেন্ট (লেসন ৪)

এমন একজনকে খুঁজে বের করো যে তোমার বন্ধু নয়, কিন্তু তাদের প্রতি বন্ধুসুলভ আচরণ করো। তুমি স্কুল শেষে তাদের খেলার জন্য আহ্বান করতে পারো বা তোমার দুপুরের খাবার সময় তাদেরকে দাওয়াত দিয়ে ডেকে আনতে পারো।

## ঈশ্বরের ডিএনএ (লেসন ৪)




আমরা এই লেসন থেকে কি শিখলাম? ঈশ্বর চান, আমরা সবাইকে সহযোগিতা করি।



# ফান টাইম! (লেসন ৪)

## গেইম (লেসন ৪)

বন্ধুকে ছোঁয়া
এই আউটডোরের খেলার জন্য কমপক্ষে ৬ জন প্রয়োজন (এর চেয়ে বেশি হলে ভালো!) শুরু করতে একজন ব্যক্তিকে “It” হতে হবে এবং অপরজনকে রানার হতে হবে। বাকি সবাই একজন বন্ধু খুঁজবে, হাত ধরবে এবং খেলার মাঠের চারদিকে ছড়িয়ে যাবে। "It" তারপর রানারকে ছোবে। রানার তাকে ছুয়ে ফেলার আগেই দুইজন বন্ধু সঙ্গে হাত মেলাবে। রানার বন্ধু পাওয়ার সঙ্গে সঙ্গে অপর পাশের বন্ধু রানারে পরিণত হবে। রানার যদি তাকে ছুঁয়ে ফেলার আগে কোনো বন্ধুর সঙ্গে সংযুক্ত হতে না পারে, তবে সে “It” এ পরিণত হবে এবং “It” রানারে পরিণত হবে।
প্রি-স্কুলের ক্ষেত্রে: বন্ধুত্বের জাল
বাচ্চারা গোল করে মেঝেতে বসবে। একটি বড় সুতার বল একটি বাচ্চার দিকে ফেলা হবে, এবং প্রশ্ন করা হবে, “আমি সবচেয়ে খুশি যখন?” ঐ বাচ্চা উত্তর দেয়ার পর, সুতার বলটি আরেকজনকে দেয়া হবে এবং একইভাবে জিজ্ঞাসা করা হবে, “আমি সবচেয়ে খুশি যখন?” এভাবে বলটি তাদের দিকে গড়িয়ে দিন; সব শিশু উত্তর করা পর্যন্ত এভাবে চালাতে থাকুন। শিশুরা যদি মজা পেয়ে যায়, তবে প্রশ্নটি কিছুটা ঘুড়িয়েও করতে পারেন “আমার সবচেয়ে কষ্ট লাগে যখন?” এবং বলটি এভাবে পাস হতে থাকবে। যখন খেলা শেষ হয়ে যাবে তখন সব বাচ্চাকে দাঁড় করিয়ে তাদের পরস্পরের হাত শক্ত করে ধরতে বলুন। এভাবে তাতের বন্ধুত্বের জাল সৃষ্টি করার শিক্ষা দিন।

## আলোচনা (লেসন ৪)

(তুলনামূলক বড় শিক্ষার্থীদের জন্য)

1. স্কুলে নতুন কোনো শিক্ষার্থীর কাছে তুমি কিভাবে প্রতিবেশী হতে পারো? অথবা কোনো ভিক্ষুকের কাছে? অথবা তোমাকে বিরক্ত করে এমন ছোট ভাই-বোনের কাছে?

শিক্ষার্থীরা কিভাবে নিজেরা নিজেদের সহযোগিতা করতে পারে সে বিষয়ে আলোচনা করুন, এমনকি তারা সে বিষয়ে আগ্রহী না হলেও, বা অন্য শিশুকে জনসম্মুখে সাহায্য করতে গিয়ে তারা কেমন ঝুঁকির মধ্যে পড়তে পারে তাও বলুন। ছোট ভাই-বোনকে যত্ন করাও কতো কঠিন তা নিয়ে আলোচনা করুন।



2. বিখ্যাত মানুষরা কিভাবে নিজেদের নির্দোষ প্রমাণ করেছেন। তারা এমন পরিস্থিতির মুখে পড়লে তাদের ঈশ্বরের প্রতি ও প্রতিবেশীদের প্রতি ভালোবাসা কিভাবে প্রকাশ করেন?


রাজনীতিক, সঙ্গীতশিল্পী, খেলোয়ার এবং অভিনয়শিল্পীরা খারাপ আচরণ করে প্রায়ই সংবাদ শিরোনাম হয়। শিশুদের কাছে পছন্দীয় একটি চরিত্র তুলে ধরুন ও তার ব্যবহার নিয়ে আলোচনা করুন। শিশুরা যদি আলোচনায় অংশ নেয়, তাহলে ওই চরিত্রের উভয় দিক নিয়েই আলোচনা করুন, এরপর ঐ আলোচনা এমন দিকে টেনে নিন, যেন শিশুরা বুঝতে পারে ঈশ্বরের ভালোবাসা পেতে শিশুদের কেমন আচরণ করা উচিত। প্রথমেই খুব ভালো উত্তর পেয়ে যাবেন এমনটি আশা করবেন না। কিন্তু তারপরও আলোচনা চালিয়ে নিন।

3. আলোচনা করুন সাম্প্রতিক কোনো ঘটনা নিয়ে যেখানে কেউ কাউকে সাহায্য করতে গিয়েছেন কিন্তু প্রচলিত নিয়ম তাকে ভাঙতে হয়েছে।

আপনি স্কুলের কোনো নিয়মের ব্যপারে কথা বলতে পারেন। অথবা পুলিশের কোনো আইন, চার্চের কোনো নিয়ম, যা আসলে পরোপকারের ক্ষেত্রে অর্থহীন বলে মনে হয়। যেমন: যখন ক্লাস ধরতে তাড়াহুড়া করতে গিয়ে আপনি স্কুল হলের সামনে দৌড় দিচ্ছিলেন কিন্তু প্রচলিত নিয়মে এটি করা নিষেধ। অথবা একটি ইরেজার কিনতে গিয়ে প্রশ্নের সম্মুখিন হতে হলে, অথবা তাড়াহুড়া করে দেয়াল টপকে স্কুলে যেতে গিয়ে সোয়েটার ছিঁড়ে গেলে এবং বাসায় গিয়ে সোয়েটারের কারণে বকা শুনতে হলে।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ৪)







## লুকাসের পরীক্ষণ (লেসন ৪)

এই পরীক্ষণের সাহায্যে পরিপ্রেক্ষিত বিবেচনা করতে সাহায্য করবে, এবং কোনো পরিপ্রেক্ষিত কিভাবে কোনো ঘটনার দৃষ্টিভঙ্গিই পরিবর্তন করে দিতে পারে তাও বুঝতে সাহায্য করবে। এই দুটি রেখার দিকে তাকাও, এবং এদের বড়-ছোট মনে হলেও এরা আসলে সমান। দ্বিতীয় ধারণাটি হচ্ছে- আয়তক্ষেত্রের মধ্যে সমান্তরাল কোনোকুনি রেখাগুলোকে স্বাভাবিক দৃষ্টিতে কোণাকোণি বলে মনেই হয় না। তৃতীয় উদাহরণ হলো- একটি শিশু ও একটি ইদুরের ছবি, দুটির মাঝে একটি বিন্দু আছে। ওই বিন্দুতে নাক রাখলে মনে হবে ইদুরটি শিশুটির আরো কাছে চলে এসেছে। আপনার শিক্ষার্থীদের এই তিনটি পরীক্ষণে ভিডিওতে যেভাবে দেখানো হয়েছে ঠিক সেভাবে অংশগ্রহণ করতে বলুন। (ইউটিউবে বিস্তারিত দেখুন।)



https://www.facebook.com/childrenareimportant/videos/1291919184177795/





# --[ কেস ৫ ]--

## সূত্র! (লেসন ৫)

### সূত্র #১ শিরোনাম (লেসন ৫)

**হ্যাংম্যানের গলায় দড়ি ফাঁসের কেস**

### সূত্র #২ নাটক (লেসন ৫)

বর্ণনাকারী: এই গল্পটি কাল্পনিক কিন্তু নির্দোষদের রক্ষার করার জন্য কিছু নাম ও স্থান গোপন করা হয়েছে।
পুলিশ: ক্ষমা করবেন ম্যাডাম?
ম্যাডাম: বলুন অফিসার?
পুলিশ: আপনার কাছে আমার কিছু প্রশ্ন ছিল।
ম্যাডাম: আপনার মতো ভালো হ্যান্ডসাম অফিসারের যেকোনো প্রশ্নের উত্তর দিতেই আমি প্রস্তুত।
পুলিশ: এর, আম, জ্বি, আচ্ছা, আপনি কি দ্বিতীয় ঘোষণার আগের রাতে কিছু দেখেছিলেন?
ম্যাডাম: আপনি কি জেরেশের বাড়ি ও তার স্বামীর কথা বলতে চাচ্ছেন?
পুলিশ: ঠিক ধরেছেন।
ম্যাডাম: আচ্ছা, এটা ছিল কিছুটা উদ্ভট, আপনি জানেন, সারা সপ্তাহজুড়ে তিনি কর্মীদের দিয়ে তার উঠানে কাজ করিয়েছেন।
পুলিশ: বলতে থাকুন। [নোটবুক বের করে নোট নেয়া শুরু করলেন]
ম্যাডাম: দেখুন, আমার মনে হয় এটা ছিল আত্মহত্যা, কিন্তু আপনি যদি আমার আরো মতামত জানতে চান, তবে আমি বলবো, এটা উদ্ভট প্রকৃতির ছিল। সবকিছু কেমন যেন ঘোলাটে মনে হচ্ছে।
পুলিশ: তাহলে, আপনি কি বলতে চাচ্ছেন, এটা আত্মহত্যা ছিল না?
ম্যাডাম: এটা কুরুচিপূর্ণ। ওই শয়তান লোকটা, যাই হোক এখন আর আমার কোনো সমস্যা নেই, কিন্তু আমি নিশ্চিত তিনি অন্য কারো জন্য শয়তানি ফাঁদ পেতেছিলেন, কিন্তু অন্যদিন সারা শহরজুড়ে আমি শুনলাম, সে নাকি খুব ভালো মানুষ ছিলেন... আর তারপরই ঘটনাটি ঘটলো, আমার প্রতিবেশী এভাবে গলায় ফাঁস দিলো!

### সূত্র #৩ সামগ্রী (লেসন ৫)

ক্লাসে সূত্র হিসেবে এসব সামগ্রী আনতে হবে: ঝিকিমিকি সাঁজানোর উপকরণ।


### সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ৫)

রাজা আহাসুয়েরেসের সমাধিক্ষেত্রের ছবি, তাকে সম্রাট জেরজেস বলেও ডাকা হয় (৪৮৬-৪৬৫ খ্রিষ্টপূর্বাব্দ)। তার সমাধিক্ষেত্রটি ইরানে, ঐতিহাসিক এই স্থানটিকে নকশ-ই-রুস্টম নামে ডাকা হয়, এখানে আরো অনেক পারস্যের রাজাদের সমাধি রয়েছে। (ছবিটি আমির হুসেইন জুলফাঘারির কাছ থেকে নেয়া হয়েছে) (গোপন ইঙ্গিত: জেরজেসের কাহিনী বুক অব এস্থারে পাওয়া যায়।)




## 5 সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ৫)

গোপন ইঙ্গিত: রাজার সিল দ্বারা জারিকৃত আদেশনামা এবং ঐ সিল অলংকৃত আংটি।. - এস্থার ৩:১২ এবং ৮:৮



কেস সমাধান কেস সমাধান

# কেস সমাধান! (লেসন ৫)

## বাইবেলের গল্প (লেসন ৫)

এস্থার

**বাইবেল থেকে: এস্থার ২-৭**



এস্থার ছিল মোরডেকাইয়ের সুন্দরী কাজিন, এই মোরডেকাই ছিলেন রাজা জেরজেসের একজন বিশ্বস্ত ইহুদি দাসী, তো রাজা জেরজেস তখন নতুন সুন্দরী একজন স্ত্রী খুঁজছিলেন। মোরডেকাইয়ের নির্দেশে এস্থার ১২ মাসের সৌন্দর্য চর্চা করে রাজার কাছে গেলেন। মেয়েটি এতই সুন্দরী ছিল যে, রাজা এক দেখায় তাকে ভালোবেসে ফেললো এবং তাকে বিয়ে করে ফেললো।
হামান ছিল রাজা জেরজেসের একজন উচ্চপদস্থ কর্মকর্তা; কিন্তু তিনি ইহুদিদের খুব ঘৃণা করতেন। তিনি প্রায়ই প্রাসাদের গেটে যেতেন এবং চাইতেন সেখানকার মানুষরা তার প্রতি মাথা নত করুক। সেখানে সবাই তার প্রতি মাথা নত করতো, মোরডেকাই ছাড়া; কারণ সে শুধু ঈশ্বরের কাছেই মাথা নত করতো। মোরডেকাইয়ের প্রতি ঘৃণা থেকে হামান সব ইহুদির হত্যা করার পরিকল্পনা আঁটতে শুরু করলো।  সে রাজাকে বললো, রাজ্যে এমন অনেক জনগন আছে, যারা রাজার আইন মানতে ইচ্ছুক নয়। রাজা জেরজেস হামানকে তার ইচ্ছামত এই সমস্যা সমাধানের নির্দেষ দিলেন। তো হামান একটি ডিক্রি জারি করে ঘোষণা দিলেন সব ইহুদিকে হত্যা করা হবে। এবং সে তার নিজের বাড়িতেই একটি ফাঁসিকাষ্ঠ তৈরি করলেন যেখানে মোরডেকাইকে তিনি ফাঁসিতে ঝুলিয়ে হত্যা করতে পারেন।

এস্থার হামানের পরিকল্পনার কথা জানতে পারলেন এবং তিনি বুঝতে পারছিলেন, বাঁচতে হলে তাকে কিছু করতেই হবে। তিনি রাজা ও হামানকে রাতের খাবারের জন্য একদিন আমন্ত্রণ জানালেন। রাজা তার ওপর এতই সন্তুষ্টি ছিলেন যে, তাকে যা ইচ্ছা তা উপহার হিসেবে চেয়ে নিতে বললেন, এমনকি সেই দাবি যদি অর্ধেক রাজ্য হয়, তবেও তিনি তা দিতে রাজি হলেন। এস্থার রাজাকে বললেন, তিনি শুধু তার জনগণকে রক্ষা করতে চান; এবং আরো জানালেন, হামান সব ইহুদিকে হত্যা করার চেষ্টা করছিল। রাজা খুব রাগী অবস্থায় সেখান থেকে চলে গেলেন। যখন সে নিজের কক্ষে ফিরে যাচ্ছিলেন, তার মনে হলো, তিনি দেখতে পাচ্ছেন হামান তার রানীর উপর হামলা চালিয়েছে। অত্যন্ত ক্রুদ্ধ রাজা হামানকে তার নিজের বানানো ফাঁসিকাষ্ঠেই হামানকে ঝুলিয়ে দিলেন!

## ব্যবহারিক (লেসন ৫)

ঈশ্বর কখনো কখনো এমন কিছু চান, যা করা খুব কঠিন হয় এবং বড় ধরণের ঝুঁকি নিতে হয়।

## শ্লোক স্মৃতিচারণ (লেসন ৫)

"মনে রেখো, আমি তোমাকে শক্তিমান ও সাহসী হতে বলেছি। তাই বলছি ভয় পেও না। তুমি যেখানেই যাও, প্রভু, তোমার ঈশ্বর, তোমার সঙ্গে রয়েছেন।" যোশুয়া ১:৯

## অ্যাসাইনমেন্ট (লেসন ৫)

ঈশ্বর হয়তো বা অন্যকে বাঁচাতে তোমাকে মনোনীত করেছেন, এবং আমাকে এই অবস্থানে এনেছেন "নির্দিষ্ট সময়ে কিছু করার জন্য"। তোমার কোনো প্রতিবেশীকে জানাও যে তুমি একজন খ্রিস্টান এবং আগামী সপ্তাহে তিনি তোমার সঙ্গে চার্চে যেতে চান কিনা তা জিজ্ঞাসা করো।

## ঈশ্বরের ডিএনএ (লেসন ৫)




আমরা এই লেসনে ঈশ্বর সম্পর্কে কি শিখলাম? যখন ঈশ্বর তার জনগণকে রক্ষা করতে চায়, তিনি হঠাৎ করেই এমন কোনো ব্যক্তিকে মনোনীত করেন, যার সেখানে থাকার কথা ছিল না।



# ফান টাইম! (লেসন ৫)

## গেইম (লেসন ৫)

হামান, মোরডেকাই, এস্থার

এই খেলাটি রক, পেপার, সিজার খেলার মতোই। এস্থার হামানকে আঘাত করে, হামান মোরডেকাইকে আক্রমণ করে, এবং মোরডেকাই এস্থারকে রক্ষা করে।

৪ ফুট দূরত্ব বজায় রেখে বাচ্চাদের দুটি দলে ভাগ করুন। বাচ্চাদের কয়েক ফুট দূরে গিয়ে কানাকানি করে তারা কোনটা হতে চায় তা নির্ধারণ করতে বলুন: হামান, মোরডেকাই, নাকি এস্থার।

এভাবে একেকটি দল তারা কোনটি হতে চায় তা নির্ধারণ করবে, একই সঙ্গে তারা ব্যাকআপ পছন্দও ভেবে রাখবে। এরপর তারা আবার ৪ ফুট দূরত্বের অবস্থানে ফিরে আসবে। তিন গোনার সঙ্গে সঙ্গে প্রতিটি দল তাদের পছন্দ করা নামটি চিৎকার করে বলেবে। কোনো দল যদি চিৎকার করে "এস্থার!" এবং অন্যরা যদি চিৎকার করে "হামান," এস্থার দল তখন তাদের ধাওয়া করে তাদের নিরাপদ জোনে নিয়ে যাবে (কোন এঁকে বা গাছ বা অন্য কোনো বড় কিছুকে আপনি নিরাপদ জোন হিসেবে নির্ধারিত করে দিবেন)। যাকে ছুঁয়ে ফেলা হবে সে অপর দলের অন্তর্ভুক্ত হয়ে যাবে। উভয় দল যদি একই নাম নির্ধারণ করে তবে তাদের ব্যাকআপ পছন্দ অনুসারে তাদের আবার চিৎকার করার সুযোগ দেয়া হবে।

## আলোচনা (লেসন ৫)

(তুলনামূলক বড় শিক্ষার্থীদের জন্য)

1. তোমার বৈশিষ্ট্যগুলো দিয়ে তুমি কিভাবে ঈশ্বরের সেবা করতে পারো?



তাদের নাক, থুতনি, চোখ, মুখ ইত্যাদি বাহ্যিক বৈশিষ্টগুলো পরিবর্তন করা নিয়ে আলোচনা করতে দিন। তবে তাদের কাউকে একে অন্যকে তাদের বাহ্যিক বৈশিষ্ট্য নিয়ে উপহাস করার সুযোগ দেবেন না। কিছুক্ষণ পর এই কথোপথন সৃজনশীল বা গোয়েন্দা বা মানসিক শক্তিমূলক কর্মকাণ্ডের দিকে ধাবিত করুন। কারো পারিবারিক রোগ নিয়েও আলোচনা করতে পারেন। তাদের বোঝান, এই সবকিছু ঈশ্বরের ডিজাইন। তাই ঈশ্বর আমাদের যেভাবে সৃষ্টি করেছেন আমাদের তাই নিয়েই সন্তুষ্ট থাকা উচিত। এমনকি আমরা যদি তা পছন্দ না করি, তবুও। আমাদের গায়ের রং বা কণ্ঠ যেভাবে দেয়া হয়েছে তাতে হয়তো ঈশ্বরের কোনো গোপন পরিকল্পনা রয়েছে।

2. তুমি জীবনে কত কঠিন নির্দেশ পালন করেছো?


প্রতিটি বাচ্চাকে তাদের ব্যক্তিগত সাফল্য নিয়ে আলাপ করতে দিন, যাতে তারা বুঝতে পারে অপরের নির্দেশণা মেনে চলাটা কতটা গুরুত্বপূর্ণ। আস্ফালন বা অতি-উৎসাহ দমন করুন। যেমন: রাতে দোকানে যাওয়া, তোমাকে বিরক্ত করে এমন কারো বাড়ির সামনে দিয়ে স্কুলে যাওয়া, বা একবার হোমওয়ার্ক খারাপ হয়ে যাওয়ার কারণে তা পুনরায় করা।


3. পরিবারের অন্যান্য সদস্য যেমন খালা ও মামা কিভাবে তোমার যত্ন নেন?

তাদেরকে দাদা-দাদি, নানা-নানি, খালা-খালু, চাচা-চাচী, মামা-মামী, চাচাতো-মামাতো-খালাতো ভাই-বোনদের নিয়ে কথা বলতে দিন। তবে পরিবারের নেতিবাচক কোনো বক্তব্য আলোচনা করা থেকে তাদের বিরত রাখুন। উত্তরগুলোতে ভিন্নতা থাকাই স্বাভাবিক, কিন্তু "আমাকে চিপস কিনে দিয়েছে এমন গল্প থেকে শুরু করে আমাকে কাজ পেতে সাহায্য করেছে" এমন সব গল্পও গ্রহণ করুন।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ৫)



## লুকাসের পরীক্ষণ (লেসন ৫)

শিক্ষার্থীদের দুটি স্ট্র ও টেপ ব্যবহার করে উড়তে সক্ষম এমন একটি রকেট বানাতে বলুন। একটি স্ট্রর ভেতর দিয়ে বাতাস বেরিয়ে যায়, এবং দ্বিতীয়টি উড়তে পারে। কে কত উপরে বা দূরে নিতে পারে তা নিয়ে একটি প্রতিযোগিতাও আয়োজন করে ফেলতে পারেন। (ইউটিউবে বিস্তারিত দেখুন)

https://www.facebook.com/childrenareimportant/videos/1291929934176720/

# --[ কেস ৬ ]--

## সূত্র! (লেসন ৬)

### 1 সূত্র #১ শিরোনাম (লেসন ৬)

**ভিন্ন স্বাস্থ্যের প্রমাণের কেস।**

### 2 সূত্র #২ নাটক (লেসন ৬)

বর্ননাকারী: এটি কাল্পনিক, কিন্তু নির্দোষীদের রক্ষা করার জন্য কিছু নাম ও স্থান গোপন করা হয়েছে।
আবর্জনা পরিষ্কারক: [মোবাইল ফোনে কথা বলছেন] হ্যালো, কল সেন্টার? আমি একটি অভিযোগ জানাতে চাই।
কল সেন্টার: [বিষন্ন শব্দ করে] জ্বি, কি বলতে চাও আবর্জনা পরিষ্কারক?
আবর্জনা পরিষ্কারক: তোমাকে আবারো বিরক্ত করার জন্য দুঃখিত, কিন্তু এবারে এটি অরুচিকর। এবার কিছু একটা করতেই হবে।
কল সেন্টার: কি নিয়ে কিছু একটা করতেই হবে?
আবর্জনা পরিষ্কারক: এখানে সব জায়গায় প্রচুর ব্যবহৃত ব্যান্ড-এইড পাওয়া যাচ্ছে।
কল সেন্টার: তাহলে, কিছু প্লাস্টিকের গ্লাভস ব্যবহার করে সেগুলো তুলে ফেলো।
আবর্জনা পরিষ্কারক: না, তুমি বুঝতে পারছো না, সেগুলো সব জায়গায় ছড়িয়ে আছে [কন্ঠ পরিষ্কার করে], এখানে প্রায় ডজনখানেক নোংরা অসুস্থ্য ব্যক্তি তাদের ব্যান্ডেজ ফেলে রেখে গেছে, এটা জঘন্য।
কল সেন্টার: ঠিক আছে, তুমি এখন কোথায়?
আবর্জনা পরিষ্কারক: জেরুজালেম হাইওয়ের সাউথবাউন্ড লেনের পশ্চিমে একটি গ্রামে।
কল সেন্টার: ঠিক আছে, সেখানে অফিসার জো দায়িত্বরত অছেন, ওখানটা পরিষ্কার করার পর আমি ওনাকে ওনাকে সেখানে যেতে বলবো। শহরে একটি ভিড় যাচ্ছে এমন প্রতিবেদনের পর তিনি এখন ব্যস্ত আছেন।
আবর্জনা পরিষ্কারক: ওহ, না অফিসার জোকে দরকার নেই। তিনি আমাকে কোনো সাহায্য করেন না।
কল সেন্টার: কিন্তু ওই এলাকায় এখন শুধু উনিই রয়েছেন। তবে তুমি দুই ঘন্টা অপেক্ষা করলে শিফট পরিবর্তন হলে তখন হয়তো অন্য কাউকে পাওয়া যাবে।
আবর্জনা পরিষ্কারক: ওহ, ঠিক আছে। কিছু মনে করো না, আমি এগুলো নিজে থেকেই পরিষ্কার করে দিচ্ছি [কন্ঠ পরিষ্কার করে]

### 3 সূত্র #৩ সামগ্রী (লেসন ৬)

এই সামগ্রীগুলো সূত্র হিসেবে ক্লাসে আনতে হবে: সাদা কাপড়।


### 4 সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ৬)

জেরুজালেমের টেম্পলের বর্তমান চিত্র। (গোপন ইঙ্গিত: যেখানে কুষ্ঠরোগীরা আরোগ্য লাভ করার পর যীশুর নির্দেশে যেতেন।)




## সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ৬)

গোপন ইঙ্গিত: ১০ কুষ্ঠরোগীর জন্য ১০টি খাবারের পাত্র, দেয়ালের অপর পাশে, কারণ কুষ্ঠরোগীদের শহরের বাইরে থাকতে হতো।



কেস সমাধান কেস সমাধান

# কেস সমাধান! (লেসন ৬)

## বাইবেলের গল্প (লেসন ৬)

**১০ কুষ্ঠরোগী**

**বাইবেল থেকে: লুক ১৭:১১-১৯**



তার নিজ শহর থেকে বেশি দূরে নয়, যীশু সামারিয়া ও গ্যালিলির সীমানাবর্তী রাস্তা ধরে জেরুজালেমের দিকে হাটছিলেন, সেখানে হাঁটার দূরত্ব ছিল ৩০ ঘন্টার পথ। তিনি যখন একটি গ্রামে প্রবেশ করলেন তখন ১০ জন কুষ্ঠরোগী দূর থেকে তাকে ডেকে উঠলেন, "যীশু, হে মহান, আমাদের ওপর দয়া করুন!" কুষ্ঠ এমন একটি রোগ যাতে মানুষের আঙুল, পায়ের অগ্রভাগ, নাক, কান ক্ষয়ে যায়, আর যারা এই রোগে আক্রান্ত হয়, তাদের অপবিত্র হিসেবে গণ্য করা হতো। তাদের দেখে যীশু বললেন, "যাও, ইহুদি ধর্মযাজকদের গিয়ে তোমাদের অবস্থা দেখাও।" মোজেসের আইন অনুযায়ী, কেউ যদি এমন রোগ থেকে আরোগ্য লাভ করে, তবে তাকে সমাজে আবারো ফিরে আসার সুযোগ দিতে হবে এবং টেম্পলে গিয়ে আবারো তাদের প্রার্থনা করার সুযোগ দিতে হবে। এক্ষেত্রে যেহেতু তারা আরোগ্য লাভ করেনি, তাই বিষয়টা আশ্চর্যজনক ছিল।

তারা জেরুজালেমের দিকে হাটা শুরু করলো এবং তারা যখন হাটছিলো, তারা পবিত্র হয়ে যাচ্ছিলেন/ সুস্থ হয়ে যাচ্ছিলেন! তাদের মধ্যে একজন তুচ্ছ বিদেশী, দেখতে পেলেন তিনি পরিষ্কার হয়ে যাচ্ছেন। তখনই তিনি যীশুর কাছে ফিরে এলেন। তিনি ঈশ্বরের কাছে ধন্যবাদ জানালেন। তিনি যীশুর কাছে এসে তার পায়ের সামনে বসে পড়লেন, তাকে ধন্যবাদ জানালেন। যীশু অবাক হলেন, তিনি পরিষ্কার হয়ে গেছেন জেনে তাকে জিজ্ঞাসা করলেন, “তোমরা ১০ জনই কি পরিষ্কার হয়ে যাওনি? বাকি ৯ জন কোথায়? এই বিদেশী ব্যক্তি বাদে তারা কি ফিরে এসে

ধন্যবাদ জানাবে না?” অতঃপর যীশু কৃতজ্ঞ ব্যক্তিটিকে বললেন, "উঠে দাঁড়াও এবং চলে যাও; তোমার বিশ্বাসই তোমাকে সুস্থ করে তুলেছে।"

## ব্যবহারিক (লেসন ৬)

**ওই কুষ্ঠরোগীর মতো, আমার বলা উচিত, “ধন্যবাদ” ঈশ্বর আমাকে এতেকিছু দেয়ার জন্য।**

## শ্লোক স্মৃতিচারণ (লেসন ৬)

“সব বিষয়ে ঈশ্বরকে ধন্যবাদ দাও; কারণ তোমরা যাঁরা খ্রীষ্টের সঙ্গে যুক্ত তাদের বিষয়ে এটাই ঈশ্বরের ইচ্ছা” ১ থেসালোনিকীয় ৫:১৮

## অ্যাসাইনমেন্ট (লেসন ৬)

তিনটি জিনিসের একটি তালিকা তৈরি করো যার জন্য আপনার ধন্যবাদ দেয়া হয়নি। জিনিসগুলো খুব সাধারণ কিছুও হতে পারে, যেমন খাবার, কাপড় বা পারিবারিক কোনো ঘটনা। আপনার শিক্ষার্থীদের নতুন নতুন আইডিয়া বের করতে বলুন, যেখানে অপরকে ধন্যবাদ দেয়া যায়; যেমন: আপনি কোনো কিছু হারিয়ে ফেললে তা খুঁজে বের করতে সাহায্য করা, বৃষ্টির সময় আপনার মাথায় ছাতা দিয়ে স্কুল পর্যন্ত এগিয়ে দেয়া, ভাই ও বোনের প্রতি শুধুমাত্র ভালো ভালো কথা বলা ইত্যাদি

## ঈশ্বরের ডিএনএ (লেসন ৬)




আমরা এই লেসনে ঈশ্বর সম্পর্কে কি জানলাম? ঈশ্বর চান আমরা সবাই তার আদেশ মেনে চলি এবং তার কাছে কৃতজ্ঞ হই।



# ফান টাইম! (লেসন ৬)

## গেইম (লেসন ৬)

ঝাটা ধরা

একজন খেলোয়ারকে মাঝে রেখে বাকি সব খেলোয়াররা তাকে ঘিরে ধরবে। বৃত্তাকারে ঘিরে থাকা প্রতিটি শিক্ষার্থীকে একটি সংখ্যা দেয়া হবে। মাঝখানের খেলোয়ারের হাতে থাকবে লম্বালম্বী করে ধরা একটি ঝাটা (ঝারু), এক আঙুলে তাকে এটি আগলে রাখতে হবে। কোনো সতর্কতা ছাড়াই, সে ঝাটার হাতল থেকে আঙুল সরিয়ে নেবে এবং একই সময় একজনের সংখ্যা ধরে ডাকবে। ঐ সংখ্যা যাকে দেয়া হয়েছিল তার দায়িত্ব হবে ঝাটাটি মাটিতে পরে যাওয়ার আগেই সেটি ধরে ফেলা। সে যদি ধরতে পারে, তবে সে হবে মাঝখানের খেলোয়ার। আর সে যদি ব্যর্থ হয়, তবে সে বৃত্তে ফিরে যাবে।

## আলোচনা (লেসন ৬)

(তুলনামূলক বড় শিক্ষার্থীদের জন্য)

1. আমরা এখন কেন কঠিনতর অসুখগুলো থেকে আরোগ্য দেখতে পাই না?



শিক্ষার্থীদের আরোগ্য লাভ নিয়ে কথা বলতে দিন; আমাদের চার্চের এই শহরের জন্য ঈশ্বর কি কি করেছেন। আরোগ্য লাভের সঙ্গে বিশ্বাস কিভাবে জড়িত তা নিয়ে আলোচনা করুন। পৃথিবীতে আরোগ্য লাভ কমে গেলে, বিশ্বাস কমে গেলে, নীতিবোধ কমে গেলে তা কিভাবে প্রভাব ফেলবে তা নিয়ে কথা বলুন; অথবা নির্যাতন বেড়ে গেলে বা পুনরুজ্জীবন কমে গেলে তা কিভাবে প্রভাব ফেলবে।

2. কোন কারণে আমি আরোগ্য চাইলে তা গ্রহণ করা হবে না?


বিশ্বাসের অভাব, বা ঈশ্বরের আমাকে নিয়ে ভিন্ন কোনো পরিকল্পনা থাকলে, কারণ ঈশ্বর আমাদের ভবিষ্যত জানেন বা আমাদের উদ্দেশ্য সম্পর্কেও তিনি ভালোভাবেই জানেন। আবার এমনও হতে পারে, আপনার আরোগ্য লাভ আপনার জন্য ভালো নাও হতে পারে, বা আপনার জীবনে কোনো পাপ বয়ে আনতে পারে, বা ওই সময় আপনার জন্য আরোগ্য লাভের সঠিক সময় নয়।


3. ১০ কুষ্ঠরোগী কি আরোগ্য লাভের উপযুক্ত ছিলেন?

অনেকে ভাবেন তারা ঋণী ছিলেন এবং উপযুক্ত ছিলেন না বলেই তারা কৃতজ্ঞতা প্রকাশ করেননি। আমরা কিভাবে কোনো কিছু পাবার উপযুক্ত হতে পারি? শিক্ষক হিসেবে আপনার উদ্দেশ্য হবে আপনার শিক্ষার্থীদের বুঝানো যে, তারা কোনো কিছুর জন্যই উপযুক্ত হয়নি। তাই আমাদের যা আছে তাই নিয়ে আমাদের কৃতজ্ঞতা প্রকাশ করতে হবে, কারণ সবকিছুই ঈশ্বরের আর আমাদের ঈশ্বরের দেয়া কাজেই ব্যস্ত থাকা উচিত।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ৬)



## লুকাসের পরীক্ষণ (লেসন ৬)

শিক্ষার্থীদের একটি কার্ডস্টোক দিয়ে সেটি চাঁদের মতো বাঁকা করতে বলুন, এটি টেবিলের ওপর রাখুন এবং এর নিচে ফুঁ দিয়ে দেখুন কিভাবে দ্রুত বাতাস কিভাবে কম বাতাসের চাপ সৃষ্টি করে এবং ধীরে বাতাস কিভাবে বেশি চাপ সৃষ্টি করে। দ্রুত বাতাস বিমানের পাখায় লেগে সেটা ভেসে থাকতে সাহায্য করে। (ইউটিউবে বিস্তারিত দেখুন)
https://www.facebook.com/childrenareimportant/videos/1291958180840562/

# --[ কেস ৭ ]--

## সূত্র! (লেসন ৭)

### সূত্র #১ শিরোনাম (লেসন ৭)

**উপস্থিত কুকুরছানার কেস**

### সূত্র #২ নাটক (লেসন ৭)

বর্ণনাকারী: গল্পটি কাল্পনিক কিন্তু নির্দোষদের রক্ষা করার জন্য কিছু নাম ও স্থান গোপন করা হয়েছে।
পড: প্র-প্র-প্র-প্র-প্র-প্র পিতামহ?
GGGGGG-PA: হ্যা, নও জোয়ান?
পড: তুমি কি আমার স্কুলের গোয়েন্দা অ্যাসাইনমেন্ট নিয়ে সাহায্য করতে পারো?
GGGGGG-PA: অবশ্যয়ই, আমার কাজের সঙ্গে সঙ্গে আমার সঙ্গে হাটতে থাকো, আজকের মধ্যে আমার এই গাছগুলো রোপন শেষ করতে হবে, যাতে আমাকে পিছে পড়ে না থাকতে হয়। কপালের ঘাম মুছলেন।
পড: ইয়াহু! এবার তাহলে আমি সেরা গোয়েন্দা কাহিনী পেতে যাচ্ছি। আমি এবার বয়স্ক কোনো ব্যক্তির সবচেয়ে পুরোনো স্মৃতি নিয়ে একটি প্রতিবেদন তৈরি করছি।
GGGGGG-PA:তুমি আমাকে সেই জন্যই নির্ধারণ করেছো, তাই না?
পড: হ্যা অবশ্যয়ই। তো, তুমি কি আমাকে বলতে পারো, এই পাহাড়গুলো কিভাবে এখানে এসেছে?
GGGGGG-PA: দীর্ঘশ্বাস ফেলে, আমি হয়তো বা বৃদ্ধ, কিন্তু ওটার চেয়ে আমি বৃদ্ধ নই।
পড: ঠিক আছে, ওই নদীটা কিভাবে এলো তা তো নিশ্চয়ই জানো?
GGGGGG-PA: আমি কিছু বষন্ত দেখেছি, যখন এটি কানায় কানায় পূর্ণ হয়েছিল, কিন্তু তখন আমি যুবক ছিলাম এবং তার আগে কি হয়েছে জানি না।
পড: তাহলে, তোমার সবচেয়ে পুরোনো স্মৃতি কোনটা?
GGGGGG-PA: প্রাণী। আমার নববধূ ও আমি সকাল বেলা বেড়িয়ে পড়তাম এবং প্রাণী দেখতে দেখতে সকালের নাশতা করতাম। আমি তাকে বলতাম, ওদিকে একবার তাকাও, কি সুন্দর ওটা, এবং তখন সে বলতো, কোনটা বড় বাদামি রংয়েরটা নাকি উপরের লালটা? কিছুক্ষণ পর আমরা আমাদের সকালের নাশতা শেষ করতাম এবং প্রাণীগুলোর পাগলামি, অর্থহীন আচরণগুলো দেখতাম।
পড: সত্যি? সেটা নিশ্চয়ই অসাধারণ কিছু মুহূর্ত ছিল।
GGGGGG-PA: হ্যা, অবশ্যয়ই। কে জানে হয়তো তুমি ও তোমার সন্তানও একদিন এভাবেই তাদের দেখতে পাবে।
পড: খুবই চমৎকার স্মৃতি হবে সেটা।

### সূত্র #৩ সামগ্রী (লেসন ৭)

সূত্র হিসেবে এই সামগ্রীগুলো ক্লাসে আনতে হবে: ফুল।


## সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ৭)

ইরাকের বাগদাদের টাইগ্রিস নদীর বর্তমান ছবি। (গোপন ইঙ্গিত: জেনেসিসের দ্বিতীয় অধ্যায়ে এর উল্লেখ আছে)




## সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ৭)

গোপন ইঙ্গিত: সব সৃষ্টিই প্রমাণ।



কেস সমাধান কেস সমাধান

# কেস সমাধান! (লেসন ৭)

## বাইবেলের গল্প (লেসন ৭)

**সৃষ্টি**

**বাইবেল থেকে: জেনেসিস ১**



সপ্তম দিনে ঈশ্বর বিশ্রাম নিলেন, তিনি বুঝতে পারলেন তার সৃষ্টি উত্তম ছিল এবং তিনি সকল কাজ থেকে বিরতি নিলেন। কিন্তু শুরুতে প্রথম দিনে ঈশ্বর বলেছিলেন, "আলো ফুটতে দাও" এবং তা ফুটে উঠলো। দ্বিতীয় দিনে ঈশ্বর বললেন "আকাশ গড়ে উঠুক" এবং তা হয়ে গেলো। তৃতীয় দিনে ঈশ্বর খুবই ব্যস্ত ছিলেন এবং সেদিন তিনি ভূমি এবং সব উদ্ভিদকে সৃষ্টি করলেন। এর মধ্যে ছিল সব ফুল, গাছ, ঘাস; এবং ঈশ্বর বললেন এটা উত্তম ছিল। এরপর চতুর্থদিনে দিন, বছর, ঋতুর হিসাব রাখার জন্য ঈশ্বর সূর্য ও চাঁদ সৃষ্টি করলেন। রাতের আকাশে জ্বলে ওঠার জন্য তিনি সৃষ্টি করলেন অসংখ্য তারা। পঞ্চম দিনে তিনি সমুদ্রের সব প্রাণীকে নিয়ে এলেন এবং বাতাসে ছেড়ে দিলেন পাখি, এবং ঈশ্বর তাদেরকে ফলপ্রসু ও বংশবিস্তার করতে বললেন। ছোট-বড় সকল প্রাণী সৃষ্টি হলো ৬ষ্ঠ দিনে, এবং ঈশ্বর সৃষ্টি করলেন মানুষকে। তিনি তার নিঃশ্বাস মাটিতে ফুকে দিলেন এবং সৃষ্টি হলো মানুষ! তাকে দেয়া হলো সব উদ্ভিদ ও প্রাণীর ওপর আধিপত্য করার অধিকার। ঈশ্বর একটি বিশেষ বাগান তৈরি করলেন এবং সেখানে আদমকে রাখলেন। আদম যখন ঘুমাতে গেলেন, ঈশ্বর ভাবলেন, তার একা থাকা ভালো হচ্ছে না, সুতরাং তিনি তার একটি বুকের পাঁজর নিলেন এবং হাওয়াকে সৃষ্টি করলেন। তারপর ঈশ্বর তাদের বংশবিস্তারের নির্দেশ দিলেন এবং পৃথিবীকে ভরে দিলেন, অতপর সপ্তম দিনে তিনি বিশ্রাম নিলেন।

## ব্যবহারিক (লেসন ৭)
**আদমের মতোই, আমার চারপাশের সব সৃষ্টির প্রতি দায়িত্বশীল হওয়া আমার কর্তব্য।**

## শ্লোক স্মৃতিচারণ (লেসন ৭)
“ঈশ্বর তাদের আশীর্বাদ করে বললেন… সমুদ্রে মাছেদের এবং বাতাসে পাখিদের শাসন করো। মাটির ওপর যা কিছু নড়েচড়ে, যাবতীয় প্রাণীকে তোমরা শাসন করো।" আদিপুস্তক ১:২৮খ

## অ্যাসাইনমেন্ট (লেসন ৭)
তোমার উঠানের গাছে পানি দাও এবং আশপাশ থেকে ক্ষতিকর আগাছা তুলে ফেলো, তাহলে এটা আরো ভালোভাবে বেড়ে উঠবে।

## ঈশ্বরের ডিএনএ (লেসন ৭)



আমরা এই লেসন থেকে কি শিখতে পারলাম? ঈশ্বরই সবকিছুর সৃষ্টিকর্তা।



# ফান টাইম! (লেসন ৭)

## গেইম (লেসন ৭)
সৃষ্টির খেলা

কাগজে সূর্য ও চাঁদের নাম লেখো; শিশুরা খুব ছোট হলে তাদের জন্য ছবি এঁকে দিন। তারপর সেটিকে দেয়াল বা মেঝেতে সেঁটে দিন। তাছাড়া, জেনেসিসে উল্লিখিত অন্যান্য সৃষ্টি, যেমন- পাখি, মাছ, গাছ, লেকের প্রতীক আঁকুন। গেইমটি খেলার জন্য, শিক্ষক যেকোনো আইটেমের নাম ধরে ডাকবেন এবং শিক্ষার্থীরা ওই প্রতীকের আঁকা ছবি হাতে দৌড়ে সেখানে চলে যাবে। সবার শেষে যে শিক্ষার্থী যাবে সে ”আউট” হয়ে যাবে এবং তাকে বসিয়ে রাখা হবে। কম বয়সী শিশুরা নিজেদের প্রাণী হিসেবে মনে করতে পারে এবং সৃষ্টির সময় ঈশ্বর সৃষ্টি করেছেন এমন কিছুর সামনে গিয়ে দাঁড়াতে পারে।

## আলোচনা (লেসন ৭)
(তুলনামূলক বড় শিক্ষার্থীদের জন্য)

1. ক্লোন সম্পর্কে তুমি কি মনে করো? আমরা কি বিজ্ঞানের সাহায্যে মানুষ তৈরি করতে পারি?

আপনার শিক্ষার্থীদের ঈশ্বরের সৃষ্টিতত্ত্ব সম্পর্কে ধারণা দিন। তিনি কিভাবে মানুষকে শূণ্য থেকে সৃষ্টি করেছেন, এবং বোঝানোর চেষ্টা করুন, আমরা কিভাবে ঈশ্বরের বিজ্ঞান ব্যবহার করেই সবকিছু তৈরি করছি। একই ডিএনএ দিয়ে কাউকে তৈরি করার বিষয়ে নৈতিকতার চ্যালেঞ্জগুলো নিয়ে আলোচনা করুন এবং কোন কোন দেশ এর অনুমোদন দেয় আর কোন কোন দেশ দেয় না তাও জানান।



2. সপ্তাহে একটি দিন আমাদের কেন বিশ্রাম নিতে হবে, যদি আমরা ওল্ড টেস্টামেন্টের অধীনে না থাকি?


এই প্রশ্নের উত্তর দেয়ার আগে আপনার যাজকের সঙ্গে আলোচনা করে নিন, আপনার ব্যাখ্যা সাবাথের সঙ্গে মানানসই হয় কিনা, এবং আপনি কিভাবে তা ব্যাখ্যা করছেন। আপনার শিক্ষার্থীদের সঙ্গে কথা বলুন, আপনার ব্যাখ্যা যদি সাবাথে বিশ্রাম নিয়ার বাধ্যবাধকতার সঙ্গে না মেলে তবুও, বিশ্রামের অভাবে আমাদের শরীর কিভাবে ভেঙে পরতে পারে তা নিয়ে আলোচনা করুন। এমনকি ঈশ্বরের অনুগ্রহ পেলেও আমাদের প্রতি সপ্তাহে বিশ্রাম নেয়া উচিত, ঈশ্বর জানেন আমাদের কি প্রয়োজন।


3. পুনর্ব্যবহার, বৈশ্বিক উষ্ণায়ন ও বিলুপ্তির হাত থেকে প্রাণী রক্ষার ক্ষেত্রে করণীয় কী? খ্রিষ্টানদের কি এতে অংশ নেয়া উচিত?

এ নিয়ে বিতর্কের একপক্ষে থাকবে ঈশ্বর সব সৃষ্টির উপর আমাদের কর্তৃত্ব দিয়েছেন, এবং আমাদের উচিত সবকিছুর খেয়াল রাখা। প্রকৃতপক্ষে বলতে গেলে, আমাদের দূষণ নিয়ে আরো সচেতন হওয়া উচিত এবং প্রাণীদেরও যত্ন নেয়া উচিত। অন্য পক্ষে থাকবে, মানুষ যুদ্ধে, বিদ্বেষে নিহত হচ্ছে, এছাড়াও মানুষের বিরুদ্ধে অনেক মন্দ করা করা হচ্ছে, সুতরাং মানুষকে রক্ষাই যদি অগ্রাধিকার হয়, তাহলে কেন আমাদের সম্পদ দিয়ে প্রাণীদের রক্ষা করতে যাবো। এই আলোচনার কোনো উত্তর নেই; তাই, শিক্ষক হিসেবে আপনার উদ্দেশ্য হবে, শিক্ষার্থীদের নিজে থেকে বিষয়টি নিয়ে চিন্তা করতে উদ্বুদ্ধ করা।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ৭)



## লুকাসের পরীক্ষণ (লেসন ৭)

কক্ষে লেবেল আছে এবং লেবেল নেই এমন পাঁচটি-পাঁচটি করে জিনিস আপনার শিক্ষার্থীদের খুঁজে বের করতে বলুন। বিবেচনায় রাখুন মানুষ লেবেল ব্যবহার করে, ঈশ্বর নয়। (বিস্তারিত দেখুন ইউটিউবে)
https://www.facebook.com/childrenareimportant/videos/1292083794161334/

# --[ কেস ৮ ]--

## সূত্র! (লেসন ৮)

### সূত্র #১ শিরোনাম (লেসন ৮)

**ভিকটিমের অবস্থা দূর থেকে পরিবর্তনের কেস**

### সূত্র #২ নাটক (লেসন ৮)

বর্ণনাকারী: গল্পটি কাল্পনিক কিন্তু নির্দোষদের রক্ষা করার জন্য কিছু নাম ও স্থান গোপন করা হয়েছে।
ডাক্তার: হ্যালো প্রহরী, আমি জনের চেকআপ করার জন্য ফিরে এসেছি।
গেট ক্যাপ্টেন: ওহ, তার আর প্রয়োজন হবে না।
ডাক্তার: আপনি কি বলতে চাচ্ছেন? আমি তাকে বেড রেস্টের শক্ত আদেশ দিয়েছিলাম, আমি এটাও নিশ্চিত ছিলাম যে, সে রাতটা পার করতে পারবে না। এই জন্যই তো আমি আবার তাকে চেকআপ করার জন্য ফিরে এলাম।
প্রহরী: হয়তো, আপনার অ্যাসাইনমেন্ট “আসা” থেকে “যাওয়া”তে পরিবর্তিত হয়ে গেছে।
ডাক্তার: এটা খুবই অদ্ভুত। জন কি মারা গেছে নাকি তার অবস্থার কিছুটা উন্নতি হয়েছে?
প্রহরী: আমি জানি না। আমি এখানে বসে গতকাল থেকে এ পর্যন্ত তেমন কোনো তথ্য পাইনি, আমি শুধু দেখতে পাচ্ছি, আপনার অ্যাসাইনমেন্ট “আসা” থেকে “যাওয়া” তে পরিবর্তিত হয়ে গেছে।
ডাক্তার: কেমন যেন অদ্ভুত লাগছে, বাড়িতে বড় কেউ আছে? আমি তাদের সঙ্গে কথা বলতে ইচ্ছুক।
প্রহরী: তারা ফিরে এসেছেন, তবে তাদের কাছ থেকে আপনি কোনো সহযোগিতা পাবেন বলে আমার মনে হয় না।
ডাক্তার: তা কেন? আমি তো জানতাম, তারা কারো সাহায্য খুঁজতে বেরিয়েছিলেন।
প্রহরী: তারা গিয়েছিলেন, কিন্তু তারপর বস আবারো গিয়েছিলেন এবং তাকে ফিরে আসতে মানা করে দিয়েছেন। আমি জানি না কি ঘটেছে, কিন্তু গতকাল বস যাওয়ার সময় আপনার অর্ডারটি পরিবর্তন করে দিয়ে গেছেন।
ডাক্তার: আচ্ছা, তাহলে কি আমি আপনার বসের সঙ্গে কথা বলতে পারি?
প্রহরী: জ্বি না, আপনাকে যখন “যেতে” বলা হয়েছে, তখন আপনার “আসা” উচিত না, তাই নয় কি?
ডাক্তার: না, তা তো অবশ্যই। আপনার সময়ের জন্য ধন্যবাদ।

### সূত্র #৩ সামগ্রী (লেসন ৮)

সূত্র হিসেবে এই সামগ্রীগুলো ক্লাসে আনতে হবে: ঔষধ।


### সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ৮)

একটি নাটকে উপস্থাপিত রোমান সেনা। মাথায় লাল পালক বিশিষ্ট সৈনিককে বলা হতো "সেনচুরিয়ন," যিনি ১০০ পতাদিক যোদ্ধার দায়িত্ব পালন করতেন। (গোপন ইঙ্গিত: যীশুর সঙ্গে যে সেনচুরিয়ন কথা বলেছিলেন, তার পোশাকও এমনটা ছিল।)




## 5 সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ৮)

গোপন ইঙ্গিত: শূণ্য বিছানা, প্লেট, কাপ, এবং থার্মোমিটার যা একটি অসুস্থ্য ব্যক্তিকে ইঙ্গিত করে, ওই বাড়িটি থেকে দূরে পদচারণাগুলো নির্দেশ করে যীশুখিষ্ট কিভাবে দূর থেকে তাকে সুস্থ্য করেছিলেন তা বোঝাতে।



CASE SOLVED CASE SOLVED

# কেস সমাধান: (লেসন ৮)

## বাইবেলের গল্প (লেসন ৮)

### সেনচুরিয়নের বিশ্বাস

**বাইবেল থেকে: লুক ৭:১-১০**



দাসদের একটি দল যীশুর কাছে আসলেন, দুত তারা তাকে জানিয়ে গেলেন এক দাস তার মালিকের বাড়িতে অসুস্থ্য অবস্থায় পড়ে আছে। তাদের মালিক একজন রোমান সেনচুরিয়ন সেনা। তিনি ১০০ সেনার প্রধান এবং তার প্রিয় দাস অসুস্থ্য হয়ে মৃত্যুর পথে। যীশু যখন ওই সেনচুরিয়নের বাড়িতে যাচ্ছিলেন তখন তিনি আরেকদল লোকের সামনে পড়লেন। ওই সেনচুরিয়ন সেনা তার একদল বন্ধুতে একটি বার্তা দিয়ে পাঠিয়েছিলেন, "আমি অনুরোধ করা মাত্র আপনি তা গ্রহণ করবেন আমি এমন কিছুর উপযুক্ত নই, আপনি আমার বাড়িতে আসবেন আমি এমন মূল্যবান কিছুও নই। এই কারণেই আমি নিজে আপনার সামনে উপস্থিত হইনি। কিন্তু আপনার কথায় আমার দাস সুস্থ হয়ে যেতে পারে। অন্যের উপর আমার যেমন কর্তৃত্ব আছে, আমার উপরেও তেমনি অন্যের কর্তৃত্ব আছে। আমি যদি কোনো সেনাকে আসতে বা যেতে বলি তবে তারা তা মেনে চলতে বাধ্য।" সেনচুরিয়ন বুঝতে পেরেছিলেন, যীশুর কর্তৃত্বের সাহায্যে তিনি যা বলবেন তাই হবে। যীশু যখন এই বার্তা পেলেন, তিনি খুব বিস্মিত হলেন এবং বললেন, "আমি তোমাদের বলছি, পুরো ইসরাইলে আমি এমন বিশ্বাস দেখিনি।" ওই রাতে সেনচুরিয়নের দাসরা বাড়ি ফিরে গেলে দেখতে পান ওই অসুস্থ্য মৃত্যুপথযাত্রী দাস সুস্থ হয়ে গেছে।

## ব্যবহারিক (লেসন ৮)

**সেনচুরিয়নের মতো আমার বিশ্বাসও এমন অনেক কিছুও পরিবর্তিত হতে পারে যা আমার নিকটবর্তী নয়।**

## শ্লোক স্মৃতিচারণ (লেসন ৮)

“এই কথা শুনে যীশু আশ্চর্য হলেন৷ যে সব লোক ভীড় করে তাঁর পিছনে পিছনে আসছিল, তাদের দিকে ফিরে তিনি বললেন, ‘আমি তোমাদের বলছি, এমন কি ইস্রায়েলীয়দের মধ্যেও এত বড় বিশ্বাস আমি কখনও দেখিনি৷" লুক ৭:৯

## অ্যাসাইনমেন্ট (লেসন ৮)

তোমার কোনো বন্ধু বা আত্মীয়ের কাছে একটি চিঠি লেখ। তাদের কাছে জানতে চাও, তারা কেমন আছেন এবং তাদের জন্য তোমার কোনো কিছু নিয়ে প্রার্থনা করতে হবে কিনা তাও
জিজ্ঞাসা করো।




## ঈশ্বরের ডিএনএ (লেসন ৮)

আমরা এই লেসন থেকে কি শিখতে পারলাম? ঈশ্বরের কর্তৃত্ব সবার উপরে।



# ফান টাইম! (লেসন ৮)

## গেইম (লেসন ৮)

শিমের ব্যাগ গেইম

এই খেলায় ব্যবহারের জন্য শিক্ষকরা কিছু ক্ষণস্থায়ী শিমের ব্যাগ বানাতে পারেন। এগুলো তৈরি করতে, ডাবল ছোট প্লাস্টিকের ব্যাগে (একটি ব্যাগ আরেকটি ব্যাগের মধ্যে ভরে ফেলুন) এবং যেকোনো শুকনো শিমের বীজ বা চাল ভরুন এবং শিম যেন বেড়িয়ে না আসতে পারে তার জন্য ব্যাগে গিঁট দিন।

- শিক্ষার্থীরা শিমের ব্যাগ মাথার উপরে আলতোভাবে ছুড়ে মারবে এবং আবার সেটি মাটিতে পরার আগেই ধরে ফেলবে।
- এক শিক্ষার্থী অপর শিক্ষার্থীর দিকে শিমের ব্যাগ ছুঁড়ে মারবে, যে সেটা ধরতে পারবে সে এক পা পেছনে চলে যাবে যাতে শিমের ব্যাগ ছুঁড়ে মারা ও ধরে ফেলার খেলা কঠিনতর হয়, এরপর সে ব্যাগটি অন্য কারো দিকে আলতোভাবে ছুঁড়ে মারবে।

বয়স্ক শিক্ষার্থীদের জন্য আরো আইডিয়া:

- শিমের ব্যাগ ধরাকে আরো কঠিনতর করার জন্য শিক্ষার্থীদের ব্যাগ ক্যাচ ধরার আগে বাতাসে ভাসমান অবস্থায় হাত তালি দেয়ার নির্দেশ দেয়া যেতে পারে।
- শিমের ব্যাগ ধরাকে আরো কঠিনতর করার জন্য শিক্ষার্থীরা এক হাত পেছনে রেখে শুধু মাত্র এক হাতে ব্যাগটি  ধরার জন্য নির্দেশ দেয়া যেতে পারে।

## আলোচনা (লেসন ৮)

(তুলনামূলক বড় শিক্ষার্থীদের জন্য)

1. সুস্থ হওয়ার সঙ্গে বিশ্বাসের সম্পর্ক কী?



বিশ্বাস হচ্ছে একটি মনোভাব যা দেখা যায় না। এই উদাহরণগুলো আমাদের বিশ্বাসের সঙ্গে সুস্থ হওয়ার সম্পর্ক বুঝতে সাহায্য করবে: একজন নারী একবার সুস্থ হয়ে গিয়েছিলেন শুধুমাত্র তিনি যীশুকে ছুঁয়েছেন এমন একটি ভাবনার পর। যীশু তাকে বলেছিলেন, “তোমার বিশ্বাসই তোমাকে সুস্থ করেছে।” মার্কের ২য় অধ্যায়ে জানা যায়, একজন ব্যক্তিকে তার বন্ধুরা একটি বাড়ির ছাদে শুইয়ে দিয়েছিলেন, এবং বাইবেল বলে, যীশু ওই লোকের বন্ধুদের বিশ্বাস দেখে ওই অসুস্থ্য ব্যক্তিটিকে সুস্থ করেছিলেন।  লুক ৭’র সেনচুরিয়ন সম্পর্কে বলা হয়েছিল, পুরো দেশের মধ্যে তার বিশ্বাস সবচেয়ে বেশি যে, যীশু দূর থেকেই কাউকে সুস্থ করে তুলতে পারেন। এবং মথি ১৫ তে একজন নারী

যীশুকে তার বিশ্বাস দেখিয়ে তার প্রতি যীশুর মনোভাবকে বদলে দিয়েছিলেন এবং তিনি যে সুস্থ্যতা চেয়েছিলেন তা অর্জন করেছিলেন। তাই বলা যায়, সুস্থতা পেতে বিশ্বাস খুবই গুরুত্বপূর্ণ, আপনি যদি এমন পরিস্থিতির স্বীকার হন যে, আপনি যে রোগমুক্তির চেষ্টা করছেন কিন্তু তার ফল পাচ্ছেন না, সেক্ষেত্রে আপনার বিশ্বাসের ঘাটতি থাকতে পারে। আমরা অনেক সময়ই এমন পরিস্থিতির মধ্যে পরি, যখন আমরা ভেবে পাইনা আমরা কেন সুস্থ হতে পারছি না, তাই আমাদের মনে রাখতে হবে বিশ্বাস খুবই গুরুত্বপূর্ণ।

2. স্কুলের গ্রেডের মতো বিশ্বাসেরও যদি কোনো স্তর থাকতো তবে তুমি কোন গ্রেড পেতে?


ভিন্ন ভিন্ন গ্রেডের অর্থ কি তা নিয়ে আলোচনা করুন; সেভাবে পাশ করা ও ফেল কথা নির্ধারিত হয় তাও আলোচনা করুন। (আপনার দেশের গ্রেডিং সিস্টেম নিয়ে আলোচনা করুন। অনেক দেশে সর্বোচ্চ স্কোর ১০, আবার অনেক দেশে A) বিশ্বাসের পরীক্ষায় শুধু পাশ করলে তার ফল কি, এবং কেউ তাতে ১০ বা A পেলে তার ফল কি? উদাহরণ: হাল ছেড়ে দেয়া মানেই ব্যর্থকা, আর চেষ্টা চালিয়ে যাওয়া এবং নির্দেশ মেনে চলাই পাশ করা। আবার তুমি যদি নির্দেশ মেনে চলো, কিন্তু অনেক বেশি অভিযোগ করো, তাহলে তুমি B বা ৮ স্কোরের মতো অপেক্ষাকৃত নিচু গ্রেড পেতে পারো।

3. অ-খ্রিস্টানরা কেমন বিশ্বাসের অধীকারী?

বিশ্বাস হচ্ছে সেই মনোভাব যা দেখা যায় না, আর তাই অ-খিস্টানদের ক্ষেত্রেও বিশ্বাস বিদ্যমান। আমরা যখন চেয়ারে বসি, আমরা বিশ্বাস করি যে, এটা আমাদের নিয়ে ভেঙে পড়বে না। বিবর্তনবাদ বা কোনো রাজনৈতিক দলের নির্বাচনে জয়লাভের ক্ষেত্রেও বিশ্বাসের অস্তিত্ব আছে। ভুল দেব-দেবীদের ঈশ্বর হিসেবে বিশ্বাস করার ফলে মানুষ ব্যর্থ হতে পারে। পৃথিবীর সব জায়গাতেই বিশ্বাসের অস্তিত্ব রয়েছে এবং প্রত্যেকেই কিছু না কিছুতে বিশ্বাস করে।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ৮)






## লুকাসের পরীক্ষণ (লেসন ৮)

আপনার শিক্ষার্থীদের বেলুন ফোলাতে বলুন এবং বেলুনটি তাদের মাথায় ঘষতে বলুন। এতে স্থির বিদ্যুত সৃষ্টি হয়। বেলুনটি দেয়ালের সঙ্গে লাগান, এবং দেখুন, কিভাবে কোনো সাহায্য ছাড়াই এটি দেয়ালের সঙ্গে লেগে থাকে, এর কারণ স্থির বিদ্যুৎ! (বিস্তারিত দেখুন ইউটিউবে)
https://www.facebook.com/childrenareimportant/videos/1293034897399557/

# --[ কেস ৯ ]--

## সূত্র! (লেসন ৯)

### সূত্র #১ শিরোনাম (লেসন ৯)

**অন্ধকার থেকে রহস্যজনক আঘাতের কেস**

### সূত্র #২ নাটক (লেসন ৯)

বর্ণনাকারী: গল্পটি কাল্পনিক কিন্তু নির্দোষদের রক্ষা করার জন্য কিছু নাম ও স্থান গোপন করা হয়েছে।
ইন্সপেক্টর: [দরজায় নক করলেন] শুভ সকাল, আমি স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে এসেছি, আমার কিছু প্রশ্ন ছিল।
ইয়াহুদা: [দরজা খুলে] জ্বি বলুন ইন্সপেক্টর?
ইন্সপেক্টর: আমার হাতে থাকা একটি প্রতিবেদন অনুযায়ী, এখানে কাউকে স্বাস্থ্যসেবা দেয়া হয়েছে। আপনি কি এখানে চিকিৎসাশাস্ত্র প্রাক্টিস করছেন?
ইয়াহুদা: না, জনাব।
ইন্সপেক্টর: তাহলে ওই পর্যটকের সঙ্গে আপনার সম্পর্ককে আপনি কিভাবে বর্ণনা করবেন?
ইয়াহুদা: তিনি একদল লোক নিয়ে এখানে এসেছিলেন।
ইন্সপেক্টর: আপনি কি তাদের কোনো বিশেষ খাবার খেতে দিয়েছিলেন?
ইয়াহুদা: তার দল প্রচুর পরিমাণে খেয়েছিল, কিন্তু ওই পর্যটক কিছু খেয়েছিলেন কিনা তা আমি নিশ্চিত করে বলতে পারছি না। তিনি প্রার্থনা করেই অনেক সময় কাটিয়ে দিয়েছিলেন।
ইন্সপেক্টর: আপনি কি তার ভালো যত্ন নিয়েছিলেন?
ইয়াহুদা: সত্যি বলতে, না, আমি তাকে সাহায্য করার চেষ্টা করেছিলাম, আমি ডাক্তার ডাকতেও চেয়েছিলাম, কিন্তু তিনি তাতে রাজি হননি। তিনি কারো জন্য অপেক্ষা করছিলেন।
ইন্সপেক্টর: তাহলে, তিনি কি তাদের দলের কাউকে তাকে আনতে পাঠিয়েছিলেন?
ইয়াহুদা: না, সত্যি বলতে, তারা কারো সঙ্গে কথা বলেননি। তিনি আসলেন, প্রার্থনা করলেন এবং অপেক্ষা করতে লাগলেন।
ইন্সপেক্টর: তারপর কি হলো?
ইয়াহুদা: কিছু দিন পর কেউ একজন হাজির হলেন, তাকে ছুঁলেন, তার কাছে কিছু বললেন, তাকে ধুয়ে দিলেন এবং চলে গেলেন।
ইন্সপেক্টর: তিনি কি ডাক্তার ছিলেন? তিনি কি কোনো ঔষধের কথা বলেছিলেন? অথবা কোনো বস্তু ব্যবহার করেছিলেন?
ইয়াহুদা: না, না, এবং না।
ইন্সপেক্টর: তারা কি বন্ধু ছিলেন?
ইয়াহুদা: সত্যি বলতে, আমি ভেবেছিলাম তারা আসলে শত্রু, কিন্তু তারা যেন বন্ধুর মতোই আচরণ করছিলো। পুরো ব্যাপারটাই আমাকে বিভ্রান্ত করে দিচ্ছিলো।

ইন্সপেক্টর: ঠিক আছে, আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ। আমার যদি আরো কোনো প্রশ্ন থেকে থাকে, তবে আপনাকে আমি কোথায় খুঁজে পাবো?
ইয়াহুদা: আমি আমার স্ট্রেইট স্ট্রিটের বাসায় থাকবো।





## সূত্র #৩ সামগ্রী (লেসন ৯)

সূত্র হিসেবে এই সামগ্রীগুলো ক্লাসে আনতে হবে: সানগ্লাস।

## সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ৯)

তুরস্কের সদাব্যস্ত তারসুস শহরের একটি দৃশ্য, বর্তমানে সেখানে প্রায় ২ লাখ মানুষ বসবাস করে, ভূমধ্যসাগর থেকে কয়েক মাইল দূরে এটি অবস্থিত (গোপন ইঙ্গিত: তারসুস হচ্ছে সেই শহর যেখান থেকে পল দ্যা এপস্টল এসেছিলেন।)



## সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ৯)

গোপন ইঙ্গিত: রাস্তাটির নাম "স্ট্রেইট" কারণ যীশুখ্রিস্ট সাউলকে সেখানে পাঠিয়েছিলেন এবং সাউলের জন্য একটি বেত পাঠিয়েছিলেন কারণ সে অন্ধ ছিল, যেহেতু সে তার প্রভুর নির্দেশ মেনে চলেছিল।

কেস সমাধান কেস সমাধান

# কেস সমাধান! (লেসন ৯)

## বাইবেলের গল্প (লেসন ৯)

পলের কথোপকথন

**বাইবেল থেকে: শিষ্যচরিত ৯:১-১৯**



যীশুর অনুসারী হওয়ার আগে পল ছিলেন একজন দুষ্টুপ্রকৃতির মানুষ, যারা যীশুকে অনুসরণ করে তিনি তাদের খুব ঘৃণা করতেন। এমনকি তিনি স্বীকার করেছেন, তিনি সবচেয়ে বড় পাপীদের মধ্যে অন্যতম! শুধুমাত্র যীশুকে ভালোবাসার কারণে যেকোনো খ্রিস্টানকে জেলে পাঠানোর ক্ষমতা ছিল পলের।
একদিন, তিনি সিরিয়ার দামেস্কে হাটছিলেন, সেখানে তিনি জেলে পুরে দেয়ার জন্য খ্রিস্টানদের খুঁজছিলেন। হঠাৎ করে সেখানে উজ্জ্বল একটি স্বর্গীয় আলো দেখা দিল এবং পল মাটিতে লুটিয়ে পড়লেন। তিনি একটি কণ্ঠস্বর শুনতে পেলেন, "পল, কেন তুমি আমাকে নির্যাতন করছো?" তিনি জানতে চাইলেন কে তার সঙ্গে কথা বলছেন এবং শীঘ্রই তিনি উত্তর পেলেন, "আমি যীশু যার উপর তুমি নির্যাতন করছো, উঠে দাঁড়াও শহরের ভেতরে যাও"।
পল উঠে দাঁড়ালো, সে বুঝতে পারলো, সে আর কিছু দেখতে পাচ্ছে না! যীশু তাকে অন্ধ করে দিয়েছে! পলের সঙ্গে কিছু বন্ধু ছিল এবং তারা তাকে শহরের মধ্যে নিয়ে গেল। সেখানে যাওয়ার পর তিনি তিনদিন পর্যন্ত আর কোনো খাবার বা পানি গ্রহণ করলেন না। শুধু প্রার্থনা করেই তিনি এই সময়টুকু কাটালেন।

পলের প্রার্থণার পর ঈশ্বর অ্যানানিয়াসের সঙ্গে কথা বললেন। ঈশ্বর চাইলেন, অ্যানানিয়াস পলের অন্ধত্ব দূর করার জন্য প্রার্থনা করুক। অ্যানানিয়াস বিস্মিত হয়ে গেলেন; তিনি জানতেন পল খ্রিস্টানদের জন্য কতটা খারাপ লোক ছিলেন। তিনি ঈশ্বরকে সব বললেন। ঈশ্বর উত্তর দিলেন, তিনি পলকে নির্বাচিত করেছেন ইসরাইলের সব অইহুদিদের জানাতে যে ঈশ্বর তাদের কতটা ভালোবাসেন। নির্দেশ অনুসারে, অ্যানোনিয়াস পলের জন্য প্রার্থনা করতে লাগলেন। অ্যানানিয়াস যখন পলের সঙ্গে প্রার্থনা করলেন পলের অন্ধত্ব দূর হয়ে গেলো। পলের মনও পরিবর্তিত হয়ে গেলো এবং তখনই তিনি খিষ্টধর্মের দীক্ষা নিলেন।

## ব্যবহারিক (লেসন ৯)

আমি আমার শত্রুকে ভালোবাসবো।

## শ্লোক স্মৃতিচারণ (লেসন ৯)

“কিন্তু আমি তোমাদের বলছি, তোমাদের শত্রুদের ভালবাসো৷ যাঁরা তোমাদের প্রতি নির্য়াতন করে তাদের জন্য প্রার্থনা করো” মথি ৫:৪৪

## অ্যাসাইনমেন্ট (লেসন ৯)

তোমার সঙ্গে খারাপ ব্যবহার করেছে এমন কারো জন্য ছোট একটি উপহার ক্রয় করো।

## ঈশ্বরের ডিএনএ (লেসন ৯)




আমরা এই লেসন থেকে কি শিখতে পারলাম? ঈশ্বর তার অস্তিত্ব মানুষের কাছে প্রকাশ করতে চান।



# ফান টাইম! (লেসন ৯)

## গেইম (লেসন ৯)

সাউলের মতো অন্ধ

শিক্ষক শিক্ষার্থীদের চোখ বাধবে, যে অন্য একজন শিক্ষার্থীকে ছোয়ার আগ পর্যন্ত হাটতে থাকবে। অপর শিক্ষার্থীকে ছোঁয়ার সময় তাকে অবশ্যয়ই হালকা শব্দ করতে হবে। চোখ বাধা শিক্ষার্থীকে সেই শব্দ শুনে বলতে হবে সে কাকে ছুঁয়েছে। যেসব শিক্ষার্থী চায় না তাকে চোখ বাধা শিক্ষার্থী ছুঁয়ে ফেলুক তাকে অবশ্যয়ই রুমের মধ্যে নিঃশব্দে ও ধীরে ধীরে চলতে হবে।

প্রিস্কুল- দুইজনের একটি দল বানাও, প্রতিটি দলে একজনের চোখ বাধা থাকবে। একজন চোখ বাধা শিক্ষার্থীর চোখ বেধে দিবে এবং অন্য একজন তাকে ছোট-খাট কিছু বাধা অতিক্রম করতে সাহায্য করবে। শিক্ষক পূর্বেই শ্রেণীকক্ষে বাধাগুলো তৈরি করে রাখবেন।

## আলোচনা (লেসন ৯)

(তুলনামূলক বড় শিক্ষার্থীদের জন্য)

1. মানুষ কিভাবে একে অন্যকে বিচার করে?

মাঝে মাঝে মানুষ অন্যকে বিচার করতে গিয়ে: কানাকানি, হাসাহাসি, সামনে থেকে উঠে চলে আসা, কারো সঙ্গে কথা বলতে অস্বীকৃতি জানানো এসব আচরণ করে থাকে। শিক্ষক হিসেবে আপনার দায়িত্ব হচ্ছে অন্যরা পলকে কিভাবে বিচার করছিলেন, যখন তিনি খিষ্টানদের হত্যা করতে চেয়েছিলেন, এবং ঈশ্বর কিভাবে অনেক ক্ষেত্রে এমন কাউকে মনোনীত করেন যার ওই কাজ করার কথা ছিল না।



2. খ্রিস্টান হিসেবে, আমাদের কোনো শত্রূ থাকা উচিত নয়, এর অর্থ কি, আমার শত্রূকে আমায় ভালোবাসতে হবে?

বাস্তবতার নিরীখে আলোচনা শুরু করুন, বাস্তবে অনেক খ্রিস্টান অ-খ্রিস্টানদের মতোই ঝগড়া বা দ্বন্দ্বে জড়িয়ে পরে, এবং কখনো কখনো তারা আরো বেশি খারাপ আচরণও করে থাকে। নিজেদের মনের কাছে আমাদের মিথ্যা বলা উচিত নয়। আমরাও অন্যকে শত্রু হিসেবে মনে করে থাকি। তাদের সঙ্গে আমরা একসাথে চলতে চাই না, কারণ তাদের কাছ থেকে আমরা আঘাত পেয়েছি, বা যারা আমাদের কাছ থেকে কিছু চুরি করে নিয়ে গেছে। কিন্তু ঐসব মানুষের প্রতি আমাদের ভালোবাসা দেখাতে হবে।


3. ঈশ্বর তোমার সঙ্গে যোগাযোগ করতে চাচ্ছেন, কিন্তু তুমি ঈশ্বরের বাণীতে মনোযোগ দিচ্ছ না, সেক্ষেত্রে ইশ্বর তোমার মনোযোগ আকর্ষণে কি করতে পারেন?

অনেক সময় ঈশ্বর আমাদের মনোযোগ আকর্ষণ করতে নাটকীয় কিছু করে ফেলেন, যেমন- বন্ধুকে হারানো, অন্য শহর বা রাজ্যে পাঠিয়ে দেয়া, পরীক্ষায় খারাপ রেজাল্ট করা, ঘনিষ্ঠ বন্ধুকে দূরে সরিয়ে দেয়া, বা সরু গলিতে কাউকে কান্নারত অবস্থায় পাওয়া। ঈশ্বর আমাদের মনোযোগ আকর্ষণে যেকোনো কিছুই করতে পারেন। কারণ তিনি আমাদের আধ্যাত্মিক ভালোকে শারীরিক ভালোর চেয়ে বেশি গুরুত্ব দেন।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ৯)





## লুকাসের পরীক্ষণ (লেসন ৯)

শিক্ষার্থীদের খেলনা “সেল ফোন” বানাতে বলুন। এক্ষেত্রে দুটি কাপ, দুটি পেপার ক্লিপ, একটি তার প্রয়োজন হবে। কাপ দুটি লম্বা তার দিয়ে যুক্ত করে দিন, এবং রুমের এপার-ওপার থেকে দুইজন শিক্ষার্থীকে কাপ দিয়ে কথা বলতে বলুন। (বিস্তারিত দেখুন ইউটিউবে)
https://www.facebook.com/childrenareimportant/videos/1292377594131954/

# --[ কেস ১০ ]--

## সূত্র! (লেসন ১০)

### সূত্র #১ শিরোনাম (লেসন ১০)

**অচেনা অপপ্রচারকারীর কেস**

### সূত্র #২ নাটক (লেসন ১০)

বর্ণনাকারী: গল্পটি কাল্পনিক কিন্তু নির্দোষদের রক্ষা করার জন্য কিছু নাম ও স্থান গোপন করা হয়েছে।
অপারেটর: এমারজেন্সি সার্ভিস, বলুন কিভাবে আপনাকে জরুরি সেবা দিতে পারি?
ফিনিস: আমি হত্যার হুমকি পেয়েছি।
অপারেটর: কখন এটা ঘটেছে?
ফিনিস: গত রাতে। এটা আমার বাবার কাছে আমার ভাইয়ের পক্ষ থেকে পাঠানো হয়েছে।
অপারেটর: আচ্ছা, বুঝতে পেরেছি, আমার মনে হয়। আপনার ভাই আপনাকে হত্যা করার হুমকি দিয়েছেন?
ফিনিস: না, পুরোপুরি সেটি নয়।
অপারেটর: সে কি তাহলে আপনার ভাই নয়?
ফিনিস: আমি বলতে চাচ্ছি, না, কিন্তু তার অপর অংশ। প্রকৃত অর্থে সে আমাকে খুন করতে যাচ্ছে না।
অপারেটর: ঠিক আছে, তো আপনার অ-ভাই আপনাকে খুব করতে যাচ্ছে?
ফিনিস: হ্যা, ঠিক ধরেছেন।
অপারেটর: আমার মনে হয় না এটি জরুরি কোনো রিপোর্ট স্যার।
ফিনিস: সে বলেছিল, ঈশ্বর চান আমি ও আমার ভাই একই দিনে মৃত্যুবরণ করবো।
অপারেটর: ঈশ্বর চান, আপনি ও আপনার ভাই একই দিনে মৃত্যুবরণ করবেন?
ফিনিস: সঠিক।
অপারেটর: এক সেকেন্ড অপেক্ষা করুন, আমি মনে হয় আপনার কণ্ঠ চিনতে পেরেছি। আমার ধারণা আপনি সেই মোটা ধর্মযাজক যে সব সময় শুধু মাংসের ফালি খেতেন, তাই নয় কি?
ফিনিস: না, আপনি আমাকে আমার ভাই ভেবে ভুল করছেন। আমি পাঁজরের মাংস বেশি পছন্দ করি।
অপারেটর: দেখুন, আমি আপনার প্রতি কঠোর হতে চাই না, কিন্তু তিনি কখনো ভুল বলেছেন এমনটি আমি শুনিনি। পাশাপাশি, আপনি যদি ঈশ্বরের আদেশের বিরুদ্ধে বড় কোনো পাপ করে থাকেন, তবে কে আপনাকে সাহায্য করতে এগিয়ে আসবে?
ফিনিস: ওহ, আপনি আমার প্রতি খুব কঠোর হয়ে গেলে। তাহলে, আপনি কি কোনো অফিসারকে পাঠাবেন বা কিছু করবেন?
অপারেটর: স্যা, আমি দুঃখিত, আপনার জন্য আমরা কিছুই করতে পারছি না। আপনার বাবার সঙ্গে কথা বলার চেষ্টা করুন। জানার চেষ্টা করুন তিনি আপনাকে সাহায্য করতে পারবেন কিনা।
ফিনিস: আচ্ছা, যাই হোক আপনাকে ধন্যবাদ। বিদায়।

## সূত্র #৩ সামগ্রী (লেসন ১০)


সূত্র হিসেবে এই সামগ্রীগুলো ক্লাসে আনতে হবে: এয়ার বাড।

## সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ১০)




এলি ছিলেন ইথামারের বংশোধর, আরোনের পুত্র এবং ইসরাইলের বিচারক ও উচ্চতর যাজক, যখন টেন কমান্ডমেন্ট দ্যা আর্ক অব দ্যা কোভেন্যান্ট শিলোহতে ছিল। (গোপন ইঙ্গিত: বাইবেলের গল্পের স্যামুয়েলের সময় এলি'র মতো উচ্চপর্যায়ের যাজকরা যেমন পোশাক পরতেন।)

## সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ১০)



গোপন ইঙ্গিত: তাবুর ভেতরে: একটি প্রদীপ স্ট্যান্ড, একটি টেবিলের উপর রুটি, ধূয়ার বেদি, পরদা, এবং সিন্দুক। এছাড়াও একটি বালিশ ও কম্বল কারণ স্যামুয়েল মেঝেতে ঘুমিয়েছিল - ১ স্যামুয়েল ৩:৩

কেস সমাধান কেস সমাধান

# কেস সমাধান! (লেসন ১০)

## বাইবেলের গল্প (লেসন ১০)

স্যামুয়েল ঈশ্বরের কথা শুনেছিলেন

**বাইবেল থেকে: ১ স্যামুয়েল ৩:১-১৮**



স্যামুয়েল ছিল একটি বিশেষ বালক; ঈশ্বর তাকে তার কাজের জন্য মনোনীত করেছিলেন। তাকে যাজক এলি তাবুতে লালন-পালন করেছিলেন এবং স্যামুয়েলও তার প্রতি বিশ্বস্ত ছিল। তাই স্যামুয়েলও তার পালকের সব উপদেশ মেনে চলতো। এই সময়ে, ঈশ্বর তার লোকদের সঙ্গে অনেক কম পরিমাণে কথা বলেছেন এবং স্যামুয়েলও ঈশ্বরের কণ্ঠ কখনোই শোনেনি। তাই, ঈশ্বর এক রাতে তার নাম ধরে ডাকলেন, কিন্তু সে মনে করলো এলি তাকে ডাকছে। এলির কোনো সমস্যা হয়েছে ভেবে সে দৌঁড়ে এলির কাছে ছুটে যায়। কিন্তু এলি জানান, তিনি স্যামুয়েলকে

ডাকেননি, এবং তাকে বিছানায় ফিরে যেতে বলেন। স্যামুয়েল যখন ঘুমাতে যাবে, তখন সে আবার তার ধরে কাউকে ডাকতে শুনলো এবং সে আবার এলি ঠিক আছেন কিনা তা দেখতে ছুটে গেল। এলি পুনরায় জানালেন, তিনি তাকে ডাকেননি এবং আবারো তাকে বিছানায় ফিরে যেতে বললেন। স্যামুয়েল বিছানায় ফিরে এসে ঘুম ঘুম ভাব আসার সময় আবারো তার নাম ধরে ডাকতে শুনল, এবং সে আবারো সে দৌড়ে এলি'র কাছে গেলো। কিন্তু এবার এলি'র প্রতিক্রিয়া ছিল ভিন্ন। তিনি স্যামুয়েলকে বললেন, হয়তো বা ঈশ্বরই স্যামুয়েলকে ডাকছেন এবং এমন ঘটনা যদি আবারো ঘটে, তবে তাকে বলতে হবে, "বলুন হে ঈশ্বর, আপনার দাস আপনার কথা শুনতে পাচ্ছে।" তাই আবারো স্যামুয়েল বিছানায় ফিরে এলো এবং তার ঘুমের ভাব চলে এলো, কিন্তু এবারো তার নাম ধরে ডাকাতে তার ঘুম ভেঙে গেলো। সে বিছানার উপর উঠে বসলো এবং বললো, "বলুন হে ঈশ্বর, আপনার দাস আপনার কথা শুনতে পাচ্ছে।" ঈশ্বর স্যামুয়েলকে অনেক বিষয় জানালেন। এর মধ্যে একটি বিষয় হচ্ছে, এলি'র দুই পুত্রের উপর কিভাবে ধ্বংস নেমে আসবে। ঈশ্বর স্যামুয়েলের উদ্দেশ্যে কথা বললেন, এবং স্যামুয়েল তা মনোযোগ সহকারে শুনলেন।

## ব্যবহারিক (লেসন ১০)

ঈশ্বর আমার উদ্দেশ্যে কথা বলবেন, যখন আমি তার কথা মনোযোগ দিয়ে শোনার চেষ্টা করবো।

## শ্লোক স্মৃতিচারণ (লেসন ১০)

"...আর মেষরা তার কন্ঠস্বর শোনে৷ সে তার নিজের মেষগুলিকে নাম ধরে ডাকে আর তাদের বাইরে নিয়ে যায়৷" যোহন ১০:৩খ

## অ্যাসাইনমেন্ট (লেসন ১০)

এই সপ্তাহে, প্রাপ্তবয়স্ক কয়েকজনের সাক্ষাৎকার নাও এবং জানার চেষ্টা করো স্যামুয়েলের মতো কেউ ঈশ্বরের কথা শুনতে পেয়েছে কিনা।
জিজ্ঞাসা করো, "ঈশ্বর কি কখনো আপনার সঙ্গে কথা বলেছেন?" ঈশ্বর কিভাবে আপনার সঙ্গে কথা বলেছেন? আপনি কিভাবে বুঝলেন যে ওই কণ্ঠ ঈশ্বরের ছিল?"

## ঈশ্বরের ডিএনএ (লেসন ১০)




আমরা এই লেসন থেকে কি শিখতে পারলাম? ঈশ্বর মানুষের সঙ্গে যোগাযোগ রাখতে চান।



# ফান টাইম! (লেসন ১০)

## গেইম (লেসন ১০)

শ্রবণের খেলা

শিক্ষার্থীরা ভালো শ্রোতা কিনা এমন প্রশ্ন দিয়ে শিক্ষক ক্লাস শুরু করবেন। যেসব শিক্ষার্থী মনোযোগ দিয়ে ক্লাস করছে না তাদের বের করার জন্য নিচের আইটেমগুলো ব্যবহার করতে পারেন:

- ৩টি আপেল থেকে তুমি যদি ২টি আপেল নাও তবে তোমার কাছে কয়টি আপেল থাকবে? (১টি নয় ২টি... কারণ আপনি নিজেই দুটি আপেল নিয়েছেন।)
- লাফানোর সঙ্গে সঙ্গে আমার সঙ্গে ৫বার পুনরাবৃত্তি করো: হপ, হপ, হপ, হপ, হপ। তুমি সবুজ ট্রাফিক বাতি দেখলে কি করো? ("চালিয়ে যাই" হচ্ছে সঠিক উত্তর, "বন্ধ করা" নয়)
- বিভিন্ন সাউন্ড ইফেক্টের যেমন- হাত তালি, হর্ন, বৃষ্টি ইত্যাদি শব্দ সংবলিত একটি সিডি নিন। (অথবা অনলাইন থেকে শব্দগুলো আপনার মোবাইল ফোনে ডাউনলোড করে নিন।) বাচ্চাদের চোখ বন্ধ করিয়ে সেগুলো একটি একটি করে শোনানে এবং শব্দ চিনতে পারলে তাদের হাত তুলে তা জানাতে বলুন। মোবাইল ফোন দিয়ে শব্দগুলো বাজান, একবার একটি শব্দই বাজান এবং বাচ্চাদের জিজ্ঞাসা করুন শব্দটি তাদের পরিচিত কিনা।

- চারজন করে বাচ্চাদের দলে বিভক্ত করুন, প্রতিটি শিশুকে ১,২,৩,৪ করে নাম্বার দিন। চারটি কমন সামগ্রী একটি টেবিল বা একটি চেয়ারের উপর স্থাপন করুন (যেমন- একটি কয়েন, একটি পেনসিল, একটি পাথর, একটি কাগজ বা খালি র‍্যাপার)। শিক্ষার্থীদের জন্য নিয়মগুলো আগে থেকেই লিখে পড়তে দিতে হবে। উদাহরণসরূপ: “নাম্বার ২, কাগজটি তোলো” “নাম্বার ১ কয়েনটি নাম্বার ৪ কে দাও” “নাম্বার ৩ পেনসিলটি নাম্বার ১ কে দিও না।” এই খেলার উদ্দেশ্য হচ্ছে, শিক্ষার্থীরা মনোযোগ দিয়ে আদেশ-নির্দেশগুলো মেনে চলবে। সবশেষে, দেখুন কার হাতে কোন আইটেম আছে। শিক্ষক চাইলে ভিন্ন বস্তু বা নির্দেশও প্রদাণ করতে পারেন যেমন: গ্রহণ করো, দাও, হাতবদল করো, পাঠিয়ে দাও, তোলো, রেখে দাও, গ্রহণ করো, বিনিময় করো।

## আলোচনা (লেসন ১০)

(তুলনামূলক বড় শিক্ষার্থীদের জন্য)



1. তোমার পেটে দুপুরের খাবারের জন্য আওয়াজ শুরু করলে কিভাবে বুঝবে ঈশ্বর তোমাকে কোনো বার্তা দিতে চাচ্ছেন কিনা?

সব খ্রিস্টানের জানা উচিত, ঈশ্বরের বার্তা আমরা কিভাবে পেতে পারি। বাইবেলের সাহায্যে তুমি কি শুনতে পাচ্ছ তা আগে নিশ্চিত করো, ধর্মগ্রন্থের বিরুদ্ধে যায় এমন কিছু তাকে আছে কিনা তা আগে নিশ্চিত হও। দ্বিতীয়ত, তোমার কর্তৃত্ব যাদের হাতে; অভিভাবক, যাজক, শিক্ষকদের কাছে জিজ্ঞাসা করেও তুমি নিশ্চিত হয়ে নিতে পারো এবং তৃতীয়ত, তুমি তোমার আত্মাকে জিজ্ঞাসা করেও তা সঠিক অনুভব করছো কিনা তা নিশ্চিত হয়ে নিতে পারো।

2. সত্যিই কি ভুত বলে কিছু আছে?


স্যামুয়েলের প্রতি কোনো ভুত নয়, বরং ঈশ্বর নিজেই কথা বলেছিলেন, কিন্তু এই গল্পের মাধ্যমে ভুতের প্রসঙ্গটাও চলে আসে। বাইবেল পরিষ্কার করেই জানিয়ে দিয়েছে, পৃথিবীতে ফেরেশতা ও শয়তানের অস্তিত্ব আছে, এরা এমন অতিমানব সৃষ্টি যা আমরা দেখতে পাই না। ধর্মগ্রন্থের কোথাও উল্লেখ পাওয়া যায় না যেখানে মৃত মানুষের বাড়ির চারপাশে বা অন্য কোনো স্থানে ‘ভুতের মতো’ ঘুরে বেড়ানোর নিদর্শন আছে। সুতরাং, মানুষ বেশিরভাগ সময়ই যখন ভুত দেখেছে বলে দাবি করে, তখন মানুষ অবশ্যয়ই হয় নিজের কল্পনা অথবা শয়তানকে দেখে। আমরা ঈশ্বরের সাহায্যে শয়তানকে দূরে সরিয়ে দিতে পারি, এবং আতঙ্কজনক সব চিন্তা আমাদের ঝেড়ে ফেলা উচিত। সুতরাং খ্রিস্টান হিসেবে, ‘ভুতকে’ ভয় পাবার কিছু নেই। আমরা আমাদের মনকে শান্ত করতে পারি অথবা শয়তানকে দূরে সরিয়ে দিয়ে বলতে পারি, তাদের এখানে কেউ স্বাগত জানাচ্ছে না।


3. আমার কার কথা শোনা উচিত?

এমন কারো কাছ থেকে উপদেশ নিবে না, তুমি যাদের মতো হতে চাও না বা যাদের অর্জনের মতো কিছু তুমি অর্জন করতে চাও না। তুমি কি সঠিক কাজটিই করতে চাও? তাহলে তোমার জানামতে বাইবেলের সঙ্গে না মিললে কারো কথা অনুসরণ করবে না। যারা তোমার চেয়ে আধ্যাত্মিকভাবে এগিয়ে এবং তুমি যাদের পছন্দ করো তাদের অনুসরণ করো।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ১০)



## লুকাসের পরীক্ষণ (লেসন ১০)

রুমের মাঝখানে এক শিক্ষার্থীর চোখ বেধে ক্লাসরুমের বিভিন্ন দিক থেকে আসা ফিসফিস শব্দের দিক নির্ধারণের চেষ্টা করো। চোখ বাধা শিক্ষার্থীর ক্ষেত্রে কিছু পরিবর্তন এনে যেমন এক কান বন্ধ রেখে বা ফিসফিসের পরিবর্তে শিষ বাজিয়ে ভিন্ন পরিস্থিতি তৈরি করো। (বিস্তারিত দেখুন ইউটিউবে)
https://www.facebook.com/childrenareimportant/videos/1292466710789709/

# --[ কেস ১১ ]--

## সূত্র! (লেসন ১১)

### সূত্র #১ শিরোনাম (লেসন ১১)

**চলন্ত মমির কেস**

### সূত্র #২ নাটক (লেসন ১১)



বর্ণনাকারী: গল্পটি কাল্পনিক কিন্তু নির্দোষদের রক্ষা করার জন্য কিছু নাম ও স্থান গোপন করা হয়েছে।
বার্তাবাহক: আমি ফিরে এসেছি।
ম্যারি: তিনি কি বলেছেন?
বার্তাবাহক: সুখবর, তিনি বলেছেন, এই অসুস্থতা মৃত্যুতে শেষ হবে না।
ম্যারি: (কান্নাকাটি শুরু করলেন)
বার্তাবাহক: কি সমস্যা?
ম্যারি: তিনি ইতিমধ্যে মারা গেছেন!
বার্তাবাহক: এটা কিভাবে সম্ভব? তাকে তো এমন মনে হচ্ছিল না।
ম্যারি: আমি বুঝতে পারছি না, তুমি কি নিশ্চিত তিনি বলেছেন, সে মারা যাবে না?
বার্তাবাহক: আমাকে চেক করতে দিন [একটি কাগজের স্লিপ বের করলেন এবং পড়তে শুরু করলেন], হ্যা, তাই তো দেখছি। "এই অসুস্থতা মৃত্যুতে শেষ হবে না।"
ম্যারি: এটা আমাকে দিন [পুরোটা পড়লেন]
বার্তাবাহক: আপনার ক্ষতিতে আমি খুবই মর্মাহত।
ম্যারি: তিনি কি বলেছেন সে আসছে?
বার্তাবাহক: জ্বি।
ম্যারি: আচ্ছা, সে যখন আসবে আমি তখন তার সঙ্গে কথা বলতে যাচ্ছি, কারণ আমি কিছুই বুঝতে পারছি না। [কান্না শুরু করলেন]
বার্তাবাহক: আমাকে কি আর কিছু করতে হবে?
ম্যারি: আমাকে অন্ত্যেষ্টিক্রিয়ার আয়োজন করতে হবে। তুমি কি ফুলের দোকানে গিয়ে কিছু ফুল অর্ডার করতে পারবে, আর এখানেও আমার কিছু সাহায্য দরকার।
বার্তাবাহক: অবশ্যয়ই।

### সূত্র #৩ সামগ্রী (লেসন ১১)

সূত্র হিসেবে এই সামগ্রীগুলো ক্লাসে আনতে হবে: সাদা ব্যান্ডেজ, বা সাদা কাপড়।

## 4 সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ১১)

বর্তমান বেথানির ছবি। (গোপন ইঙ্গিত: যে শহরে লাজারাস বসবাস করতেন।)




## 5 সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ১১)

গোপন ইঙ্গিত: সিল করা সমাধি (অবশ্য খুব দৃঢ়ভাবে নয়), গন্ধ ছিল, কারণ লাজারাসকে ৪ দিন রেখে দেয়া হয়েছিল এবং মেরি ও মার্থা বলেছিলেন যদি সমাধিটি ওঠানো হয়, তবে সেখান থেকে গন্ধ বের হবে।



কেস সমাধান কেস সমাধান

# কেস সমাধান! (লেসন ১১)

## বাইবেলের গল্প (লেসন ১১)

লাজারাস

**বাইবেল থেকে: যোহন ১১:১-৪৪**



যীশু একটি শহর ভ্রমণ করছিলেন, এবং শহরের মানুষের প্রতি তার ভালোবাসা প্রকাশ করছিলেন, এবং তখন তিনি জানতে পারলেন তার অনুসারী লাজারাস অসুস্থ ও মৃত্যুপথযাত্রী। লাজারাসের বোন যীশুর কাছে এসে তাকে তাড়াতাড়ি তার সঙ্গে তার শহরে যেতে অনুরোধ করলেন, যেন যীশু তাকে রক্ষা করতে পারেন। কিন্তু যীশু লাজারাসকে সাহায্য করতে যাওয়ার আগে আরো দুইদিন সেখানে অবস্থান করতে চাইলেন। তিনি তার অনুসারীদের বললেন, লাজারাস ঘুমিয়ে আছে, কিন্তু কেউ তা বুঝতে পারলো না, তারা ভাবলো লাজারাস আসলে মারা গেছে। যীশু ও তার অনুসারীরা লাজারাসের শহরে প্রবেশ করলে, লাজারাসের বোন যীশুর কাছে এলেন এবং জানালেন মাত্র দুদিন আগে আসলে তিনি লাজারাসকে বাঁচাতে পারতেন। যীশু ওই বোনকে জিজ্ঞাসা করলেন, তারা কি বিশ্বাস করে যে তিনিই যীশুখিষ্ট এবং যেকেউ তাকে বিশ্বাস করে সেই চিরন্তন জীবন লাভ করবে। তারা সবাই স্বীকার করলো যে তারা যীশুখিষ্টকে বিশ্বাস করেন, কিন্তু যীশু আসলে কি বোঝাতে চাচ্ছিলেন তা কেউ বুঝতে পারে না। যীশু লেজারাসকে যেখানে কবর দেয়া হয়েছে সেখানে সবাইকে নিয়ে গেলেন। তিনি কবরের ওপরের পাথরকে সরে যাওয়ার নির্দেশ দিলেন। কিন্তু লাজারাসের বোন কেঁদে উঠলেন এবং তা না করতে যীশুর কাছে অনুরোধ করলেন। তিনি জানালেন, লাজারাত ৪দিন হয় মারা

গেছেন, তাই তার কবর উন্মুক্ত করলে সেখান থেকে পঁচা গন্ধ বেরুবে! যীশু তাদের উদ্দেশ্যে বললেন, "আমি কি তোমাদের বলিনি যে, তোমরা যদি আমাকে বিশ্বাস করো, তবে তোমরা ঈশ্বরের মহিমা দেখতে পাবে?" তিনি পাথড়কে সরে দেয়ার আদেশ দিলেন এবং জোরে বললেন, "লাজারাস, বেড়িয়ে আসো!" অতঃপর লাজারাস বেড়িয়ে এলেন, জীবিত অবস্থায়! যীশু তার বন্ধু লাজারাসকে মৃত থেকে জীবিত করলেন!

## ব্যবহারিক (লেসন ১১)

আমার জন্য খারাপ কিছু হয়ে গেলেও ঈশ্বর আমাকে ভালোবাসেন।

## স্মৃতি শ্লোক (লেসন ১১)

"যীশু মার্থাকে বললেন, 'আমিই পুনরুত্থান, আমিই জীবন৷ যে কেউ আমাকে বিশ্বাস করে, সে মরবার পর জীবন ফিরে পাবে;'" যোহন ১১:২৫




## অ্যাসাইনমেন্ট (লেসন ১১)

কাউকে চেনো এমন কারো বিপদে তার ভালোর জন্য কিছু করো।

## ঈশ্বরের ডিএনএ (লেসন ১১)

আমরা এই লেসন থেকে কি শিখতে পারলাম? ঈশ্বর চান মানুষ পুনরুত্থান সম্পর্কে জানুক।



# ফান টাইম! (লেসন ১১)

## গেইম (লেসন ১১)

পিঠে বর্ণমালা আঁকা

শিক্ষক ক্লাসকে জোড়ায় জোড়ায় ভাগ করে দেবেন। প্রত্যেক দলের একজনকে শিক্ষক ডেকে একটি গোপণ বর্ণ দেখাবেন। তবে ওই শিক্ষার্থীকে তার পার্টনারের কাছে সেই বর্ণটি বলা বা কোনো রকম ইঙ্গিত প্রদাণ করার অনুমতি দেয়া হবে না। পার্টনারের কাছে ফিরে যাবার পর শিক্ষক যখন বলবেন, "go" তখন ওই শিক্ষার্থী তার পার্টনারের পিঠে আঙুল দিয়ে ওই বর্ণটি এঁকে দেবেন। পার্টনার বর্ণটি উপলুব্ধি করতে পারলে হাত তুলে সেই বর্ণটি কি তা জানাবে। যদি সঠিক হয়, তবে ওই দলটি একটি পয়েন্ট অর্জন করবে। আর ভুল হলে যতক্ষণ পর্যন্ত না একটি দল সঠিক বর্ণটি অনুধাবন করতে পারছে ততক্ষণ পর্যন্ত খেলা চলতে থাকবে। আর সবচেয়ে বেশি পয়েন্টধারী দলই শেষে বিজয়ী ঘোষিত হবে।

তুলনামূলক বড় শিক্ষার্থীদের ক্ষেত্রে ভিন্নতা।

## আলোচনা (লেসন ১১)

(তুলনামূলক বড় শিক্ষার্থীদের জন্য)

1. তোমার জীবনকে কেন তুমি অন্যায্য বলে মনে করো? ঈশ্বর কিভাবে তোমার জীবনের সমস্যা গুলো দূর করতে পারেন?



আপনার শিক্ষার্থীদের সব মতামতই গ্রহণ করুন, এখানে ভুল উত্তর বলে কিছু নেই। প্রত্যেকের জীবনেই কিছু অন্যায্যতার গল্প থাকে। আপনার শিক্ষার্থীদের ইতিবাচক-নেতিবাচক উভয় দিক নিয়েই আলোচনা করতে উদ্বুদ্ধ করুন, তবে আপনি উভয়ের মধ্যে ভারসাম্য রাখার চেষ্টা করবেন। মথি ১৯:২৯ বলে, পৃথিবীতে যারা ঈশ্বরের জন্য উৎসর্গ করবে তাদের কিভাবে পরের জীবনে সন্তুষ্ট করা হবে। মথি ২০ দেখায়, কিভাবে কর্মীরা ভিন্ন ভিন্ন ঘন্টা কাজ করেও সমান মুজুরি পায়। এসব দৃষ্টান্ত প্রমাণ করে, অবশ্যয়ই পৃথিবীতে জীবন ন্যায্য নয়, এবং তা ভবিষ্যতেও তা ন্যায্য হবে না। আপনার শিক্ষার্থীদের উভয় দিক নিয়েই আলোচনা করতে উদ্বুদ্ধ করুন।

2. আমি কঠোরভাবে প্রার্থনা করলে কি ঘটবে?

ঈশ্বর কোনো ভেন্ডিং মেশিন নন। কোনো কোনো সময় তিনি আমাদের 'না' বা 'এখন না' জানিয়ে দিবেন। ঈশ্বর সর্বদা আমাদের মঙ্গল চান, তা বর্তমানের জন্য যত কঠিনই হোক। ঈশ্বর চান আমরা প্রার্থনা করি, এবং মাঝেমাঝে আমাদের প্রার্থনার উপর তিনি তার সিদ্ধান্ত বদলও করতে পারেন। কিন্তু সব সময়ই আমাদের প্রার্থনার উত্তর দেয়া হবে তেমনটিও নয়।

3. যীশুর প্রতি তোমার কেমন আশা থাকা উচিত?

অনেক সময় খ্রিষ্টানরা সমস্যা-বিহীন জীবন চেয়ে থাকে, তারা মনে করে, যীশু তাদের জীবনকে অনেক সহজ করে দেবে, এবং তারা সব সময়ই সুস্বাস্থ্যের অধিকারী হয়ে থাকবে। দুঃখিত; যীশু বলেছেন, খ্রিষ্টানদের জন্য জীবন হবে কষ্টের, সহজ নয়। শয়তানকে উন্মুক্ত করে দেয়া হয়েছে এবং সে মুক্তভাবে পৃথিবীতে ঘুরে বেড়াচ্ছে, সে আমাদের ধ্বংস করে দিতে চাচ্ছে। আমাদের আশা করা উচিত, কঠিন সময়গুলোতে যীশু আমাদের সহযোগিতা করবেন, এবং আমাদের সঠিক সিদ্ধান্ত গ্রহণেও সাহায্য করবেন; কিন্তু কঠিন সময় দূর করে দেবেন তেমনটি নয়।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ১১)









## লুকাসের পরীক্ষণ (লেসন ১১)

প্রতিটি বাচ্চাকে কপালের ওপর একটি কাগজ ধরে তাতে মার্কার দিয়ে নিজের নাম লিখতে বলুন। পেছন থেকে লেখা খুব কঠিন একটা ব্যাপার। (বিস্তারিত দেখুন ইউটিউবে)
https://www.facebook.com/childrenareimportant/videos/1292550470781333/

# --[ কেস ১২ ]--

## সূত্র! (লেসন ১২)

### 1 সূত্র #১ শিরোনাম (লেসন ১২)

**মিথ্যা ষড়যন্ত্রের কেস**

### 2 সূত্র #২ নাটক (লেসন ১২)

বর্ণনাকারী: গল্পটি কাল্পনিক কিন্তু নির্দোষদের রক্ষা করার জন্য কিছু নাম ও স্থান গোপন করা হয়েছে।
দ্বাররক্ষী: হ্যালো অফিসার, আমি কিভাবে আজ আপনাকে সাহায্য করতে পারি?
গোয়েন্দা: শুভ বিকাল [ব্যাজ খুলে পকেটে রাখলেন] আমি কি আপনাকে কিছু প্রশ্ন করতে পারি?
দ্বাররক্ষী: হ্যা, অবশ্যয়ই।
গোয়েন্দা: আমি খবর পেয়েছি, এই ভবনে আজ দুটি হত্যাকাণ্ডের ঘটনা ঘটেছে।
দ্বাররক্ষী: য়াম, না স্যার, আমি বলবো, ওটা আত্মহত্যা ছিল।
গোয়েন্দা: তুমি নিশ্চিতভাবে কিভাবে একে আত্মহত্যা বলছো? আমি তো নোট রেখে যাওয়ার মতো কোনো প্রমাণ পাইনি। আত্মহত্যার মতো কোনো বৈশিষ্ট্যও আমি পাইনি।
দ্বাররক্ষী: তারা ধোঁকা দেয়ার একটি পরিকল্পনা নিয়েছিল, কিন্তু তা মারাত্মকভাবে ব্যর্থ হয়ে তাদের নিজেদের মৃত্যুর কারণে পরিণত হয়েছে।
গোয়েন্দা: তুমি কোথায় ছিলে?
দ্বাররক্ষী: সব সময়ের মতো, আমার পা দরজার সামনেই ছিল।
গোয়েন্দা: ওই নাটকে কি তোমার কোনো ভূমিকা ছিল?
দ্বাররক্ষী: জ্বি স্যার, আমি ওই দেহদুটি রুমের বাইরে নিয়ে আসি এবং লাশ পরীক্ষকের কাছে পৌঁছে দিই, যিনি সেগুলো মর্গে নিয়ে যান।
গোয়েন্দা: ও আচ্ছা, তাহলে তুমি মৃতদেহ দুটি দেখেছো?
দ্বাররক্ষী: জ্বি স্যার, তারা ছিলেন একজন নারী ও একজন পুরুষ।
গোয়েন্দা: তুমি কখন তাদের বহন করে নিয়ে এসেছিলে, তাদের শরীরে কি কোনো কাটা বা জখমের চিহ্ন ছিল?
দ্বাররক্ষী: জ্বি না স্যার, তাদের সম্পূর্ণ স্বাস্থ্যবান মনে হচ্ছিল, কিন্তু তারা ছিলেন মৃত অবস্থায়।
গোয়েন্দা: আমি অনুমান করছি, তুমি বাইরেরটা দেখে নিশ্চয়ই বুঝতে পারোনি ভেতরে কি ঘটেছিল?
দ্বাররক্ষী: আপনি বলতে পারেন, তারা মজার কিছু মনে করেই কিছু করতে চেয়েছিল। কিন্তু আমি আপনাকে বলতে পারি, রুমে এই রুমে আপনি খুব বেশি মিথ্যুক খুঁজে পাবেন না।
গোয়েন্দা: কি বললে তুমি?
দ্বাররক্ষী: এখানে কোনো মিথ্যুক খুঁজে পাবেন না।
গোয়েন্দা: না, তার আগে।.
দ্বাররক্ষী: ওহ, কেউ বলতে পারবে না ভেতরে কি ঘটেছিল।


## সূত্র #৩ সামগ্রী (লেসন ১২)

সূত্র হিসেবে এই সামগ্রীগুলো ক্লাসে আনতে হবে: কয়েন।




## সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ১২)

জেরুজালেমে সলোমনের স্তম্ভশ্রেনী এখন দেখতে যেমন দেখায়। (গোপন ইঙ্গিত: শিষ্যচরিতের তৃতীয় অধ্যায়ে উল্লেখ করা হয়েছে পিটার সলোমনের স্তম্ভশ্রেনীতে ধর্মপ্রচার করতেন। পিটারের সঙ্গে আনানিয়াস ও সাফিরা শিষ্যচরিতের ৫ অধ্যায়ে বলা হয়েছে, এবং তা এই জায়গার খুব কাছাকাছিই ঘটেছিল।)



## সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ১২)

গোপন ইঙ্গিত: সম্পদ বিক্রি করা থেকে প্রাপ্ত অর্থ (কিন্তু সব অর্থ নয়) এবং নারী ও পুরুষের শরীরের পাশ দিয় অঙ্কিত রেখা। (পুরুষটি আগে পরেছিল তারপর নারী।)

কেস সমাধান কেস সমাধান

# কেস সমাধান! (লেসন ১২)

## বাইবেলের গল্প (লেসন ১২)

অ্যানানিয়াস ও সাফিরা

**বাইবেল থেকে নেয়া: শিষ্যচরিত ৫:১-১১**



যীশুর অনুসারীরা তার মহৎ কর্ম সম্পর্কে আমাদের জানিয়েছেন, ফলে মানুষরা একে অন্যকে সাহায্য করতে আরো বেশি অনুপ্রাণিত হয়েছে। তারা অনেক সময় নিজেদের সব সম্পদ বিক্রি করে দিয়ে দরিদ্রদের সাহায্য করতেও এগিয়ে আসতো। অ্যানানিয়াস ও সাফিরাও তেমনি ছিলেন, তারা মানুষকে সাহায্য করতে চেয়েছিলেন। সৌভাগ্যবশত, অ্যানানিয়াস ও সাফিরার এক টুকরা জমি ছিল, যা তারা বিক্রি করে দিতে চেয়েছিল এবং তা থেকে প্রাপ্ত অর্থ দান করে দিতে চেয়েছিল। অ্যানানিয়াস ও সাফিরা তাদের জমি বিক্রি করার সঙ্গে সঙ্গে তারা অনুসারীদের জমি বিক্রির অর্থের একটি অংশ দিতে চাইলেন, কিন্তু তারা দাবি করলেন, পুরো অর্থই তারা দান করে দিয়েছেন। অ্যানানিয়াস পিটারকে অর্থ বুঝিয়ে দিয়ে খুব সন্তুষ্টি অনুভব করলেন, কিন্তু দৈবক্রমে পিটার জানতে পারলেন যে অ্যানানিয়াস মিথ্যা বলেছেন। তিনি আবারো অ্যানানিয়াসকে জিজ্ঞাসা করলেন, এটাই কি জমি বিক্রির সব অর্থ এবং অ্যানানিয়াস মিথ্যা বললেন যে এটাই সব অর্থ। পিটার প্রশ্ন করলেন, কিভাব শয়তান অ্যানানিয়াসের হৃদয় মন্দ বুদ্ধি দ্বারা ভরে দিলো, যখন সে

ভালো কিছুর উদ্দেশ্যে দান করতে চেয়েছিলেন। ওই জমির মালিকানা অ্যানানিয়াস ও সাফিরার, তাদেরকে এটি বিক্রি করা বা বিক্রি করে এর সব অর্থ দান করার জন্য কেউ বাধ্য করেনি। কিন্তু তারপরও তারা এটি নিয়ে মিথ্যার আশ্রয় নিয়েছিল। এ নিয়ে পিটার তাকে গালমন্দ করলে, অ্যানানিয়াস মাটিতে লুটিয়ে পরে মারা গেলেন! কয়েক ঘন্টা পর সাফিরা এলেন এবং তার স্বামীকে দেখলেন। পিটার তাকে দেখা মাত্র জিজ্ঞাসা করলেন, অ্যানানিয়াস কি জমি বিক্রির সব অর্থ দান করে দিয়েছিলেন কিনা। কিন্তু সাফিরাও তার স্বামীর মতোই মিথ্যা বললেন। পিটার বিস্মিত হলেন, সাফিরাও ঈশ্বরের প্রতি মিথ্যা বললেন, এবং তিনি দুঃখভারাক্রান্ত মেন তাকে জিজ্ঞাসা করলেন, ঈশ্বরকে তিনি এভাবে পরীক্ষায় ফেললেন কেন। সাফিরা তৎক্ষণাৎ জানতে পারলেন তার স্বামী মারা গেছেন, এবং তার স্বামীকে যারা কবর দিয়েছেন তাদের দিকে তাকালেন এবং তৎক্ষণাৎ সেও মারা গেলেন।

## ব্যবহারিক (লেসন ১২)

**ঈশ্বর চান, আমরা সর্বদা সত্য বলি।**

## শ্লোক স্মৃতিচারণ (লেসন ১২)

"পরস্পরের কাছে মিথ্যা বোলো না, কারণ তোমরা তোমাদের পুরানো পাপময় সত্ত্বাকে তার সমস্ত মন্দ কর্ম সমেত ত্যাগ করেছ।" কলসীয় ৩:৯

## অ্যাসাইনমেন্ট (লেসন ১২)

তোমার বলা কোনো একটি মিথ্যা কথা নিয়ে চিন্তা করো। আর কখনো মিথ্যা না বলার সিদ্ধান্ত নাও। ছোট একটি কাগজ নাও, এবং সেই মিথ্যা কথাটি লিখে ফেল। ওই নোটে একটি প্রার্থনা বার্তাও লিখে ফেল, ঈশ্বরের কাছে সাহায্য চাও যেন তোমাকে আর মিথ্যা বলতে না হয়। কাগজটি তোমার বাড়ির বাইরে নিয়ে যাও এবং আগুন দিয়ে পুড়িয়ে দাও।

## ঈশ্বরের ডিএনএ (লেসন ১২)




আমরা এই লেসন থেকে কি শিখতে পারলাম? ঈশ্বর মানুষের মন ও উদ্দেশ্য সম্পর্কে ভালোভাবেই জানেন।



# ফান টাইম! (লেসন ১২)

## গেইম (লেসন ১২)

কারা কয়েন দেয়নি?

শিক্ষক শিক্ষার্থীদের চক্রাকারে বসতে বলবেন, এবং একজনকে পিটার হিসেবে মনোনীত করবেন, যে সবার মাঝখানে বসে থাকবে। একটি ছোট কয়েন এক ছাত্রকে (অ্যানানিয়াস) দেয়া হবে, যা ঘড়ির কাটার অভিমুখে চক্রাকারে একেক জন শিক্ষার্থীদের পেছনে গুজে দেয়া হবে এবং আরো একটি কয়েন আরেক শিক্ষার্থীর কাছে দেয়া হবে (সাফিরা) যা ঘড়ির কাটার বিপরীত অভিমুখে চক্রাকারে একে জন শিক্ষার্থীদের পেছনে গুজে দেয়া হবে। সব বাচ্চারাই কয়েন পাস করার মতো অভিনয় করতে পারে, তাদের হাতে কয়েন থাকুন বৈ না থাকুক। শিক্ষক পিটারকে তার চোখ বন্ধ করতে বলবেন, ওই সময় অন্যান্য শিক্ষার্থীরা কয়েন পাস করতে থাকবে। শিক্ষক পিটারকে চোখ খুলতে বলবেন এবং কার কাছে কয়েনটি আছে তা অনুমান করতে বলবেন। পিটার যতক্ষণ পর্যন্ত না অ্যানানিয়াস বা সাফিরাকে বের করতে না পারবে ততক্ষণ পর্যন্ত এভাবে চলতে থাকবে। কয়েকধারী দুইজনের মধ্যে একজন ধরা পরে গেলে সে পিটার হিসেবে মাঝে এসে বসবে এবং একইভাবে খেলা চলতে থাকবে।

## আলোচনা (লেসন ১২)

(তুলনামূলক বড় শিক্ষার্থীদের জন্য)

1. সবাই কেন স্বর্গে যায় না?

বাইবেলের বর্ণনা অনুযায়ী, সব মানুষই পাপী এবং নরকে যাওয়ার যোগ্য। ঈশ্বর রোবট বানাতে চাননি, তাই তিনি মানুষকে মুক্তভাবে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা দিয়েছেন। ঈশ্বর চান, সবাই যেন পাপমুক্ত হয়, কিন্তু কিছু মানুষ তাদের নিজেদের ইচ্ছামতোই চলতে চায়, তারা ঈশ্বর বা স্বর্গলোকে বিশ্বাস আনতে চায় না।

2. কেন মাঝামাঝি থাকা যথেষ্ট নয়?


প্রথমত, “যথেষ্ট” কোনো ধ্রুব লক্ষ্যবস্তু নয়, এবং তা সর্বদাই পরিবর্তনশীল। দ্বিতীয়ত, যীশু বলেছেন, দরিদ্রতা সব সময় তার সঙ্গে থাকবেন। এবং তৃতীয়ত, আমাদের দানশীল হওয়া মঙ্গলজনক।


3. “সাদা মিথ্যা” বা ছোট পাপ বলতে কি বোঝায়?

উদ্দেশ্য সব সময় খুব গুরুত্বপূর্ণ। তুমি মিথ্যা বলে কারো অনুভূতিতে আঘাত দেয়া থেকে রক্ষা করছো নাকি নিজের পয়সা বাঁচাতে চাচ্ছো সেটা গুরুত্বপূর্ণ। ঈশ্বর ধোঁকা পছন্দ করেন না। মিথ্যা বলার চেয়ে তারা যদি জমি বিক্রি না করতেন সেটাই তাদের জন্য ভালো ছিল।

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ১২)



## লুকাসের পরীক্ষণ (লেসন ১২)

টেবিলের ওপর এক টুকরা কাগজে প্রতিটি ছাত্রকে একটা চিহ্ন আঁকতে বলুন, তারপর ওই শিক্ষার্থীকে ঘুরিয়ে ফেলুন এবং চোখ বন্ধ করে তাড়াতাড়ি সেই চিহ্নের উপর আঘাত করতে বলুন। (বিস্তারিত দেখুন ইউটিউবে)
https://www.facebook.com/childrenareimportant/videos/1292637964105917/

# --[ কেস ১৩ ]--

## সূত্র! (লেসন ১৩)

### সূত্র #১ শিরোনাম (লেসন ১৩)

**অদ্ভূত দুঃস্বপ্নের কেস**

### সূত্র #২ নাটক (লেসন ১৩)

বর্ণনাকারী: গল্পটি কাল্পনিক কিন্তু নির্দোষদের রক্ষা করার জন্য কিছু নাম ও স্থান গোপন করা হয়েছে।
ভ্রমণকারী: আপনি কি কিছু খুঁজছেন?
প্রাইভেট গোয়েন্দা: আমি একজন নিখোঁজ যুবকের তদন্ত করছি। তার উচ্চতা এতটুকু পরিমাণ। তার পরনে ছিল ভিন্ন রকমের একটি জ্যাকেট।
ভ্রমণকারী: ওহ, আমি তাকে দেখেছি, কিছুদিন আগেই সে এখানে এসেছিল।
প্রাইভেট গোয়েন্দা: আপনি কি জানেন সে কোথায় যাচ্ছিল?
ভ্রমণকারী: আমার মনে হয় সে দোথানের পথে যাচ্ছিল।
প্রাইভেট গোয়েন্দা: দোথান কেন?
ভ্রমণকারী: উমম, আমি তার ভাইদের মুখের কথায় শুনেছিলাম যে তারা সেখানে যাচ্ছে, তো যখন সে তাদের খুঁজতে আসলো তখন আমি তাকে জানিয়েছিলাম যে তারা সেখানে গিয়েছে।
প্রাইভেট গোয়েন্দা: আপনি কি আর কিছু শুনেছিলেন?
ভ্রমণকারী: হ্যা, আমি যদি তাদের ভাই হতাম, তবে কখনোই তাদের কাছে যেতাম না। তারা তার বিরুদ্ধে খুব ক্ষুব্ধ অবস্থায় ছিল।
প্রাইভেট গোয়েন্দা: আমার কৌতুহল জাগছে, আপনি কি বলতে পারবেন কেন?
ভ্রমণকারী: উমম, আমার মনে হয়েছে, সে তাদের খারাপ আচরণের কথা তাদের বাবার কাছে সে বলে দিয়েছিল, তারপর তারা কম শব্দে আরো কিছু বলেছিল, যা আমি শুনতে পারিনি।
প্রাইভেট গোয়েন্দা: আপনি কি এটা শোনেননি, নাকি আপনি শুনতে চাননি?
ভ্রমণকারী: আমি ভাঙা স্বরে কিছু শব্দ শুনতে পেয়েছি, কিন্তু তা থেকে আমি কিছু বুঝতে পারিনি, তবে তারা সবাই বেশ উত্তেজিত ছিল। ড্যান বেনের চেয়ে ভয়ংকরভাবে মাথা গরম অবস্থায় ছিল, আমার মনে হয় এটা তার নাম।
প্রাইভেট গোয়েন্দা: আর তার ভাইয়েরা কোথায় গিয়েছে আপনি তাকে তা জানিয়েছেন?
ভ্রমণকারী: আমার মনে হয়েছিল, তারা যে সময়ে দোথানে পৌঁছেছে তার মধ্যে তাদের মাথা ঠাণ্ডা হয়ে গেছে, ফলে এখন সেখানে যাওয়া নিরাপদ হওয়ার কথা।
প্রাইভেট গোয়েন্দা: আমি কিন্তু সে বিষয়ে নিশ্চিত হতে পারছি না।
ভ্রমণকারী: কেন, কিছু কি ঘটেছে?
প্রাইভেট গোয়েন্দা: হ্যা, সে নিখোঁজ এবং ধারণা করা হচ্ছে সে নিহত হয়েছে। সে নিখোঁজ হওয়ার আগেই তার বাবা আমাকে নিয়োগ দিয়েছেন, আমি এখন তার লাশ খুঁজছি।
ভ্রমণকারী: ওহ, বেচারা, তাকে দেখে মনে হচ্ছিল সে কিছু হারিয়ে ফেলেছে। আমি তাকে সাহায্য করতে চেয়েছিলাম। কিন্তু এখন তার কি হলো কে জানে!

## 3 সূত্র #৩ সামগ্রী (লেসন ১৩)


সূত্র হিসেবে এই সামগ্রীগুলো ক্লাসে আনতে হবে: বালিশ।




## 4 সূত্র #৪ প্রত্নতত্ত্ব (লেসন ১৩)

পৃথিবীতে অনেক জায়গা আছে যেখানে গম হাতেই রোপন করা হয়। (গোপন ইঙ্গিত: জোসেফের স্বপ্নে গমের যে আটি নুয়ে পড়েছিল, তা দেখতে অনেকটা এমনই ছিল।)

## 5 সূত্র #৫ বাইবেল স্থল (লেসন ১৩)



গোপন ইঙ্গিত: জোসেফের স্বপ্ন; সূর্য তার পিতা, চাঁদ তার মাতা, ১০টি তারা তার ভাইয়েরা।

কেস সমাধান কেস সমাধান

# কেস সমাধান! (লেসন ১৩)

## বাইবেলের গল্প (লেসন ১৩)

জোসেফ ও তার স্বপ্ন

**বাইবেল থেকে: জেনেসিস ৩৭:১-১১**



জোসেফ ছিলেন জ্যাকব নামের এক মেষপালকের সবচেয়ে ছোট ছেলে। তার বড় ভাইরা তাকে ঘৃণা করতো কারণ, তাদের বাবা অন্যদের চেয়ে তাকে বেশি ভালোবাসতেন। এর কারণ, জোসেফের জন্ম হয় জ্যাকবের বৃদ্ধ বয়সে। তাই তিনি মনে করেছিলেন, জোসেফ তার জন্য বিশেষ আশীর্বাদ, সুতরাং তার প্রতি তার ভালোবাসার পরিমাণটাও ছিল বেশি। তাছাড়াও জোসেফ ছিল জ্যাকবের সবচেয়ে প্রিয় স্ত্রীর সন্তান। জ্যাকব জোসেফের জন্য একটি মূল্যবান কোট বানিয়ে দিয়েছিলেন, এবং এতে তার ভাইরা এতোই ক্ষুব্ধ হয়েছিল যে তার প্রতি ভালোভাবে কথা বলাই তারা বন্ধ করে দিয়েছিল। তখন ঈশ্বর জোসেফকে দুটি ভিন্ন স্বপ্ন দেখালেন। প্রথমটিতে একটি মাঠে সে ও তার ভাইরা সষ্যের আঁটি বাধছিলেন। হঠাৎ করেই তার আঁটিটি উঠে দাঁড়ালো এবং তার ভাইদের আঁটিটি তার আঁটির সামনে নুয়ে পড়লো। দ্বিতীয় স্বপ্নটি ছিল সূর্য, চাঁদ ও তারাদের নিয়ে। তার বাবা ছিলেন সূর্য, তার মা চাঁদ এবং তার ভাইয়েরা তারা এবং তারা সবাই তার সামনে মাথা নত করে আছে। সে তার স্বপ্ন দুটির কথা তার ভাইদের ও বাবাকে বলেছিল, তারা সবাই তার ওপর রেগে গিয়েছিল। ভাইরা এটা কোনোভাবেই মেনে নিতে পারছিল না যে, যে ভাইকে তারা সহ্যই করতে পারে না, তার সামনে তারা কিভাবে মাথা নত করবে। জ্যাকবও তার প্রিয় ছেলেকে

গালমন্দ করলো তিনিও এটা মানতে পারলেন না যে, তিনি ও তার স্ত্রী ছেলের কাছে মাথা নত করবেন। কিন্তু জ্যাকব এটা মনের ভেতরে গেঁথে নিয়েছিলেন। অনেক বছর পর সব স্বপ্নই সত্যি হয়েছে, এবং ঈশ্বর জোসেফকে মিসরের নেতা হিসেবে মনোনীত করেছেন, যিনি বহু লোককে ভয়াভহ দুর্ভিক্ষ থেকে রক্ষা করেছেন।

## ব্যবহারিক (লেসন ১৩)

আমি জানি, ঈশ্বর আমার বন্ধু ও পরিবারকে ভিন্ন ভিন্ন উপহার দিয়েছেন।

## শ্লোক স্মৃতিচারণ (লেসন ১৩)

"কিন্তু ঈশ্বর যেমনটি চেয়েছেন সেইভাবে দেহের সমস্ত অংশগুলিকে সাজিয়েছেন৷ তা না হয়ে সব অঙ্গগুলি যদি একরকম হত তবে দেহ বলে কি কিছু থাকত?"। করিন্থীয় ১২:১৮-১৯

## অ্যাসাইনমেন্ট (লেসন ১৩)

তিনজন ব্যক্তির একটি তালিকা তৈরি করো, যেখানে ঈশ্বর তাদের ভিন্ন ভিন্ন প্রতিভা, সক্ষমতা ও শক্তি উপহার দিয়েছেন, তা তোমার চেয়ে ভিন্ন। ঈশ্বরের কাছে সাহায্য চাও কিন্তু অন্যকে দেয়া উপহার নিয়ে ঈর্ষান্বিত হয়ো না।

## ঈশ্বরের ডিএনএ (লেসন ১৩)




আমরা এই লেসন থেকে কি শিখতে পারলাম? কোনো কোনো সময় ঈশ্বর মানুষকে তার ভবিষ্যত পরিকল্পনা দেখান।



# ফান টাইম! (লেসন ১৩)

## গেইম (লেসন ১৩)

স্বপ্নের খেলা

শিক্ষক ক্লাসকে দুইভাবে বিভক্ত করবেন: শষ্য আঁটি এবং তারা। শিক্ষক ক্লাসরুমের এক পাশে একটি সেফটি লাইন নির্ধারণ করে দেবেন, যেখানে শিক্ষার্থীদের ছোঁয়ার আগেই তারা দৌড়ে নিরাপদ আশ্রয় পেতে পারে। শিক্ষক গল্প বলবেন এবং যখন তাদের শব্দটি শুনতে পারে (উদাহরণ: শষ্য বা তারা ) তারা সেফটিতে দৌড়ে পালিয়ে যাবে। অন্য দল তখন এই দলের শিক্ষার্থীদের সেফটিতে যাওয়ার আগেই ছুঁয়ে ফেলতে চাইবে। যেসব শিক্ষার্থীদের ছুঁয়ে ফেলা হবে, তারা অপর দলে যোগ দিবে। ১৫ মিনিট পর যে দলে সবচেয়ে বেশি সংখ্যক খেলোয়ার থাকবে, তারাই জিতবে। বাইবেলের গল্পের স্মরণে পরাজিত দল বিজয়ী দলের কাছে মাথা নত করবে।

## আলোচনা (লেসন ১৩)

(তুলনামূলক বড় শিক্ষার্থীদের জন্য)

1. ঈশ্বরের কথা কি অন্যদের কাছে আমার বলা উচিত?



খ্রিস্টানদের সবসময় প্রস্তুত থাকতে হবে, অন্যকে ঈশ্বরের গল্প শোনাবার জন্য। পিতর ৩:১৫ তে উল্লিখিত, "তোমাদের সবার যে প্রত্যাশা আছে সেই বিষয়ে তোমাদের যখন কেউ জিজ্ঞাসা করে তখন তার যথাযথ জবাব দিতে তোমরা সব সময় প্রস্তুত থেকো৷" মথি ২৮:১৮-২০ বলে, বিশ্বজুড়ে ঈশ্বরের বাণী প্রচার করতে। এই কাজে আমরা যে একাকী করে যাবো তা নয়, ঈশ্বরই এই কাজে আমাদের সাহায্য করবেন। শিষ্যচরিত ১:৮ ঈশ্বর তার স্বাক্ষী হওয়ার ক্ষমতা প্রদাণ করবেন। কিছু মানুষ অন্যকে বলবে, কারণ এটাই তাদের কাছে বিশেষ উপহার (এফেসীয় ৪:১১ এ ধর্মপ্রচারকের প্রতি উপহার গুলোর তালিকা দেয়া আছে।) তবে শিক্ষার্থীদের জন্য স্কুল, প্রতিবেশী বা প্রতিটি মানুষের কাছে ঈশ্বরের বাণী পৌঁছে দেয়া বা ধর্মপ্রচারের দায়িত্ব অর্পিত হয়নি। যাই হোক, আমাদের প্রত্যেকেরই উচিত ঈশ্বরের কথা অন্যদের সঙ্গে শেয়ার করা।

2. তোমার বন্ধুরা তোমার সঙ্গে কেমন আচরণ করে? ঈশ্বরের পক্ষ থেকে "টুইট" কেমন হতে পারে?


বন্ধুদের সঙ্গে আমরা ফেইসবুক, চ্যাট, টুইটার, মোবাইল ফোন, মুখোমুখি এবং আরো বিভিন্ন উপায়ে যোগাযোগ করি। তোমার প্রতি ঈশ্বরে বার্তা পাবলিক নাকি প্রাইভেট? ঈশ্বর কখনো কখনো আমাদের বলেন “যাও” আবার কখনো কখনো আমাদের বলেন “অপেক্ষা করো” এবং সাহায্য করেন। কখনো কখনো তিনি আমাদের একটি শব্দের মাধ্যমেই পথ দেখান। আমরা যদি ঈশ্বরের পুরো “টুইটের” অর্থ নাও বুঝি থাকি, তাহলেও আমাদের তার নির্দেশ মেনে চলতে হবে।


3. স্বপ্নের বিশ্বাসযোগ্যতা কতটুকু? মানুষ ভবিষ্যতবক্তাদের কেন অর্থ দেয়, স্বপ্নের অর্থ বলে দেয়ার জন্য? শিশুরা প্রতিদিন সকালেই তাদের স্বপ্ন নিয়ে কথা বলতে পছন্দ করে। কিছু সময় সবার সঙ্গে শেয়ার করার পর তারা বুঝতে পারে, তাদের স্বপ্নের কোনো অর্থ নেই, অধিকাংশ ক্ষেত্রেই সেগুলো অবাস্তব, আর তা অনেকটা টিভি শো বা মুভি দেখে অনুপ্রাণিত।

তবে কিছুকিছু সময় ঈশ্বর স্বপ্ন দেখান, যা খুবই দুর্লভ। কখনো কখনো ঈশ্বর আমাদের সঙ্গে স্বপ্নে কথা বলেন, কিন্তু আমরা তার সঠিক তথ্য উদ্ঘাটন করতে পারি না। ভবিষ্যতবক্তাদের বিশ্বাস করতে নেই। দ্বিতীয় বিবরণ ১৮:১০-১২ “ঐ সমস্ত কাজ যারা করে, সেইসব লোকদের প্রভু, তোমাদের ঈশ্বর, ঘৃণা করেন...” ঈশ্বর ভবিষ্যতবক্তাদের সম্পর্কে মানুষকে সতর্ক করেছেন, কারণ তিনি জানেন মানুষ ভবিষ্যতের জন্য ঈশ্বরকে বিশ্বাস না কলে আগে থেকেই কি ঘটতে যাচ্ছে তা জানার চেষ্টায় নেমে পরবে। তিনি চান মানুষ যেন তার ওপর আস্থা রাখে!

## শিক্ষার্থীদের পৃষ্ঠার উত্তর (লেসন ১৩)





## লুকাসের পরীক্ষণ (লেসন ১৩)

এক পা তুলে এবং ঘড়ির কাটার অভিমুখে রেখে শিক্ষার্থীদের একটি কাগজে তাদের নিজের নাম লিখতে দিন। (বিস্তারিত দেখুন ইউটিউবে)

https://www.facebook.com/childrenareimportant/videos/1293723920663988/